বহু বিবাহ

রহিত হওয়া উচিত কি না

এেতদ্বিষয়ক বিচার



🕮 ঈশ্বর চন্দ্র বিদ্যা সাগর প্রণীত।

দ্বিতীয় সংক্ষরণ।





সংকৃত যন্ত্রে মুদ্রিত।

मर्वर ३७२४।

Printed by Pitambara vandyopadhyaya at the sanskrit Prints no. 62, amnerst street, calcutta 1871

বিজ্ঞাপন

এ দেশে বহুবিবাহপ্রথা প্রচলিত থাকাতে, স্ত্রীজাতির ষৎপরোনাস্তি ক্লেশ ও সমাজের বহুবিধ অনিষ্ট হইতেছে। রাজশাসন ব্যতিরেকে, সেই ক্লেশের ও সেই অনিষ্টের নিবারণ সন্তাবনা নাই। এজন্য, দেশস্থলোকে, সময়ে সময়ে, এই কুৎসিত প্রথার নিবারণপ্রার্থনায়, রাজদ্বারে আবেদন করিয়া পাকেন। প্রাথমতঃ, ১৬ বৎসর পূর্কে, জ্রীয়ুত বারু কিশোরীচাঁদ মিত্র মহাশয়ের উদেয়াগে, বন্ধুবর্গসমবায়নামক শভা হইতে ভারতবর্ষীয় ব্যবস্থাপক সমাজে এক আবেদনপত্র প্রদত্ত হয়। বহুবিবাহ শাস্ত্রসন্মত কার্য্য, তাহা রহিত হইলে হিম্মুদিদের ধর্মলোপ ছইবেক, অতএব এ বিষয়ে গবর্ণমেন্টের হস্তক্ষেপ করা বিধেয় নহে, এই মর্ঘে প্রতিকূল পক্ষ হইতেও এক আবেদনপত্র প্রদন্ত হইয়াছিল। ঐ সময়ে, এই হুই আবেদনপত্রপ্রদান ভিন্ন, এ বিষয়ের অন্য কোনও অনুষ্ঠান দেখিতে পাওয়া যায় নাই।

ৃ ২। ছুই বৎসর অতীত হইলে, বৰ্দ্ধমান, নবন্ধীপ, দিনাজপুর, নাটোর, দিঘাপতি প্রভৃতি স্থানের রাজারা ও দেশস্থ প্রায় যাবতীয় প্রধান লোকে, বহুবিবাছনিবারণপ্রার্থনায়, ব্যবস্থাপক সমাজে আবেদনপত্র প্রদান করেন। এই সময়ে, দেশস্থ লোকে এ বিষয়ে একমত হইয়াছিলেন, বলা যাইতে পারে। কারণ, নিবারণপ্রার্থনায় প্রায় সকল স্থান হইতেই আবেদন-পত্র আসিয়াছিল, তদ্বিষয়ে প্রতিকূলকথা কোনও পক্ষ হইতে উচ্চারিত হয় নাই। লোকান্তরবাসী সুপ্রাসদ্ধ বারু রমাপ্রসাদ রায় মহাশয়, এই সময়ে, এই কুৎসিত প্রথার নিবারণবিষয়ে যেরূপ যজুবান্ হইয়াছিলেন, এবং নিরতিশয় উৎসাহসহকারে অশেষপ্রকারে যেরূপ পরিশ্রম করিয়াছিলেন, তাহাতে তাঁহাকে দহস্র সাধুবাদ প্রদান করিতে হয়। ব্যবস্থাপক সমাজ বহুবিবাহনিবারণী ব্যবস্থা বিধিবদ্ধ করিবেন, সে বিষয়ে সম্পূর্ণ আখাস জন্মিয়াছিল। কিন্তু, এই হতভাগ্য দেশের হুর্ভাগ্যক্রমে, সেই সময়ে রাজবিদ্রোহ উপস্থিত হইল। রাজপুরুষেরা বিদ্রোহনিবারণবিষয়ে সম্পূর্ণ ব্যাপৃত হইলেন; বহুবিবাহনিবারণবিষয়ে আর তাঁহাদের মনোযোগ দিবার অবকাশ রহিল না।

০। এইরপে এই মহোদেয়াগ বিকল হইয়া যায়। তৎ-পরে, বারাণদীনিবাদী অধুনা লোকান্তরবাদী রাজা দেবনারায়ণ দিংহ মহোদয় বহুবিবাহ নিবায়ণবিষয়ে অত্যন্ত উৎদাহী ও উদেয়াগী হইয়াছিলেন। এই দময়ে, উদায়চরিত রাজাবাহাছয় ভারতবর্ষীয় ব্যবস্থাপক দমাজের সভ্য ছিলেন। তিনি নিজে দমাজে এ বিষয়ের উত্থাপন করিবেন, স্থির করিয়াছিলেন। তদমুদারে তদ্বিয়য়ক উদেয়াগও হইতেছিল। কিন্তু, আক্ষেপের বিষয় এই, ভাঁহার ব্যবস্থাপক দমাজে উপ্রেশন করিবার দময় অতীত হইয়া গেল; স্তরাং,

তথায় তাঁহার অভিপ্রেত বিষয়ের উপ্লাপন করিবার স্থযোগ রহিল না।

৪। পাঁচ বৎসর অতিক্রান্ত হইল, পুনরায় বহুবিবাহনিবারণের উদ্যোগ হয়। ঐ সময়ে, বর্দ্ধমান, নবদ্বীপ
প্রভৃতির রাজা, দেশের অন্যান্য ভূম্যধিকারিগণ, তদ্যতিরিক্ত
অনেকানেক প্রধান মন্ত্রম্য, এবং বহুসংখ্যক সাধারণ লোক,
একমতাবলম্বী হইয়া, এ দেশের তৎকালীন লেপ্টেনেন্ট
গবর্ণর শ্রীযুত সর সিসিল বীডন মহোদয়ের নিকট আবেদনপত্র প্রদান করেন। মহামতি সর সিসিল বীডন, আবেদনপত্র
পাইয়া, এ বিষয়ে বিলক্ষণ অনুরাগ প্রকাশ ও অনুকূল বাক্য
প্রয়োগ করিয়াছিলেন; এবং যাহাতে বহুবিবাহনিবারণী
ব্যবস্থা বিধিবদ্ধ হয়, তহুপযোগী উদ্যোগও দেখিতেছিলেন।
কিন্তু, উপরিস্থ কর্ত্পক্ষের অনভিপ্রায় বশতঃ, অথবা কি
হেতু বশতঃ বলিতে পারা যায় না, তিনি এতদ্বিষয়ক উদ্যোগ
হইতে বিরত হইলেন।

ছিল না। এই হুই কারণ বশতঃ, পুস্তক এত দিন অৰ্দ্ধমুদ্রিত অবস্থায় কালযাপন করিতেছিল।

৬। সম্প্রতি শুনিতেছি, কলিকাতাস্থ সনাতনধর্মরক্ষিণী সভা বহুবিবাহনিবারণবিষয়ে বিলক্ষণ উদ্যোগী হইয়াছেন; তাঁহাদের নিতান্ত ইচ্ছা, এই অতিজ্ঞঘন্য, অতিনৃশংস প্রথা রহিত হইয়া যায়। এই প্রথা নিবারিত হইলে, শাস্ত্রের অবমাননা ও ধর্মের ব্যতিক্রম ঘটিবেক কি না, এই আশঙ্কার অপনয়নার্থে, সভার অধ্যক্ষ মহাশয়েরা ধর্মাশান্তব্যবসায়ী প্রধান প্রধান পণ্ডিতের মত গ্রহণ করিতেছেন, এবং রাজদ্বারে আবেদন করিবার অপরাপর উদ্যোগ দেখিতেছেন। তাঁহারা, সদভিপ্রায়প্রণোদিত হইয়া, যে অতি মহৎ দেশ-হিতকর ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছেন, হয়ত সে বিষয়ে তাঁহাদের কিছু আমুকুল্য হইতে পারিবেক, এই ভাবিয়া, আমি পুস্তুক মুদ্রিত ও প্রচারিত করিলাম।

৭। শেষবারের উদেষাগের সময়, কেছ কেছ কহিয়াছিলেন, রাজপুরুষেরা পরামর্শ দিয়া, কোনও ব্যক্তিকে এ
বিষয়ে প্রবৃত্ত করিয়াছেন, তাহাতেই বহুবিবাহনিবারণপ্রার্থনায় আবেদনপত্র প্রদত্ত হইয়াছে। কেছ কেছ কহিয়াছিলেন, যাহাদের উদেষাগে আবেদনপত্র প্রদত্ত হইয়াছে;
তাহারা হিন্দুধর্মাছেয়ী, হিন্দুধর্মা লোপ করিবার অভিপ্রায়ে
এই উদেষাগ করিয়াছে। কিন্তু, সনাতনধর্মরক্ষিণী সভার
এই উদেষাগে তাদৃশ অপবাদপ্রবর্ত্তনের অনুমাত্র সম্ভাবনা
নাই। যাহাতে এ দেশে হিন্দুধর্মের রক্ষা হয়, সেই উদ্দেশে

সনাতনধর্মরকিনী সভা সংস্থাপিত হেইরাছে। ঈদৃশ সভার অধ্যক্ষেরা, রাজপুরুষদিণের উপদেশের বশবর্তী হইরা, হিন্দুধর্ম লোপের জন্য, এই উদ্যোগ করিয়াছেন, নিতান্ত নির্মোধ ও নিতান্ত অনভিজ্ঞ না হইলে, কেছ এরপ কহিতে পারিবেন না। তবে, প্রস্তাবিত দেশছিতকর বিষয়মাত্রে প্রতিপক্ষতা করা যাঁহাদের অভ্যান ও ব্যবসায়, তাঁহারা কোনও মতে কান্ত থাকিতে পারিবেন না। তাঁহারা, এরপ সময়ে, উন্মত্তের ন্যায় বিক্পিপ্রচিত্ত হইয়া উঠেন; এবং, যাহাতে প্রস্তাবিত বিষয়ের ব্যাঘাত ঘটে, স্বতঃ পরতঃ সে চেফার ক্রটি করেন না। ঈদৃশ ব্যক্তিরা সামাজিক দোষসংশোধনের বিষম বিপক্ষ। তাঁহাদের অন্তুত প্রকৃতি ও অন্তুত চরিত্র; নিজেও কিছু করিবেন না, অন্যকেও কিছু করিতে দিবেন না। তাঁহারা চিরজীবী হউন।

- ৮। এ বিষয়ে যেরপ ব্যবস্থা বিধিবদ্ধ হওয়া আবশ্যক, রাজা দেবনারায়ণ দিংহ মহোদয়ের উদেঘাগের সময়, তাহার পাণ্ডলেখ্য প্রস্তুত হইয়াছিল। ঐ পাণ্ডলেখ্য, বিধিবদ্ধ হইয়া, এতংপ্রদেশীয় হিন্দুসমাজের বহুবিবাছবিষয়ক ব্যবস্থারূপে প্রবর্তিত হইলে, দেশের ও সমাজের মঙ্গল ভিন্ন, কোনও প্রকার অমঙ্গল বা অসুবিধা ঘটিতে পারে, এরপ বোধ হয় না। পাণ্ডলেখ্য পুস্তুকের পরিশিষ্টে মুদ্রিত হইল।
- ্ ৯। শ্বরিশেষে, সনাতনধর্ম্মরক্ষিণী সভার নিকট প্রার্থনা এই, যখন তাঁহারা এ বিষয়ে হস্তক্ষেপ করিয়াছেন, সবিশৈষ, যত্ন ও যথোচিত চেক্টা না করিয়া যেন ক্ষান্ত না হয়েন।

তাঁহারা ক্লতকার্য্য হইতে পারিলে, দেশের ও সমাজের যে, যার পর নাই, হিতসাধন হইবেক, তাহা বলা বাহুল্যমাত্র; সেরপ সংক্ষার না জন্মিলে, তাঁহারা কদাচ এ বিষয়ে প্রবৃত্ত হইতেন না। বহুবিবাহপ্রথা প্রচলিত থাকাতে, সমাজে যে মহীয়সী অনিষ্টপরশারা ঘটিতেছে, তদ্দর্শনে তদীয় অন্তঃকরণে বহুবিবাহবিষয়ে দ্বণা ও দ্বেষ জন্মিয়াছে; সেই দ্বণা প্রযুক্ত, সেই দ্বেষ বশতঃ, তাঁহারা তন্ধিবারণবিষয়ে উদ্যোগী হইয়াছেন, তাহার সংশয় নাই।

ত্রীঈশ্বচন্দ্র শর্মা

काशीयूत्र अस्य आवा। मध्य १००१।

বহুবিবাহ

জ্ঞীজাতি অপেক্ষাকৃত হুর্মল ও সামাজিকনিয়মদোবে পুরুষজাতির নিতান্ত অধীন। এই হুর্বলতা ও অধীনতা নিবন্ধন, তাঁহারা পুৰুষ-জাতির নিকট অবনত ও অপদস্থ হইয়া কালহরণ করিতেছেন। প্রভুতা-পন্ন প্রবল পুরুষজাতি, যদৃচ্ছাপ্রবৃত্ত হইয়া, অত্যাচার ও অন্যায়াচরণ করিয়া থাকেন, তাঁহারা নিতান্ত নিৰুপায় হইয়া, সেই সমস্ত সহু করিয়া জীবনযাত্র। সমাধান করেন। পৃথিবীর প্রায় সর্ব্ব প্রদেশেই ন্ত্রীজাতির ঈদৃশী অবস্থা। কিন্তু, এই হতভাগ্য দেশে, পুরুষজাতির নুশংসতা, স্বার্থপরতা, অবিষ্শ্যকারিতা প্রভৃতি দোকে আতিশয্য বশৃতঃ, ক্লীজাতির যে অবস্থা ঘটিয়াছে, তাহা অম্বত্ত কুত্রাপি লক্ষিত হয় না। অত্তত্য পুৰুষজাতি, কতিপয় অতিগহিত প্ৰথার নিতান্ত বশবর্ত্তী হইয়া, হতভাগা স্ত্রীজাতিকে অশেষবিধ যাতনাপ্রদান করিয়া আদিতেছেন। তন্মধ্যে বহুবিবাহপ্রাথা একণে দর্বাপেকা অধিকতর অনিউকর হইয়া-উঠিয়াছে। এই অতিজ্বস্থ অতিনৃশংস প্রথা প্রচলিত থাকাতে, দ্রীজাতির হুরবস্থার ইয়তা নাই। এই প্রথার প্রবলতা প্রযুক্ত, তাঁহাদিগকে যে সমস্ত ক্লেশ ও যাতনা ভোগ করিতে হইতেছে, তৎসমুদায় আলোচনা করিয়া দেখিলে, হৃদয় বিদীর্ণ হইয়া যায়। ফলভুঃ, এতমূলক অত্যাচার এত অধিক ও এত অসম্ব হইয়া উঠিয়াছে যে

যাঁহাদের কিঞ্চিন্মাত্র হিতাহিতবাধ ও সদসন্ধিবেকশক্তি আছে, তাদৃশ ব্যক্তিমাত্রেই এই প্রথার বিষম বিদ্বেষী হইয়া উঠিয়াছেন। তাঁহাদের আন্তরিক ইচ্ছা, এই প্রথা এই দণ্ডে রহিত হইয়া যায়। অধুনা এ দেশের যেরপ অবস্থা ঘটিয়াছে, তাহাতে রাজশাসন ব্যতিরেকে, ঈদৃশ দেশব্যাপক দোষ নিবারণের উপায়ান্তর নাই। এজন্ম, অনেকে উন্থাক্ত হইয়া, অশেষদোষাস্পদ বহুবিবাহপ্রথা নিবারণের নিমিত্ত, রাজদারে আবেদন করিয়াছেন। এ বিষয়ে কোনও কোনও পক্ষ হইতে আপত্তি উত্থাপিত হইতেছে। যথাশক্তি সেই সকল আপত্তির উত্তর প্রদানে প্রবৃত্ত হইতেছি।

প্রথম আপত্তি।

এরপ কতগুলি লোক আছেন যে বহুবিবাহপ্রাথার দোষকীর্ত্তন বা নিবারণকথার উষ্ধাপন হইলে, তাঁহারা খজাহন্ত হইয়া উঠেন। তাঁহাদের এরপ সংস্কার আছে, বহুবিবাহকাও শাস্ত্রানুমত ও ধর্মানুগত ব্যাপার। ফাঁছারা এ বিষয়ে বিরাগ বা বিদ্বেষ প্রদর্শন করেন, তাঁহাদের মতে তাদৃশ ব্যক্তি সকল শান্তকোহী ধর্মদেমী নাস্তিক ও নরাধম বলিয়া পরিগণিত। তাঁহারা সিদ্ধান্ত করিয়া রাখিয়াছেন, বভবিবাহপ্রথা নিবারিত হইলে, শান্তের অবমাননা ও ধর্মলোপ ঘটিবেক। তাঁহারা শাস্ত্র ও ধর্মের দোহাই দিয়া বিবাদ ও বাদাসুবাদ করিয়া থাকেন , কিন্তু, এ বিষয়ে শাস্ত্রেই বা কতদূর পর্য্যন্ত অনুমোদন আছে, এবং পুৰুষজাতির উচ্ছগুল ব্যবহার দ্বারাই বা কতদূর পর্যান্ত জনার্য্য, আচরণ ঘটিয়া উঠিয়াছে, তাহা সবিশেষ অবগত নহেন। এ দেশে সকল ধর্মই শান্ত্রমূলক, শান্ত্রে যে বিষয়ের বিধি আছে, ভাহাই ধর্মানুগত বলিয়া পরিগৃহীত, আর শাস্ত্রে যাহা প্রতিষিদ্ধ হইয়াছে, তাহাই ধর্মবৃহিভূত বলিয়া পরিগণিত হইয়া থাকে। স্নতরাং, বিবাহবিষয়ে শান্ত্রকারদিগের যে সমস্ত বিধি অথবা নিষেধ আছে, তৎসমুদর পরীক্ষিত হইলেই, বহুবিবাহকাণ্ড শাস্ত্রানুমত ও ধর্মানুগত ব্যাপার কি না, এবং বহুবিবাহপ্রথা নিবারিড হইলে শাল্তের অবমাননা ও ধর্মলোপের শক্ষা আছে কি না. অবশারিত হইতে পারিবেক ។

দক্ষ কহিয়াছেন,

অনাশ্রমী ন তিষ্ঠেতু দিনমেকমপি দ্বিজঃ। আশ্রমেণ বিনা তিষ্ঠনু প্রায়শ্চিতীয়তে হি সঃ॥ (১)

দিজ, অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষজির, বৈশ্য, এই তিন বর্ণ আশ্রমবিছীন হইয়া এক দিনও থাকিবেক না; বিনা আশ্রমে অবস্থিত হইলে পাতকগ্রস্ত হয়।

এই শাস্ত্র অনুসারে, আশ্রমবিংীন হইয়া থাকা দ্বিজের পক্ষে নিষিদ্ধ ও পাতকজনক। দ্বিজপদ উপলক্ষণমাত্র, ত্রান্ধণ, ক্ষত্রিয়, বৈশ্বা, শূদ্র, চারি বর্ণের পক্ষেই এই ব্যবস্থা।

वायनश्रतात निर्मिष्ठे आह.

চত্বার আশ্রমানৈচব ত্রাহ্মণস্থ প্রকীর্ত্তিতাঃ। ত্রন্মচর্য্যঞ্চ গ্রাহস্থ্যং বানপ্রস্থাঞ্চ ভিক্ষুকম্। ক্ষব্রিয়স্থাপি কথিতা আশ্রমান্ত্রয় এব হি। ত্রন্মচর্য্যঞ্চ গার্হস্ত্যুমাশ্রমদ্বিতয়ং বিশঃ। গার্হস্যুচিতত্ত্বিকং শৃদ্রস্থা ক্ষণমাচরেৎ॥(২)

ব্রহ্মচর্ব্য, গাছস্থ্য, বানপ্রস্থা, সন্নাস, বাহ্মণের এই চারি আপ্রম নির্দিষ্ট আছে; ক্ষজ্রিরের প্রথম তিন; বৈশ্যের প্রথম হুই, শ্রের গাছস্থ্য মাত্র এক আশ্রম; সেহস্ট চিত্তে তাখারই অনুষ্ঠান করিবে।

এই ব্যবস্থা অনুসারে, সমুদরে ত্রন্ধচর্য্য, গার্হস্ত্য, বানপ্রাস্থ্য, দন্ত্যাস, এই চারি আশ্রম। কালভেদে ও অধিকারিতেদে মনুষ্যের পক্ষে এই আশ্রমচতুষ্টরের অহ্যতম অবলম্বন আক্ষ্যেক, নতুবা আশ্রমজংশনিবন্ধন পাতকগ্রস্ত ইইতে হয়। ত্রান্ধণ চারি আশ্রমেই অধিকারী; ক্ষাত্রিয় ত্রন্ধচর্য্য, গার্হস্ত্য, বানপ্রস্থ এই তিন্ আশ্রমে; বৈশ্য ত্রন্ধচর্য্য, গার্হস্ত্য

⁽১) দক্ষণভিতা। এথম অংধায়।

⁽২) উহাহত স্বধৃত।

এই তুই আশ্রমে; শুদ্র একমাত্র গাহস্থ্য স্থাশ্রমে অধিকারী। উপনয়ন-সংস্কারান্তে, গুরুকুলে অবস্থিতিপূর্ম্বক, বিদ্যান্ত্যাদ ও দদাচারশিক্ষাকে বেলচর্য্য বলে; ব্রহ্মচর্য্যদমাপনান্তে, বিবাহ করিয়া, সংসার্যাত্রা-সম্পাদনকে গাহস্থ্য বলে; গাহস্থ্যধর্মপ্রতিপালনান্তে, যোগাভ্যাদার্থে বনবাদ আশ্রমকে বানপ্রস্থ বলে; বানপ্রস্থর্মদমাধানাত্ত্ব, সর্মবিষয়-পরিভ্যাগকে সন্ম্যাদ বলে।

মনু কহিয়াছেন,

গুরুণানুমতঃ স্নাত্বা সমারত্তো যথাবিধি।

উদ্বহেত দ্বিজো ভার্য্যাং সবর্ণাং লক্ষণান্বিতাম্॥ ৩। ৪।

দ্বিজ, গুৰুর অনুজ্ঞালাভাতে, যথাবিধানে স্নান ও সমাবর্ত্তন (০) করিয়া সজাতীয়া সুলক্ষণা ভাষ্যার পাণিগ্রহণ করিবেক।

বিবাহের এই প্রথম বিধি। এই বিধি অনুসারে, বিস্তাভ্যাস ও সদাচারশিক্ষার পর, দারপরিগ্রহ করিয়া, মনুষ্য গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হয়।

ভার্যায়ে পূর্ব্বমারিল্য দ জ্বাগ্নীনন্ত্যকর্মণ।
পুনর্দারক্রিয়াং কুর্যাৎ পুনরাধানমেব চ॥ ৫। ১৬৮। (৪)
পূর্ব্বয়তা জীর যথাবিধি অন্ত্যেষ্টি ক্রিয়া নির্বাহ করিয়া, পুনরায়

দারপরিতাহ ও পুনরায় অগ্ন্যাধান করিবেক।

বিবাহের এই দ্বিতীয় বিধি। এই বিধি অনুসারে, দ্রীবিয়োগ হইলে গৃহস্থ ব্যক্তির পুনরায় দার্পরিগ্রহ আবশ্যক।

মদ্যপাসাধুর্ত্তা চ প্রতিকূলা চ যা ভবেং। ব্যাধিতা বাধিবেত্তব্যা হিংস্পার্থত্বী চ সর্বাদা॥ ৯। ৮০।(৫)

⁽৩) বেদাধ্যমন ও ব্রক্ষম্পেনর পর গৃহস্থান্ত্রপের প্রক্রিমান ক্রিমান ক্রিমানি ক্রিমান

⁽৪) মনুসংহিতা ৷ (৫) মনুসুংহিতা ৷

যদি স্ত্রী সুরাপারিণী, বাভিচারিণী, সতত স্বামীর অভিপ্রায়ের বিপরীতকারিণী, চিররোগিণী, অতিক্রুরস্বভাবা, ও অর্থনাশিনী হয়, তৎসত্ত্বে অধিবেদন, অর্থাৎ পুনরায় দারপরিগ্রহ, করিবেক। বন্ধ্যাষ্ট্রমেহ ধিবেদ্যাবেদ দশমে তু মৃতপ্রজা।

একাদশে স্থ্রীজননী সদ্যস্ত্রপ্রিয়বাদিনী॥ ৯।৮১। (৬)
জী বন্ধ্যা হইলে অফম বর্ষে, মৃতপুলা হইলে দশম বর্ষে, ক্সামাত্রপ্রস্বিনী হইলে একাদশ্বর্ষে, ও অপ্রিয়বাদিনী (৭) হইলে
কালাতিপাত ব্যতিরেকে, অধিবেদন করিবেক।

বিবাহের এই তৃতীয় বিধি। এই বিধি অনুসারে, স্ত্রী বন্ধ্যা প্রভৃতি অবধারিত হইলে তাহার জীবদ্দশায় পুনরায় বিবাহ করা আবশ্যক।

সবর্ণাতে ছিজাতীনাং প্রশাস্তা দারকর্মণি।
কামতস্ত্র প্রেরতানামিমাঃ স্থাঃ ক্রমশো বরাঃ॥৩।১২।
শূদ্রৈব ভার্যা শূদ্রেস সা চ স্থা চ বিশাঃ স্মৃতেঃ।
তে চ স্বা চৈব রাজ্ঞণ্চ তাশ্চ স্বা চাপ্রজন্মনঃ॥৩।১০।(৮)
ছিজাতির পক্ষে অথ্যে স্বর্ণাবিবাছই বিহিত। কিন্তু, যাহারা
যদৃচ্ছাক্রমে বিবাহ করিতে প্ররু হয়, তাহারা অনুলোমক্রমে
বর্ণান্তরে বিবাহ করিবেক; অর্থাৎ ব্রাক্ষণের ব্রাক্ষণী, ক্ষভিয়া,
বৈশ্যা, শ্দ্রা; ক্ষভিয়ের ক্ষভিয়া, বৈশ্যা, শ্দ্রা; বৈশ্যের বৈশ্যা,
শ্রা; শুদ্রের এক্মাত্র শ্রু। ভার্যা হইতে পারে।

বিবাহের এই চতুর্থ বিধি। এই বিধি অনুসারে, সবর্ণাবিবাহই আহ্মণ, কল্রিয়, বৈশ্য এই তিন বর্ণের পক্ষে প্রশস্তক প। কিন্তু, যদি কোনও উৎকৃষ্ট বর্ণ, যথাবিধি সবর্ণাবিবাহ করিয়া, যদৃচ্ছাক্রমে পুনরায় বিবাহ করিতে অভিলাষী হয়, তবে সে আপন অপেক্ষা নিকৃষ্ট বর্ণে বিবাহ করিতে পারে।

^{. (}৩) মনুস'হিতা।

⁽१) যে সত্ত সামীর প্রতি দুঃশ্র কট্রিপ্রয়োগ করে।

⁽৮) सनूमः(इकः।

ষে সমস্ত বিধি প্রদর্শিত হইল, তদমুলারে বিবাহ ত্রিবিধ নিত্য, নৈমিত্তিক, কাম্য। প্রথম বিধি অনুসারে যে বিবাহ করিতে হয়, তাহা নিত্য বিবাহ; এই বিবাহ না করিলে, মনুষ্য গৃহস্থাশ্রমে অধিকারী হইতে পারে না। দ্বিতীয় বিধির অনুষায়ী বিবাহও নিত্য বিবাহ; তাহা না করিলে, আশ্রমজংশনিবন্ধন পাতকপ্রস্ত হইতে হয় (৯)। তৃতীয় বিধির অনুষায়ী বিবাহ নৈমিত্তিক বৈবাহ; কারণ, তাহা জ্রীর বন্ধ্যাত্ব প্রভৃতি নিমিত্ত বশতঃ করিতে হয়। চতুর্থ বিধির অনুষায়ী বিবাহ করিতে হয়। চতুর্থ বিধির অনুষায়ী বিবাহ কাম্য বিবাহ। এই বিবাহ নিত্য ও নৈমিত্তিক বিবাহের স্থায় অবশ্যকর্ত্তব্য নহে, উহা পুরুষের সম্পূর্ণ ইচ্ছাধীন, অর্থাৎ ইচ্ছা হইলে তাদৃশ বিবাহ করিতে পারে, এইমাত্র। কাম্য বিবাহে কেবল ত্রাহ্মণ, ক্ষত্রেয়, বৈশ্য এই বর্ণত্রয়ের অধিকার প্রদর্শিত হওয়াতে, শুদ্রের তাদৃশ বিবাহে অধিকার নাই।

পুত্রলাভ ও ধর্মকার্য্যসাধন গৃহস্থাপ্রমের উদ্দেশ্য। দারপরিএছ ন্যতিরেকে এ উভরই সম্পন্ন হয় না; এই নিমিত্ত, প্রথম বিবিতে দারপরিএছ গৃহস্থাপ্রমপ্রমের দারসক্রপ ও গৃহস্থাপ্রমসমাধানের অপরিহার্য্য উপায়স্বরূপ নির্দিষ্ট হইয়ছে। গৃহস্থাপ্রমসম্পাদনকালে, স্ত্রীবিয়োগ ঘটিলে যদি পুনরায় বিবাহ না করে, তবে সেই দারবিরহিত ব্যক্তি আত্মাজংশনিবন্ধন পাতকগ্রস্ত হয়; এজন্তা, এ অবস্থার গৃহস্থ ব্যক্তির পক্ষে পুনরায় দারপরিগ্রহের অবশ্যকর্ত্তব্যতাবোধনার্থে, শাস্ত্রকারেরা দ্বিতীয় বিধি প্রদান করিয়াছেন। স্ত্রীর বন্ধ্যাত্ব দিররোগিত্ব প্রভৃতি দোষ ঘটিলে, পুত্রলাভ ও ধর্মকার্য্যসাধনের ব্যাঘাত ঘটে; এজন্তা, শাস্ত্রকারেরা তাদৃশ স্থলে, স্ত্রীসত্ত্বে পুনরায় বিবাহ করিবার তৃতীয় বিধি দিয়াছেন। গৃহস্থাপ্রমসমাধানার্থ শাস্ত্রোক্তবিধানানুসারে স্বর্থাপরিণয়ান্তে, যদি কোনও উৎকৃষ্ট বর্ণ যদৃচ্ছাক্রমে বিবাহে প্রবৃত্ত

⁽৯) ক্রীবিয়োগরূপ নিমিত্বশতঃ করিতে হয়, এজন্য এই বিবাহের, নৈমিতিকত্বও আছে।

হয়, তাহার পক্ষে অসবর্গাবিবাহে অধিকারবাধনার্থ শাস্ত্রকারেরা চতুর্থ বিধি প্রদর্শন করিয়াছেন। বিবাহবিষয়ে এতদ্যতিরিক্ত আর বিধি দেখিতে পাওয়া যায় না। স্কৃতরাং, স্ত্রী বিস্তুমান থাকিতে, নির্দিষ্ট নিমিত্ত ব্যতিরেকে, যদৃষ্ঠাক্রমে পুনরায় সবর্ণাবিবাহ করা শাস্ত্রকার-দিগের অনুমোদিত নহে। ফলতঃ, সবর্ণাবিবাহানস্তর যদৃষ্ঠাক্রমে বিবাহপ্রেত্ত ব্যক্তির পক্ষে অসবর্ণাবিবাহের বিধি প্রদর্শিত হওয়াতে, তাদৃশ ব্যক্তির তথাবিধ স্থলে সবর্ণাবিবাহ নিষিদ্ধকণ্প হইতেছে।

এরপ বিধিকে পরিসংখ্যা বলে। পরিসংখ্যাবিধির নিয়ম এই, যে স্থল ধরিয়া বিধি দেওয়া যায়, তদ্বাতিরিক্ত স্থলে নিষেধ সিদ্ধ হয়। বিধি ত্রিবিধ অপূর্ব্ববিধি, নিয়মবিধি ও পরিসংখ্যাবিধি। বিধি ব্যতিরেকে যে স্থলে কোনও রূপে প্রবৃত্তি সম্ভবে না, তাহাকে অপুর্ববিধি কছে; যেমন, "স্বর্গকামো যজেত", স্বর্গকামনায় যাগ করিবেক। এই বিধি না থাকিলে, লোকে স্বৰ্গলাভবাসনায় কদাচ বাগে প্ৰায়ত্ত হইত না; কারণ, যাগ করিলে স্বর্গলাভ হয় ইহা প্রমাণান্তর দ্বারা প্রাপ্ত নহে। যে বিধি ছারা কোনও বিষয় নিয়মবদ্ধ করা যায়, তাছাকে নিয়মবিধি বলে; বেমন, "সমে যজেত", সম দেশে যাগ করিবেক। লোকের পক্ষে যাগ করিবার বিধি আছে; সেই যাগ কোনও স্থানে অবস্থিত ছইয়া করিতে ছইবেক; লোকে ইচ্ছানুসারে সমান অসমান উভয়বিধ স্থানেই যাগ করিতে পারিত; কিন্তু "সমে ফজত", এই বিধি ছারা সমান স্থানে যাগা করিবেক ইছা নিয়মবদ্ধ হইল। যে বিধি দ্বারা বিহিত বিষয়ের অতিরিক্ত স্থলে নিষেধ সিদ্ধ হয়, এবং বিহিত স্থলে বিধি অনুষায়ী কার্য্য করা সম্পূর্ণ ইচ্ছাধীন থাকে, তাহাকে পরিসংখ্যা-বিধি বলে; যেমন, "পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ", পাঁচটি পঞ্চনখ ভক্ষণীয়। লোকে যদৃচ্ছাক্রমে যাবতীয় পঞ্চনখ জন্তু ভক্ষণ করিতে পারিত ; কিন্তু 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ'', এই বিষি দ্বারা বিহিত শশ প্রভৃতি পঞ ব্যতিরিক্ত কুকুরাদি যাবতীয় পৃঞ্চনখ জন্তুর ভক্ষণনিষেধ সিদ্ধ হইতেছে;

অর্থাৎ লোকের পঞ্চনখ জম্বুর মাংসভক্ষণে প্রারুত্তি হইলে, শশ প্রভৃতি পঞ্চ ব্যতিরিক্ত পঞ্চনখ জন্তুর মাংসভক্ষণ করিতে পারিবেক না; শশ প্রভৃতি পঞ্চনখ জন্তুর মাংসভক্ষণও লোকের সম্পূর্ণ ইচ্ছাধীন; हेक्का इस जक्षनं कतिदवक, हेक्का ना इस जक्षन कतिदवक ना। महेन्न्य, যদৃচ্ছাক্রমে অধিক বিবাহে উদ্ভাত পুরুষ সবর্ণা অস্ত্রবর্ণ ন্ত্রীরই পাণিগ্রহণ করিতে পারিত; কিন্তু, যদৃচ্ছাক্রমে বিবাহে প্রার্তি হইলে অসবর্ণাবিবাহ করিবেক, এই বিঞ্চি প্রদর্শিত হওয়াতে, যদৃচ্ছাস্থলে অসবর্ণীব্যতিরিক্তন্ত্রীবিবাহনিষে দিদ্ধ হইতেছে। অসবর্ণাবিবাহও লোকের ইচ্ছাধীন, ইচ্ছা হয় তাদৃশ বিবাহ করিবেক, ইচ্ছা না হয় করিবেক না; কিন্তু যদৃচ্ছাপ্রার্বত হইয়া বিবাহ করিতে হইলে, অসবর্ণাব্যতিরিক্ত বিবাহ করিতে পারিবেক না, ইহাই বিবাহবিষয়ক চতুর্থ বিধির উদ্দেশ্য। এই বিবাহবিধিকে অপূর্ব্ববিধি বলা যাইতে পারে না; কারণ, ঈদৃশ বিবাহ লোকের ইচ্ছাবশতঃ প্রাপ্ত হইতেছে; যাহা কোনও রূপে প্রাপ্ত নহে, ভদ্বিয়ক বিধিকেই অপূর্ববিধি বলে। এই বিবাহবিধিকে নিয়মবিধি বলা যাইতে পারে না; কারণ, ইহা দ্বারা অসবর্ণাবিবাহ অবশ্যকর্ত্তব্য বলিয়া নিয়মবদ্ধ হইতেছে না। স্থতরাং, এই বিবাহবিধিকে অগত্যা পরিসংখ্যাবিধি বলিয়া অঙ্গীকার করিতে হইবেক (১০)।

বিবাহবিষয়ক বিধিচ্ছুফীয়ের স্থুল তাৎপর্য্য এই, প্রথম বিধি অনুসারে গৃহস্থ ব্যক্তির স্বর্ণাবিবাহ অবশ্য কর্ত্ব্য ; গৃহস্থ অবস্থায় স্ত্রীবিয়োগ হইলে, দ্বিতীয় বিধি অনুসারে সুবর্ণাবিবাহ অবশ্য কর্ত্ব্য ;

⁽১০) বিনিয়োগবিধিরপ্যপূর্কবিধিনিয়মবিধিপরিসংখ্যাবিধিভেদাজিবিধঃ বিধিং বিনা, কথমপি যদর্থগোচরপ্রবৃত্তিনোপপদ্যতে অসাবপূর্কবিবিঃ নিয়ত-প্রবৃত্তিক লকো বিধিনিয়মবিধিঃ ব্যবষ্যাদন্যক্র প্রবৃত্তিবিরোধী বিধিঃ পরি-সংখ্যাবিধিঃ তদুক্তং বিধিরত;শুমপ্রার্থেটী নিয়মঃ পাক্ষিকে সতি। তক্রতান্যুক্র চ প্রান্থেটি গীরতে। বিধিস্বরূপ।

ন্ত্রী বন্ধ্যা প্রভৃতি স্থিক হইনে, তৃতীয় বিধি অনুসারে সর্বর্ণাবিবাহ অবশ্য কর্ত্তব্য ; সর্বর্ণবিবাহ করিয়া যদৃক্ষাক্রমে বিবাহপ্রারত হইলে, ইচ্ছা হয় চতুর্থ বিধি অনুসারে অসবর্ণা বিবাহ করিবেক, অসবর্ণাব্যতিরিক্ত বিবাহ করিতে পারিবেক না। কলিযুগে অসবর্ণাবিবাহব্যবহার রহিত হইয়াছে, স্মৃত্রাং যদৃচ্ছাপ্রার্থ বিবাহের আর স্থল নাই।

এক্ষণে ইহা বিলক্ষণ প্রতিপন্ন হইতেছে যে ইদানীস্তান যদৃচ্ছা প্রবৃত্ত বহুবিবাহকাও কেবল শাস্ত্রকারদিগের অনুমোদিত নয় এরূপ নছে, উহা সম্পূর্ণ নিষিদ্ধ হইতেছে। স্কৃতরাং যাঁহারা যদৃচ্ছাক্রেমে বহু বিবাহ করিতেছেন, তাঁহার। নিষিদ্ধ কর্মের অনুষ্ঠানজন্য পাতকপ্রস্থ হইতেছেন। যাজ্ঞবলক্য কহিয়াছেন,

বিহিতস্থানমুষ্ঠানান্ধিকিতস্থ চ সেবনাৎ।

অনিগ্রহাচেন্দ্রোণাং নরঃ পত্রনমুচ্ছতি॥৩।২১৯।

বিহিত বিষয়ের অবছেলন ও নিষিদ্ধ বিষয়ের অনুষ্ঠান করিলে,

এবং ইন্দ্রিয়বশীকরণ করিতে না পারিলে, মনুষ্য পাতকগ্রস্ত হয়।

কোনও কোনও মুনিবচনে এক ব্যক্তির অনেক স্ত্রী বিদ্যমান থাকা নির্দিষ্ট আছে, তদ্দর্শনে কৈছ কেছ কহিয়া থাকেন, যখন শাস্ত্রে এক ব্যক্তির যুগপৎ বহু স্ত্রী বিদ্যমান থাকার স্পষ্ট উল্লেখ দৃষ্টিগোচর ছইতেছে, তখন যদ্চ্ছাপ্রায়ত্ত বহু বিবাহ শাস্ত্রকারদিগের অনুমোনিত কার্য্য নছে, ইহা কি রূপে পরিগৃহীত হইতে পারে। তাঁহাদের অভিপ্রেত শাস্ত্র সকল এই,—

১। সবর্ণাস্থ বহুভাষ্যাস্থ বিদ্যমানাস্থ জ্যেষ্ঠয়া সহ ধর্মকার্য্যং কারয়েং (১১)।

সজাতীয়া বহু ভার্য্য বিজ্ঞমান থাকিলে জ্যেষ্ঠার সহিত ধর্ম- ্ কার্য্যের অনুষ্ঠান করিবেক।

⁽১১) বিষ্ণুসংহিতা। ২৬ অধ্যায়।

২। সর্বাসামেকপত্নীনামেকা চেৎু পুল্রিণী ভবেৎ।
সর্বান্তান্তেন পুল্রেণ প্রান্থ পুল্রবতীর্মন্তঃ ॥৯।১৮৩।(১২)
মনু কহিরাছেন, সপত্নীদের মধ্যে যদি কেহ পুল্রবতী হয়, সেই
সপত্নীপুল্র দারা তাহারা সকলেই পুল্রবতী গণ্য হইবেক।

৩। ত্রিবিবাহং ক্কভং যেন ন করোতি চতুর্থকম্। কুলানি পাতয়েৎ সপ্ত জ্ঞানহত্যাত্রতং চুরেৎ ॥ (১৩)

যে ব্যক্তি তিন বিবাহ করিয়া চতুর্থ বিবাহ না করে, সে সাত কুল পাতিত করে, তাহার জণহত্যাপ্রায়শ্চিত করা আবশ্যক।

এই সকল বচনে এরপ কিছুই নির্দিষ্ট নাই যে তদ্ধারা শাস্ত্রোক্ত নিমিত্ত ব্যতিরেকে পুরুষের ইচ্ছাধীন বহু বিবাহ প্রতিপন্ন হইতে প্রথম বচনে এক ব্যক্তির বহু ভার্য্যা বিজ্ঞমান থাকার উল্লেখ আছে; কিন্তু ঐ বহুভার্য্যাবিবাহ অধিবেদনের নির্দিষ্ট নিমিত্ত নিবন্ধন নহে, তাহার কোনও হেতু লক্ষিত হইতেছে না। দ্বিতীয় বচনে যে বহু বিবাহের উল্লেখ আছে, তাহা যে কেবল পূর্ব্ব পূর্ব্ব ন্ত্রীর বন্ধ্যাত্ব নিবন্ধন ঘটিয়াছিল, তাহা স্পট প্রতীয়মান হইতেছে, কারণ, ঐ কানে পুত্রহীনা সপত্নীদিগের বিষয়ে ব্যবস্থা প্রদত্ত ছইয়াছে। তৃতীয় বচনে তিন বিবাহের পর বিবাহাস্তরের অবশ্য-কর্ত্ব্যভানির্দেশ আছে। কিন্তু এই বচন বহুবিবাছবিষয়ক নছে। ইছার স্থল এই,—বে ব্যক্তির ক্রমে ছুই ক্রী গত হইয়াছে, সে পুনরায় বিবাছ করিলে, তাহার তিন বিবাহ হয়; চতুর্থ বিবাহ না করিলে, তাহার প্রভাবায় ঘটে। এই প্রভাবায়ের পরিহারার্থে ইদানীং এক আচার প্রচলিত হইয়াছে। দে-আচার এই,—বিবাহার্থী ব্যক্তি, প্রথমতঃ এক ফুল গাছকে ন্ত্ৰী কম্পনা করিয়া, উহার সহিত তৃতীয় বিবাহ সম্পন্ন করে ; তৎপরে যে বিবাহ হয়, তাহা চতুর্থবিবাহস্থলে পরিগৃহীত হইয়া

⁽১৩) উদাহুতজ্গত!

थाকে। এইরূপ তিন বিবাহ ও চারি বিবাহই এই বচনের উদ্দেশ্য। কেছ কেছ এই ব্যবস্থা করেন, যেখানে তিন স্ত্রী বর্ত্তমান আছে, সেই ऋल এই বচন খাটিবেক (১৪)। यनि এই ব্যবস্থা আদরণীয় হয়, তাহা হইলে বর্ত্তমান তিন স্ত্রীর বিবাহ অধিবেদনের নির্দিষ্ট নিমিত্ত নিবন্ধন, আর চতুর্থ বিবাহ এতদ্বচনোক্তদোষপরিহারস্কর্ম নিমিত্ত নিৰন্ধন বলিতে হইবেক। অর্থাৎ, প্রথমতঃ স্ত্রীর বন্ধ্যাত্ব প্রভৃতি নিমিত্ত বশতঃ ক্রমে ক্রমে তিন বিবাহ ঘটিয়াছে; পরে, তিন স্ত্রী বিজ্ঞমান থাকিলে, এই বচনে যে চতুর্থ বিবাহের অবশ্যকর্ত্তব্যতা নির্দেশ আছে, তদনুসারে পুনরায় বিবাহ করা আবশ্যক হইতেছে। মনু-বচনে অধিবেদনের যে সমস্ত নিমিত্ত নির্দিষ্ট আছে, এতদ্বচনোক্তদোষ-পরিহার তদতিরিক্ত নিমিত্তান্তর বলিয়া পরিগণিত হইবেক। ফল কথা এই, যখন শাস্ত্রকারেরা কাম্যবিবাহস্থলে কেবল অসবর্গা বিবাহের বিধি দিয়াছেন, বখন ঐ বিধি দারা পূর্বপরিণীতা স্ত্রীর জীবদ্দশায় যদৃচ্ছা-ক্রমে সবর্ণাবিবাহ করা সর্বতোভাবে নিষিদ্ধ হইয়াছে, যখন উল্লিখিত বহুবিবাহ সকল অধিবেদনের নির্দ্ধিট নিমিত্তবশতঃ ঘটা সম্পূর্ণ সম্ভব হইতেছে, তখন যদৃচ্ছাক্রমে যত ইচ্ছা বিবাহ করা শাস্ত্রকারদিগের অনুমোদিত কার্য্য, ইহা কোনও মতে প্রতিপন্ন হইতে পারে না।

কেহ কেহ কহিয়া থাকেন, যখন পুরাণে ও ইতিহাসে কোন্
এ কোনও রাজার মুগপথ বহু স্ত্রী বিভ্রমান থাকার নিদর্শন পাওয়া
যাইতেছে, তখন পুরুষের বহু বিবাহ শাস্তান্মত কর্ম নহে, ইহা
কিরপে অঙ্গীরুত ইইতে পারে। ইহা যথার্থ বচে, পূর্মকালীন কোনও
কোনও রাজার বহু বিবাহের পরিচয় পাওয়া হায়; কিন্তু, দে সকল
বিবাহ যদৃচ্ছাপ্রান্ত বিবাহ নহে। রামায়ণে উল্লিখিত আছে, রাজা
দশরথের অনেক মহিলা ছিল। কিন্তু তিনি যে যদৃচ্ছাক্রমে সেই সমস্ত

⁽১৪) এতদ্বচনং বর্ত্তমানক্ষীত্রিকপর্মিতি বনন্তি। উদ্বাহত হ্ ।

বিবাহ করিয়াছিলেন, কোনও ক্রমে এরপ প্রতীতি জন্মে না। রামায়ণে যেরূপ নির্দিষ্ট আছে, তদনুসারে তিনি রুদ্ধ বয়স পর্য্যন্ত পুত্র-মুখ নিরীক্ষণে অধিকারী হয়েন নাই। ইহা নিশ্চিত বোধ হইতেছে, তাঁহার প্রথমপরিণীতা স্ত্রী বন্ধ্যা বলিয়া পরিগণিত হইলে, তিনি দ্বিতীয় বার বিবাহ করেন; এবং সে স্ত্রীও পুত্রপ্রস্ঠব না করাতে, তাঁহারও বন্ধ্যান্থ বোধে, রাজা পুনরায় বিবাহ করিয়াছুলেন। এইরূপে ক্রমে ক্রমে তাঁহার অনেক বিবাহ ঘটে। অবশেষে, চরম বয়দে, কেশিল্যা, কেক্য়ী, স্থমিত্রা, এই তিন মহিষীর গর্ভে তাঁহার চারি সন্তান জন্মে। স্থতরাং, রাজা দশরথের বহু বিবাছ পূর্ব্ব পূর্ব্ব স্ত্রীর বন্ধ্যাত্বশঙ্কা নিবন্ধন ঘটিয়াছিল, স্পষ্ট প্রতীয়মান হইতেছে। দশরথ যে কারণে বহু বিবাহ করিয়াছিলেন, অন্তান্ত রাজারাও সেই কারণে, অথবা শাস্ত্রোক্ত অম্য কোনও নিমিত্তবশতঃ, একাধিক বিবাহ করেন. ভাহার সংশয় নাই। ভবে, ইহাও লক্ষিত হইতে পারে, কোনও কোনও রাজা, যদৃচ্ছাপ্রাব্রত হইয়া, বহু বিবাহ করিয়াছিলেন। কিন্তু, সেই দৃষ্টাস্ত দর্শনে বহুবিবাহকাও শাস্ত্রানুমত ব্যাপার বলিয়া প্রতিপন্ন হইতে পারে না। রাজার আচার সর্বনাধারণ লোকের পক্ষে আদর্শস্বরূপে পরিগৃহীত হওয়া উচিত নহে। ভারতবর্ষীয় রাজারা স্ব স্ব অধিকারে এক প্রকার সর্বশক্তিমান্ ছিলেন। প্রজারা ধর্মশান্তের ব্যবস্থা অতিক্রম করিয়া চলিলে, রাজা দুণুবিধানপূর্ব্বক তাহাদিগকে ন্যায়পথে অবস্থাপিত করিতেন। কিন্তু, রাজারা উৎপথপ্রতিপন্ন হইলে, তাঁহা-দিগকে ন্যায়পথে প্রব**র্ত্তি**ত করিবার লোক ছিল না। বস্তুতঃ, রাজারা দর্ব্ধ বিষয়ে দম্পূর্ণ ক্ষতন্ত্রেচ্ছ ছিলেন। স্কৃতরাং, যদি কোনও রাজা, উচ্ছুখ্বল হইয়া, শান্ত্রোক্ত নিমিত্ত ব্যতিরেকে, যদৃচ্ছাক্রমে বহু বিবাহ করিয়া থাকৈন, সর্ববাধারণ লোকে, সেই দৃষ্টান্তের অনুবর্তী হইয়া, বহু বিবাহ করিলে, তাহা কোঁনও ক্রমে বৈধ বলিয়া প্রতিপন্ন হইতে পারে না। মনু কহিয়াছেন,

সেহি গ্রিভ্বতি বায়ুক্চ সোহর্কঃ সোমঃ স ধর্মরাট্।
স কুবেরঃ স বরুণঃ স মহেন্দ্রঃ প্রভাবতঃ ॥ ৭। ৭।
বালোহপি নাবমন্তব্যো মন্ত্রম্য ইতি ভূমিপঃ।
মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি ॥ ৭। ৮।

রাজা প্রভাবে সাক্ষাৎ অগ্নি, বায়ু, স্থ্য, চন্দ্র, যম, কুবের, বৰুণ, ইন্দ্র। রাজা বালক হইলেও, ভাঁহাকে সামাত্র মনুষ্য জ্ঞান করা উচিত নহে। তিনি নিঃসন্দেহ মহতী দেবতা, নররূপে বিরাজ করিতেচেন।

রাজা প্রাক্কত মনুষ্য নহেন; শাস্ত্রকারেরা তাঁছাকে মছতী দেবতা বলিয়া গণ্য করিয়াছেন। অতএব, যেমন দেবতার চরিত্র মনুষ্যের অনুকরণীয় নহে; সেইরূপ, রাজার চরিত্রও মনুষ্যের পক্ষে অনুকরণীয় ছইতে পারে না। এই নিমিত্ত, যাহা সর্বসাধারণ লোকের পক্ষে সর্বাধা অবৈধ, তেজীয়ানের পক্ষে তাহা দোষাবহ নয় বলিয়া, শাস্ত্রকারেরা ব্যবস্থা দিয়াছেন।

কলতঃ, যদৃচ্ছাপ্রবৃত্ত বহুবিবাহকাও যদৃচ্ছাপ্রবৃত্তব্যবহারমূলকমাত্র। এই অতিজ্ঞঘন্য অতিনূশংস ব্যাপার শাস্তানুমত বা ধর্মানুগত ব্যবহার নহে; এবং ইহা নিবারিত হইলে, শাস্ত্রের অবমাননা বা ধর্মলোপের অণুমাত্র সম্ভাবনা নাই।

দ্বিতীয় আপত্তি।

কেহ কেহ আপত্তি করিতেছেন, বহুবিবাহপ্রথা নিবারিত হইলে, কুলীন ব্রাহ্মণদিগের জাতিপাত ও ধর্মীলাপ ঘটিকে। এই আপত্তি স্থারোপেত হইলে, বহুবিবাহপ্রথার নিবারণচেন্টা কোনও ক্রমে উচিত কর্ম হইত না। কোলীন্যপ্রথার পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখিলে, এই আপত্তি ন্যায়োপেত কি না, ইহা প্রতীয়মান হইতে পারিকে; এজন্য, কোলীন্যমর্যাদার প্রথম ব্যবস্থাও বর্ত্তমান অবস্থা সংক্ষেপে উল্লিখিত হইতেছে।

ারাজা আদিহর, পুত্রেষ্টিযাগের অনুষ্ঠানে রুতসঙ্কণে হইয়া,
অধিকারস্থ রান্ধাদিগকে যজ্ঞসম্পাদনার্থে আহ্বান করেন। এ দেশের
তংকালীন রান্ধানেরা আচারভ্রুট ও বেদবিহিত ক্রিয়ার অনুষ্ঠানে
নিতান্ত অনভিজ্ঞ ছিলেন; স্কুতরাং তাঁহারা আদিহরের অভিপ্রেত যজ্ঞ
সম্পাদনে সমর্থ হইলেন না। রাজা, নিরুপায় হইয়া, ১৯৯ শাকে (১)
কান্যুক্জ্বরাজের নিকট, শাস্তুজ্ঞ ও আচারপুত পঞ্চ ব্রান্ধণ প্রেরণ
প্রার্থনায়, দৃত প্রেরণ করিলেন। কান্যুক্জ্বরাজ, তদনুসারে, পঞ্চ
গোত্রের পঞ্চ ব্রান্ধণ পাঠাইয়া দিলেন;—

১ শান্তিল্যগোত্ত-

ভটনারায়ণ।

২ কাশ্যপগৈতি °

मक ।

⁽১) আদিস্থরো নবনবজ্যধিকনবশগীশতাকে পঞ্চ ব্রাহ্মণানানায়য়ীমাসু।
ক্ষেত্তক্রতারিতা।

ও বাংস্থাগোত্ত '

ছান্দত।

৪ ভরদ্বাজ্ঞগাত্র

अश्व ।

৫ সাবর্ণগোত্র

বেদগর্ভ। (২)

ব্রান্ধণের। স্ক্রীক সম্ভৃত্য অখারোছণে গেড়িদেশ্বে আগমন করেন। চরণে চর্মপাহ্রকা, সর্ব্বাঙ্গ স্থচীবিদ্ধ বস্ত্রে আরুত, এইরূপ বেশে ভায়ূল চর্বন করিতে করিতে, রাজবাদীর দারদেশে উপস্থিত হইয়া, তাঁহারা দ্বারবানকে কহিলেন, ত্বরায় রাজার নিকট আমাদের আগমনসংবাদ দাও। দারী, নরপতিগোচরে উপস্থিত হইয়া, তাঁহাদের আগমন-সংবাদ প্রদান করিলে, তিনি প্রথমতঃ অতিশয় আহ্লাদিত হইলেন; পরে, দৌবারিকমুখে তাঁহাদের আচার ও পরিচ্ছদের বিষয় অবগত হইয়া, মনে মনে কহিতে লাগিলেন, এ দেশের ব্রান্ধণেরা আচারভ্রষ্ট ও ক্রিয়াহীন বলিয়া, আমি দুরদেশ হইতে বোন্ধণ আনাইলাম। কিন্তু, বেরূপ শুনিতেছি, তাহাতে উঁহাদিগকে আচারপুত বা ক্রিয়াকুশল বলিয়া বোধ হইতেছে না। যাহা হউক, আপাততঃ সাক্ষাৎ না করিয়া, উঁহাদের আচার প্রভৃতির বিষয় সবিশেষ অবগত হই, পরে ষেরূপ হয় করিব। এই স্থির করিয়া, রাজা দ্বারবানকে কহিলেন, ত্রাহ্মণ ঠাকুরদিগকে বল্, আমি কার্য্যান্তরে ব্যাপৃত আছি, একণে দাক্ষাৎ করিতে পারিব না; ভাঁছারা বাদস্থানে গিয়া শ্রান্তিদূর কৰুন; অবকাশ পাইলেই, সাক্ষাৎ করিতেছি।

এই কথা শুনিয়া দ্বারবান, ত্রান্ধাদিণের নিকটে আদিয়া, সমস্ত

নিবেদন করিল। রাজা অবিলয়েই তাঁহাদের সংবর্দ্ধনা করিবেন, এই দির করিয়া, ত্রান্ধণেরা আশীর্বাদ করিবার নিমিত্ত জলগণ্ডুম হস্তে দণ্ডায়মান ছিলেন; এক্ষণে, তাঁহার অনাগমনবার্ত্তাপ্রবিণ, করস্থিত আশীর্বাদবারি নিকটবর্ত্তী মল্লকাণ্ডে ক্ষেপণ করিলেন; ত্রান্ধণিদগের এমনই প্রভাব, আশীর্বাদবারি স্পর্শমাত্র, চিরশুক মল্লকাণ্ড সঞ্জীবিত, পল্লবিত ও পুষ্পাকলে স্থাশোভিত হইয়া উঠিল (২)। এই অভুত সংবাদ তৎক্ষণাৎ নরপতিগোচরে নীত'হইল। রাজা শুনিয়া চমৎক্ষত হইলেন। তাঁহাদের আচার ও পরিচ্ছদের কথা শুনিয়া, প্রথমতঃ তাঁহার মনে অপ্রদ্ধা ও বিরাগ জনিয়াছিল; এক্ষণে বিলক্ষণ প্রদ্ধা ও অনুরাগ জন্মিল। তখন তিনি, গলবন্ত্র ও ক্রতাঞ্জলি হইয়া, ত্বারদেশে উপস্থিত হইলেন, এবং দৃঢ়তর ভক্তিযোগ সহকারে সাফীক্ষ প্রাণিপাত্ত করিয়া, ক্ষমাপ্রার্থনা করিলেন (৪)।

অনন্তর, রাজা নির্দ্ধারিত শুভ দিবসে সেই পঞ্চ ত্রাহ্মণ দ্বারা পুত্রেন্টিযাগ করাইলেন। যাগপ্রভাবে রাজমহিনী গর্ভবতী ও যথাকালে পুত্রবতী হইলেন। রাজা, যৎপরোনান্তি প্রীত হইয়া, নিজ রাজ্যে বাস করিবার নিমিত্ত, ত্রাহ্মণদিগকে অত্যন্ত অনুরোধ করিতে লাগিলেন। ত্রাহ্মণেরা, রাজার নির্বন্ধ উল্লেজ্যনে অসমর্থ হইয়া, তুদীয় প্রস্তাবে সম্মত হইলেন, এবং পঞ্চকোটি, কামকোটি,

⁽৩) বিক্রমপুরের লোকে বলেন, বল্লালসেনের বাটার দক্ষিণে যে দিঘী আছে, তাহার উত্তর পাড়ে পাকা ঘাটের উপর প্রক্ আদ্যাপি সজীব আছে। বৃক্ষ অতি বৃহৎ; নাম গজারিবৃক্ষ। এতজ্জাতীয় বৃক্ষ বিক্রমপুরের আবুর কোথাও নাই। ময়্মনসিংহ জিলার মধুপুর পাহাড় ভিন্ন অন্যত্র কুরাপি লক্ষিত হয় না। মল্লকাঠ স্থলে অনেকে গজের আলানস্তম্ভ বলিয়া উল্লেখ ক্রিয়া থাকেন।

⁽৪) এই উপাধ্যান সচ্চাচ্র যেক্রণ উল্লিখিত হইয়া থাকে, অবিকল সেইরপ নির্দিট হইল।

হরিকে।টি.কিছ্ঞাম, কটগ্রাষ্ এই রাজদত্ত পাঞ্চগ্রামে (৫) এক এক জন বসতি করিলেনে।

ক্রমে ক্রমে এই পাঁচ জনের ষট্পঞ্চাশং সন্তান জনিল। ভটনারায়ণের ঘোড়শ, দক্ষের যোড়শ, শ্রীহর্ষের চারি, বেদগর্ভের দ্বাদশ, ছাল্দড়ের আট (৬)। এই প্রত্যেক সন্তানকে রাজা বাসার্থে এক এক প্রাম প্রদান করিলেন। সেই সেই প্রামের নামানুসারে তত্তং সন্তানের সন্তানপরম্পরা অমুকপ্রামীন, অর্থাং অমুকগাঁই, বলিয়া প্রসিদ্ধ হইলেন। শান্তিল্যগোত্তে ভটনারায়ণবংশে বন্দ্য, কুস্থম, দীর্ঘাঙ্গী, ঘোঘলী, বটব্যাল, পারিহা, কুলকুলী, কুশারি, কুলভি, সেয়ক, গড়গড়ি, আকাশ, কেশরী, মাঘচটক, বস্থয়ারি, করাল, এই ঘোল গাঁই (৭)। কাশ্যপগোত্তে দক্ষবংশে চট, অম্বুলী, তৈলবাটী, পোড়ারি, হড়, গুড়, ভুরিষ্ঠাল, পালমি, পাকড়াসী, পৃষলী, মূলপ্রামী, কোয়ারী, পালসায়ী, পীতমুন্তী, সিমলায়ী,ভট এই ঘোল গাঁই(৮)। ভরদ্বাজগোত্তে শীহর্ষবংশে মুখুটী, ডিংসাই, সাহরি, রাই এই চারি গাঁই (৯)।

পঞ্কোটিঃ কামকে।টিইরিকোটিউইথব চ।
 কয়প্রামে। বটপ্রামন্তেষাং স্থানানি পঞ্চ।

⁽৬) ভট্ডঃ ষোড়শোদ্রুতা দক্ষতশ্চাপি যোড়শ। চন্ধারঃ জীহর্ষকাতা দাদশ বেদগর্ভতঃ। অফাবথ পরিজেরা উদ্ভাশ্ছান্দ্রান্মনেঃ॥

⁽৭) বন্দ্যঃ কুস্থমো দীর্ঘান্সী ঘোষলী বটব্যালকঃ।
পারী কুলী কুশারিশ্চ কুলভিঃ সেয়কো গড়ঃ।
আকাশঃ কেশ্রী মাষো বস্থারিঃ করালকঃ।
ভট্টবংশোদ্ধনা এতে শান্তিল্যে ষোড়শ শৃতাঃ।

চেট্টাহসুলী তৈলবাটি পোড়ারিহর্ড্গৃড়কৌ।
 ভুরিশ্চ পালধিশৈচব পর্কটিঃ পুষলী তথা।
 য়লগ্রামী কোয়ারী চ পলসায়ী চ পীতকঃ।
 সিমলায়ী তথা ভউ ইয়ে কাশ্যপ্সংজ্ঞকাঃ॥

⁽১) আদৌ মুখটা ডিগুটি চ সাহরী রাইকতথা। ভার্মজালা ইমে জাতাঃ জীহ্র্মস্যতন্ত্রাঃ॥

সাবর্গনোত্রে বেদগর্ত্তবংশে গান্ধূলি, পুংশিক, নন্দিগ্রামী, ঘণ্টেশ্বরী, কুন্দগ্রামী, সিয়ারি, সাটেশ্বরী, দায়ী, নায়েরী, পারিহাল, বালিয়া, সিদ্ধাল এই বার গাঁই (১০)। বাৎস্থাগোত্রে ছান্দড়বংশে কাঞ্জিলাল, মহিস্তা, পুতিতুও, পিপলাই, ঘোষাল, বাপুলি, কাঞ্জারী, সিমলাল এই আট গাঁই (১১)।

ভটনারায়ণ প্রভৃতির আগমনের পূর্কে, এ দেশে সাতশত ঘর বান্দাণ ছিলেন। তাঁহারা তদবিদ হেয় ও অপ্রান্ধেয় হইরা রহিলেন, এবং সপ্রশতীনামে প্রসিদ্ধ হইয়া পৃথক সম্প্রদায়রূপে পরিগণিত হইতে লাগিলেন। তাঁহাদের মধ্যে জগাই, ভাগাই, সাগাই, নানদী, আরথ, বালথবি, পিথুরী, মুলুকজুরী প্রভৃতি গাঁই ছিল। সপ্রশতী পঞ্চগোত্রবহিভূতি, এজন্ম কান্সকুজ্ঞাগত পঞ্চ ব্রান্ধণের সন্তানেরা ইঁহাদের সহিত আহার ব্যবহার ও আদান প্রদান করিতেন না; গ্র্মহারা করিতেন, তাঁহারাও সপ্রশতীর ন্থায় হেয় ও অপ্রান্ধেয় হইতেন।

কালক্রমে আদিছরের বংশধ্বংস হইল। সেনবংশীয় রাজারা গোড়দেশের সিংহাসনে অধিরোহণ করিলেন (১২)। এই বংশোদ্ভব অতি প্রসিদ্ধ রাজা বল্লালসেনের অধিকারকালে কোলীন্সমর্য্যাদা ব্যবস্থাপ্তি হয়। ক্রমে ক্রমে, কান্যকুজ্ঞাগত ব্যক্ষণিদিগের সম্ভান-পরম্পরার মধ্যে বিজ্ঞালোপ ও. আচারভ্রংশ ঘটিয়া আসিতেছিল,

⁽১০) গাস্থালিঃ পুংসিকো নন্দী ঘণ্টা কুন্দ সিয়ারিকাঃ। সাটো দায়ী তথা নায়ী পারী বালী চ সিদ্ধলঃ। বেদগভেটিবা এতে সাবর্গে দাদশ স্মৃতাঃ॥

⁽১১) কাঞ্জিবিলী মহিস্তা চ পুতিতুত²চ পিপ্ললী।

গৈ ঘোষালো বাপুলিদৈচৰ কাঞ্জারী চ উথেব চ। সিমলালশ্চ বিজ্ঞেয়া ইয়ে বাৎস্যক্সংজ্ঞকাঃ ॥

⁽১২। আদিস্থরের বংশধ্বংস সেনবংশ তাজা।

[.] विकन्रमान अक्क भूख वजानामन ताकी।

ভিম্নবারণই কেলীভামর্থ্যাদাম্ছাপনের মুখ্য উদ্দেশ্য । রাজা বল্লালসেন বিবেচনা করিলেন, আচার, বিনয়, বিজ্ঞা প্রভৃতি সন্ধাণের সবিশেষ পুরক্ষার করিলে, ত্রান্ধণেরা অবশ্যই দেই সকল গুণের রক্ষাবিষয়ে স্বিশেষ ষত্ন করিবেন। তদনুসারে, তিনি পরীক্ষা দ্বারা যাঁহাদিগকে নবগুণবিশিষ্ট দেখিলেন, তাঁহাদিগকে কোলী অমর্য্যাদা প্রদান করিলেন। কেলীম্পপ্রবর্ত্তক নয় গুণ এই,—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থ-দর্শন, নিষ্ঠা, আরুত্তি, তপস্থ্যা, দান (১৩)। আরুত্তিশব্দের অর্থ পরিবর্ত্ত, পরিবর্ত্ত চারিপ্রকার, আদান, প্রদান, কুশত্যাগ ও ঘটকাথ্রে প্রতিজ্ঞা (১৪)। আদান, অর্থাৎ সমান বা উৎক্রফ গ্রহ হইতে কন্তাগ্রহণ; প্রদান, অর্থাৎ সমান অথবা উৎকৃষ্ট গৃহে কন্তাদান; কুশত্যাগ, অর্থাৎ কন্যার অভাবে কুশময়ী কন্যার দান; ঘটকাগ্রে প্রতিজ্ঞা, অর্থাৎ উভয় পক্ষে কন্যার অভাব ঘটিলে, ঘটকের সন্মুখে বাক্যমাত্র দ্বারা পরস্পার কন্যাদান। সৎকুলে কন্যাদান ও সংকুল হইতে কন্যাগ্রহণ কুলের প্রধান লক্ষণ ; কিন্তু কন্যার অভাব ঘটিলে, আদানপ্রদান সম্পন্ন হয় না; স্থতরাং কন্যাহীন ব্যক্তি সম্পূর্ণ কুল-লক্ষণাক্রান্ত হইতে পারেন না।এই দোষের পরিহারার্থে কুশ্ময়ী কন্যার দান ও ঘটকসমক্ষে বাক্যমাত্র দ্বারা পরস্পার কন্যাদানের ব্যবস্থা হয়।

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, কান্যকুজাগত পঞ্চ ত্রান্ধণের ষট্পঞ্চাশৃৎ সন্তান এক এক প্রামে বাস করেন; সেই সেই প্রামের নাগানুসারে, এক এক গাঁই হয়; তাঁহাদের সন্তানপরম্পরা সেই সেই গাঁই বলিয়া

⁽১৩) আচারে বিনয়ে বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনর্থ নিঙার্ভিন্তপো দানং নবধা কুললক্ষণম্। এরপ প্রবাদ আছে, পূর্বে নিষ্ঠা শান্তিন্তপো দানম্ এইরূপ পাঠ ছিল; প্রে, বলালকালীন ঘটকেরা শান্তিশব্দলে স্মার্তিশব্দ নিবেশিত ক্রিয়াছেন।

⁽১৪) আদানক প্রদানক কুশত্যাগন্তবৈধন চ। প্রতিজ্ঞা ঘটকাথ্যেমু পরিবর্তকচ্চুর্বিধঃ।

প্রসিদ্ধ হন। সমুদরে ৫৬ গাঁই; ভন্মধ্যে বন্দ্য, চট, মুখুটা, ঘোষাল, পূতিভূও, গান্থলি, কাঞ্জিলাল, কুন্দ্যামী এই আট গাঁই সর্বতোভাবে নবগুণবিশিষ্ট ছিলেন (১৫), এজন্ম কোলীন্মর্য্যাদা প্রাপ্ত হইলেন। এই আট গাঁইর মধ্যে চটোপাধ্যায়বংশে বহুরপ, স্কচ, অরবিন্দ, হলায়ুৰ, বাঙ্গাল এই পাঁচ; পূতিভূওবংশে গোবর্দ্ধনাচার্য্য; ঘোষালবংশে শির; গঙ্গোপাধ্যায়বংশে শিশা; কুন্দ্যামিবংশে রোমাকর; বন্দ্যোপাধ্যায়বংশে জাহ্লন, মহেশ্বর, দেবল, বামন, দিশান, মকরন্দ এই ছয়; মুখোপাধ্যায়বংশে উৎসাহ, গরুড় এই ছই; কাঞ্জিলালবংশে কামু, কুতৃহল এই ছই; সমুদরে এই উনিশা জন কুলীন হইলেন (১৬)। পালধি, পাকড়াশী, সিমলায়ী, বাপুলি, ভূরিষ্ঠাল, কুলকুলী, বটব্যাল, কুশারি, সেয়ক, কুস্থম, ঘোষলী, মামচটক, বস্থমারি, করাল, অম্বুলী, তৈলবাটী, মূলগ্রামী, পূহলী, আকাশ, পলসামী, কোয়ারী, সাহরি, ভটাচার্য্য, সাটেশ্বরী, নামেরী, দায়ী, পারিহাল, সিয়ারী, সিদ্ধল, পুংসিক, নিন্দ্যামী, কাঞ্জারী, সিমলাল, বালী, এই ৩৪ গাঁই অইগুণবিশিষ্ট ছিলেন, এজন্ম

⁽১৫) বন্দ্যশ্চট্টোহথ মুখুটা ঘোষালশ্চ ততঃ পরঃ। পুতিতুত্তশচ গাঙ্গুলিঃ কাঞ্জিঃ কুন্দেন চাউমঃ॥

⁽১৬) বছরপঃ স্থচো নামা অরবিন্দো হলারুধঃ।
বালালন্ড সমাধ্যাতাঃ পর্টেশতে চট্টবংশলাঃ।
প্তির্গোবর্জনাচার্য্যঃ শিরো ঘোষালসম্ভবঃ।
গালুলীয়ঃ শিশো নামা কুন্দো রোষাকরে।
জাহলনাধ্যভথা বন্দ্যো মহেশর উদারধীঃ।
দেবলো বামনন্দের ঈশানো মকরন্দকঃ॥
উৎসাহ্গরুড্খ্যাতৌ মুখবংশসমুদ্ধরে।
কানুকুড্হলাবেতৌ কাঞ্জিকুলঞাভিটিতৌ।
উন্বিংশতিসংখ্যাতানহারাজেন প্রক্রিভাঃ॥

শ্রেণিত্রিসংজ্ঞাভাজন ইইলেন (১৭)। পূর্ব্বোক্ত নয় গুণের মধ্যে ইঁহারা আরুত্তিগুণে বিহীন ছিলেন; অর্থাৎ, বন্দ্য প্রভৃতি আট গাঁই আদানপ্রদানবিষয়ে যেমন সাবধান ছিলেন, পালধি প্রভৃতি চৌত্রেশ গাঁই ভদ্বিয়য় তদ্রূপ সাবধান ছিলেন না; এজন্ত তাঁহারা কৌলীন্তমর্য্যাদা প্রাপ্ত হইলেন না। আর দীর্ঘাঙ্গী, পারিহা, কুলভী, গোড়ারি, রাই, কেশরী, ঘণ্টেশ্বরী, ডিংসাই, পীতমুগ্রী, মহিস্তা, গুড়, পিপলাই, হড়, গড়গড়ি, এই চৌদ্দ গাঁই সদাচার-পরিজ্ঞট ছিলেন, এজন্ত গোণ কুলীন বলিয়া পরিগণিত হইলেন(১৮)।

এরপ প্রবাদ আছে, রাজা বল্লালসেন, কেলীন্সমর্য্যাদাস্থাপনের দিন স্থির করিয়া, ব্রাহ্মণদিগকে নিত্যক্রিয়াসমাপনান্তে রাজসভায় উপস্থিত হইতে আদেশ করেন। তাহাতে কতকগুলি ব্রাহ্মণ এক প্রহরের সময়, কতকগুলি দেড় প্রহরের সময়, আর কতকগুলি আড়াই প্রহরের সময়, উপস্থিত হন। যাহারা আড়াই প্রহরের সময় উপস্থিত হন, তাঁহারা কোলীন্সমর্যাদা প্রাপ্ত হইলেন; যাহারা দেড় প্রহরের সময়, তাঁহারা শ্রোতিয়, আর যাহারা এক প্রহরের সময়, তাঁহারা শ্রোতিয়, আর যাহারা এক প্রহরের সময়, তাঁহারা গোণ কুলীন, হইলেন। ইহার তাৎপর্য্য এই, প্রক্রত প্রস্তাবে নিত্যক্রিয়া করিতে অধিক সময় লাগে; স্প্রতরাং যাহারা আড়াই

⁽১৭) পালধিঃ পর্কটিশৈচর দিমলায়ী চ বাপ্লিঃ ।
ভূরিঃ কুলী বটব্যালঃ কুশারিঃ প্রেরকপ্তথা।
কুস্কমো ঘোষলী মাষো বস্ত্রারিঃ করালকঃ ।
অস্থুলী তৈলবাটী চু মূলগ্রামী চ পুষলী ।
ভাকাশঃ পলসায়ী চ কোয়ারী সাহরিস্তর্থা।
ভক্তঃ সাউশ্চ নায়েরী দায়ী পারী সিয়ারিকঃ ।
সিদ্ধলঃ পুংসিকো নন্দী কাঞ্জারী সিমলালকঃ ।
বালী চেতি চতুক্তিংশদ্ধালন্পপুতিভাঃ ॥

⁽১৮) দীর্ঘান্ধী পারিঃ কুলভী পোচারী রাই কেশরী। ঘটা ডিগুটা পীতমুগুট মহিস্তা গৃড় পিপ্পলী। হড়ক গাঁড়গড়িকৈর ইনৈ গৌণাঃ প্রেকীর্তিটাঃ॥

প্রহরের সময় আসিয়াছিলেন, তাঁহারা প্রকৃত প্রস্কাবে নিত্যক্রিয়া করিয়াছিলেন; তদ্ধারা রাজা তাঁহাদিগকে সদাচারপূত বলিয়া বুঝিতে পারিলেন, এজন্য তাঁহাদিগকে প্রধান মর্য্যাদা প্রদান করিলেন। দেড় প্রহরের সময় আগতেরা আচারাংশে ন্যুন ছিলেন, এজন্য ন্যুন মর্য্যাদা প্রাপ্ত হইলেন; আর এক প্রহরের সময় আগতেরা আচারভ্রেট বলিয়া অবধারিত হইলেন, এজন্য রাজা তাঁহাদিগকে, হেয়জ্ঞান করিয়া, অপকৃষ্ট ব্রাহ্মণ বলিয়া পরিগণিত করিলেন।

এই রূপে কেলিভিমর্য্যাদা ব্যবস্থাপিত হইল। নিয়ম হইল, কুলীনেরা কুলীনের সহিত আদানপ্রদান নির্বাহ করিবেন; শ্রোত্রিয়ের কন্তা গ্রহণ করিতে পারিবেন, কিন্তু শ্রোত্রিয়কে কন্তাদান করিতে পারিবেন না, করিলে কুলভ্রম্ট ও বংশজভাবাপন্ন হইবেন (১৯); আর গোণ কুলীনের কন্তাগ্রহণ করিলে, এক কালে কুলক্ষয় হইবেক; এই নিমিত্ত, গোণ কুলীনেরা অরি, অর্থাৎ কুলের শক্রু, বলিয়া প্রাসিদ্ধ ও পরিগণিত হইলেন (২০)।

কেলিভিমর্য্যাদাব্যবস্থাপনের পর, বল্লালসেনের আদেশানুসারে কতকগুলি ব্রাহ্মণ ঘটক এই উপাধি প্রাপ্ত হইলেন। ঘটকদিগের এই ব্যবসায় নিরূপিত হইল যে, তাঁহারা কুলীনদিগের স্তুতিবাদ ও বংশ্বাবলী কীর্ত্তন করিবেন এবং তাঁহাদের গুণ, দোষ ও কোলীন্ত্য'মর্য্যাদাসংক্রাপ্ত নিয়ম বিষয়ে সবিশেষ দৃষ্টি রাখিবেন। (২১)।

⁽১৯) (अंजियां स स्वां के नीत्ना दरमा का करवर ।

⁽২০) * * * * * * কুলনাশকাঃ। যৎকন্যালাভমাত্রেণ সমূলস্ত বিনশ্যতি॥

⁽২১) বল্লাল বিষয়ে নূনং কুলীনা দেবতাঃ স্বয়ন্। শ্রোত্রিয়া নেরবো জেয়া ন্যটকা । স্ততিপাঠকাঃ॥ স্থান বংশং তথা দোষং য়ে জান্তি মহাজনাঃ। ত এক ঘ্টকা জেয়া ন মামগ্রহণা ২ পর্যন্॥

কুলীন, শ্রোত্তিয় ও গোণকুলীন ব্যতিরিক্ত আর একপ্রকার ব্রাহ্মণ আছেন, তাঁহাদের নাম বংশজ। এরপ নির্দিষ্ট আছে, ব্রাহ্মণদিগকে শ্রেণীবদ্ধ করিবার সময়, বল্লালের মুখ হইতে বংশজশন নির্গত হইয়াছিল এইমাত্ত্র; বাস্তবিক, তিনি কোনও ব্রাহ্মণদিগকে বংশজ বলিয়া স্বতন্ত্র শ্রেণীতে বিভক্ত করেন নাই; উত্তর কালে বংশজব্যবস্থা হইয়াছে। যে সকল কুলীনের কন্তা ঘটনাক্রমে শ্রোত্তিয়গৃহে বিবাহিতা হইল, তাঁহারা কুলন্রন্ট হইতে লাগিলেন। এই রূপে যাঁহাদের কুলন্তংশ ঘটিল, তাঁহারা বংশজসংজ্ঞাভাজন ও মর্য্যাদাবিষয়ে গোণ কুলীনের সমকক হইলেন; অর্থাৎ, গোণ কুলীনের কন্তাগ্রহণ করিলে যেমন কুলক্ষর হইয়া যায়, বংশজকন্যাগ্রহণ করিলেও কুলীনের সেইরূপ কুলক্ষর ঘটে। এতদনুসারে বংশজ ত্রিবিধ,—প্রথম, শ্রোত্রিয় পাত্রে কন্তাদাতা কুলীন বংশজ; দ্বিতীয়, গোণ কুলীনের কন্তাগ্রাহী কুলীন বংশজ। স্থল কথা এই, কোনও ক্রমে কুলক্ষর হইলেই, কুলীন বংশজভাবাপন হইয়া থাকেন (২২)।

কেলিভামর্য্যাদা ব্যবস্থাপিত হইলে, এতদেশীয় বান্ধণেরা পাঁচ শ্রেণীতে বিভক্ত হইলেন—প্রথম, কুলীন; দ্বিতীয়, শ্রোতিয়;

⁽২২) বলালের মুখ হইতে বংশকশক নির্গত হইয়াছিল এইমাত্র, তিনি বংশজব্যবস্থা করেন নাই, ঘটকদিগের এই নির্দেশ সম্যক্ সংলগ্ন বোধ হয় না। ৫৬ গাঁইর মধ্যে, ৩৪, গাঁই শ্রোত্রিয়, ও ১৪ গাঁই গৌণ কুলীন, বলিয়া ব্যবস্থাপিত হইয়াছিলেন; অবশিষ্ট ৮ গাঁইর লোকের মধ্যে কেবল ১১ জন কুলীন হন, এই ১৯ জন ব্যতিরিক্ত কোকদিগের বিষয়ে কোনও ব্যবস্থা দেখিতে পাওয়া যায় না। বোধ হইতেছে, বল্লাল এই সকল লোকদিগকে বংশজশুণীবদ্ধ করিয়াছিলেন। বোধ হয়, ই হারাই আদিবংশজ; তৎপরে, আদানপ্রদানদোষে যে সকল কুলীনের, কুলজংশ ঘটিয়াছে, ভাঁহারাও বংশজসংজ্ঞাভাজন হইয়াতেন। ইহাও সম্পূর্ণ সম্ভব বোধ হয়, এই আদিবংশজরা বল্লালের নিকট ঘটক উপাধি প্রাপ্ত ইয়াছিলেন।

তৃতীয়, বংশজ; চতুর্থ, গোণ কুলীন; পঞ্চম, পঞ্চগোত্রবহিতৃতি সপ্তশাতী সম্প্রদায়।

কালক্রমে, গোণ কুলীনেরা শ্রোত্তিয়শ্রেণীতে নিবেশিত হইলেন, কিন্তু স্কাংশে শ্রোত্তিয়দিগের সমান হইতে পারিলেন না। প্রকৃত শ্রোত্তিয়েরা শুদ্ধ শ্রোত্তিয়, ও গোণ কুলীনেরা কট শ্রোত্তিয়, বলিয়া উল্লিখিত হইতে লাগিলেন। গোণকুলীনসংজ্ঞাকালে তাঁহারা যেরূপ হেয় ও অপ্রাদ্ধের ছিলেন, কটপ্রোত্তিয়সংজ্ঞাকালেও সেইরূপ রহিলেন।

কেলিভিমর্য্যাদাব্যবস্থাপনের পর, ১০ পুরুষ গত হইলে, দেবীবর ঘটকবিশারদ কুলীনদিগকে মেলবদ্ধ করেন। যে আচার, বিনয়, বিভা প্রভৃতি গুণ দেখিয়া, বল্লাল আন্ধাদিগকে কেলিভিমর্য্যাদাপ্রদান করিয়াছিলেন, ক্রমে ক্রমে তাহার অধিকাংশইলোপাপতি পায়; কেবল আরুতিগুণমাত্রে কুলীনদিগের যত্ন ও আস্থা থাকে। কিন্তু, দেবীবরের সময়ে, কুলীনেরা এই গুণেও জলাঞ্জলি দিয়াছিলেন। বল্লালদত কুলমর্য্যাদার আদানপ্রদানের বিশুদ্ধিরূপ একমাত্র অবলয়ন ছিল, তাহাও লয়প্রাপ্ত হয়। যে সকল দোবে এককালে কুল নির্মূল হয়, কুলীনমাত্রেই সৈই সমস্ত দোবে দ্বিত হইয়াছিলেন। যে যে কুলীন একবিধ দোবে দ্বিত, দেবীবর তাহাদিগকে এক সম্প্রদায়ে নিবিষ্ট করেন। সেই সম্প্রদায়ের নাম মেল। মেলশব্দের অর্থ দোবমেলন, অর্থাৎ দোবাত্রসারে সম্প্রদায়বন্ধন (২৩)। দেবীবর ব্যবস্থা করেন, দোব যায় কুল তায় (২৪)। বল্লাল গুণ দেখিয়া কুলমর্য্যাদার ব্যবস্থা করিয়াছিলেন; দেবীবর দোব দেখিয়া কুলমর্য্যাদার ব্যবস্থা করিয়াছিলেন; দেবীবর দোব দেখিয়া কুলমর্য্যাদার ব্যবস্থা করিয়াছিলেন; দেবীবর দোব দেখিয়া কুলমর্য্যাদার ব্যবস্থা করিয়াছিলেন ; দেবীবর দোব দেখিয়া কুলমর্য্যাদার ব্যবস্থা করিয়াছেন।

^{&#}x27;(২৩) । দোষাক্ষেলয়তীতি মেলঃ।

⁽২৪) দোষো মত কুলং ওঁত।

মেলে (২৫) বদ্ধ করেন'। তন্মধ্যে ফুলিয়া ও খড়দই মেলের প্রাহুর্ভাব অধিক। এই ছুই মেলের লোকেরাই প্রধান কুলীন বলিয়া পরিগণিত হইয়া থাকেন; এবং, এই ছুই মেলের লোকেরাই, যার পর নাই, অত্যাচারকারী হইয়া উঠিয়াছেন। যে যে দোষে এই ছুই মেল বদ্ধ হয়, তাহা উদ্ধিখিত হইতেছে।

গঙ্গানন্দমুখোপাধ্যায় ও শ্রীপতিবন্দ্যোপাধ্যায় উভয়ে একবিধ দোষে লিপ্ত ছিলেন ; এজন্ত, দেবীবর এই হয়ে ফুলিয়ামেল বদ্ধ করেন। নাধ্য, ধরু, বাকইহাটী, মুলুকজুরী এই দোষচতুষ্টয়ে ফুলিয়ামেল বদ্ধ হয়। নাধানামকস্থানবাসী বন্দ্যোপাধ্যায়েরা বংশজ ছিলেন ; গঙ্গানন্দের পিতা মনোহর তাঁহাদের বাটীতে বিবাহ করেন। এই বংশজক্র্যাবিবাহ দ্বারা তাঁহার কুলক্ষয় ও বংশজভাবাপত্তি ঘটে। মনোহরের কুলরক্ষার্থে, ঘটকেরা পরামর্শ করিয়া নাধার বন্দ্যোপাধ্যায়দিগকে শ্রোত্তিয় করিয়া দিলেন। তদবধি নাধার বন্দ্যোপাধ্যায়রা, বাস্তবিক বংশজ হইয়াও, মাবচটকনামে শ্রোত্তিয় বলিয়া পরিগণিত হইতে লাগিলেন। বস্ততঃ, এই বিবাহ দ্বারা মনোহরের কুলক্ষয় ঘটয়াছিল, কেবল ঘটকদিগের অনুএহে কথঞিৎ কুলরক্ষা হইল। ইহার নাম নাধানে। শ্রীনাথচটোপাধ্যায়ের ছই অবিবাহিতা ছহিতা ছিল। হাঁসাইনামক মুসলমান, ধন্ধনামক স্থানে, বলপূর্ব্বক এ ছই কন্তার জাতিপাত করে। পরে, এক কন্যা রুংসারিতনয় পরমানন্দ পূতিতুপ্ত, আর এক কন্যা গঙ্গাবরবন্দ্যোপাধ্যায় বিবাহ করেন। এই গঙ্গাবরের

⁽२৫) ऽ कृतिया, २ थफ्नर, ० मर्सानमी, ८ वल्ली, ६ स्र्तारे, ७ सांगिर्डारमथंती, १ शिख्यत्रों, ৮ वाक्रांल, ३ भांशिरानघंठे ही, ३० हांग्रानद्वसी, ३० विक्रय गिंखिंगे, ३६ हांगारे, ३० मांगिरे, ३० मांगिरे, ३० विक्रय गिंखिंगे, ३६ शांतिर्हाल, ३७ ख्रीत्रक्र होंगे, ३० मांगिरे, ३० सांगिरे, ३० ख्रीत्रक्र मांगी, २० ख्रीत होंगे, ३० ख्रामांगी, २० ख्रीत होंगे, ३० ख्रामांगी, २० सांगिर्द्राणे, ३० ख्रामांगी, २० सांगिर्द्राणे, ३० ख्रामांगी, २० सांगिर्द्राणे, ३० ख्रामांगिर्द्राणे, ३० सांगिर्द्राणे, ७० सांगिर्द्राणे, ३० वांगी, ०० तांच्यायांगी, ०० ख्रामांगिर्द्राणे, ७० मम्नम्नथानी, ०० हस्त्री।

সহিত নীলকণ্ঠ গঙ্গোর আদানপ্রদান হয়। নীলকণ্ঠগঙ্গোর সহিত আদানপ্রদান দ্বারা, গঙ্গানন্দও ধবনদোবে দূবিত হয়েন। ইহার নাম ধন্ধদোষ(২৬)। বাৰুইহাটীপ্রামে ভোজন করিলে, ত্রান্ধণের জাতিভ্রংশ ঘটিত। কাঁচনার মুখুটা অর্জ্জুনমিশ্র ঐ প্রামে ভোজন করিয়াছিলেন। শ্রীপতিবন্দ্যোপাধ্যায় তাঁহার সহিত আদানপ্রদান করেন। এই শ্রীপতিবন্দ্যোপাধ্যায়ের সহিত আদানপ্রদান দ্বারা গঙ্গানন্দও তদ্দোবে দূবিত হয়েন। ইহার নাম বাৰুইহাটীদোষ। গঙ্গানন্দভাতৃপুক্র শিবাচার্য্য, মুলুকজুরীকন্যা বিবাহ করিয়া, কুলভ্রন্ট ও মপ্তশতীভাবাপম্ব হন; পরে শ্রীপতিবন্দ্যোপাধ্যায়ের কন্যা বিবাহ করেন। ইহার নাম মুলুকজুরীদোষ।

ষোগেশ্বর পণ্ডিত ও মধুচটোপাধ্যায়, উভয়ে একবিধ দোবে লিপ্ত ছিলেন; এজন্ম এই হুয়ে খড়দহমেল বদ্ধ হয়। যোগেশ্বরের পিতা হরিমুখোপাধ্যায় গড়গড়িকন্যা, যোগেশ্বর নিজে পিপলাই কন্যা, বিবাহ করেন। মধুচটোপাধ্যায় ডিংসাই রায় পরমানন্দের কন্যা বিবাহ করেন। যোগেশ্বর এই মধুচটোকে কন্যাদান করিয়াছিলেন।

বংশজ, 'গোণ কুলীন ও সপ্তশতী সম্প্রদায়ের কন্যা বিবাহ করিলে, এক কালে কুলক্ষয় ও বংশজভাবাপত্তি ঘটে। কুলিয়ামেলের প্রেকৃতি গঙ্গানন্দমুখোপাধ্যায়ের পিতা মনোহর বংশজকন্যা বিবাহ করেন; গঙ্গানন্দজাতৃপুত্র শিরাচার্য্য মুলুকজুরীকন্যা বিবাহ করেন। ধড়দহমেলের প্রকৃতি যোগেশ্বর পণ্ডিতের পিতা হরিমুখোপাধ্যায় গড়গড়িকন্যা, যোগেশ্বর নিজে পিপলাইকন্যা, আর মরুচ্টোপাধ্যায়

⁽২৬) অনূঢ়া জীনাৰ স্থা ধৰ্মটিস্থলে গতা। হাঁদাইখানদারেণ যবনেন বলাৎকুডা।

ধকস্থানগতা কন্যা শ্রীনাথচউজাত্মজা।

যবনেন চ সংস্কৃতি, সোঢ়া কংসক্তেন হৈ।

নাথাইচন্টের কন্যা স্থানাইথানদারে।

কেই কন্যা বিভাতকল বন্দ্য গলীবরে।

ডিংসাইকন্যা, বিবাহ করেন। মুলুকজুরী পঞ্চগোত্রবহিভূ ত সপ্তশতী-সম্প্রাদারের অন্তর্বর্ত্তী; গড়গড়ি, পিপলাই ও ড়িংসাই গোণ কুলীন। ফুলিয়া ও খড়দহ মেলের লোকেরা কুলীন বিলিয়া যে অভিমান করেন, তাহা সম্পূর্ণ আন্তিমুলক; কারণ, বংশজ, গোণ কুলীন ও সপ্তশতী কন্যা বিবাহ দ্বারা বহু কাল তাঁহাদের কুলক্ষয় ও বংশজভাবাপত্তি ঘটিয়াছে। অধিকস্তু, ব্যনদোষস্পর্শবশতঃ, কুলিয়ামেলের লোকদিগের জ্বাতিভ্রংশ হইরা গিয়াছে। এইরপ, সকল মেলের লোকেরাই কুবিবাহাদিদোয়ে কুলভ্রম্ট ও বংশজভাবাপত্ম হইরা গিয়াছেন। কলতঃ, মেলবন্ধনের পূর্বেই বল্লালপ্রতিষ্ঠিত কুলমর্য্যাদার লোপাপত্তি হইরাছে। এক্ষণে যাঁহারা কুলীন বলিয়া অভিমান করেন, তাঁহারা বাস্তবিক বহু কালের বংশজ। যাঁহারা বংশজ বলিয়া পরিগণিত হইরা থাকেন, কোলীন্যপ্রধার নির্মানুসারে, তাঁহাদের সহিত ইদানীন্তন কুলাভিমানী বংশজদিগের কোনও অংশে কিছুমাত্র বিভিন্নতা নাই (২৭)।

যেরূপ দর্শিত হইল, তদমুসারে বহু কাল রাটার ব্রাহ্মণদিগের কোলীন্যমর্য্যাদা লয়প্রাপ্ত হইয়াছে। কোলীন্যের নিয়মামুসারে কুলীন বলিয়া গণনীয় হইতে পারেন, ইদানীং ঈদৃশ ব্যক্তিই অপ্রাপ্য ও অপ্রসিদ্ধ। অতএব, যখন কুলীনের একান্ত অসম্ভাব ঘটিয়াছে, তখন, বহুবিবাহপ্রাথা নিবারিত হইলে, কুলীনদিগের জাতিপাত ও ধর্মলোপ ঘটবেক, এই আপত্তি কোনও মতে ন্যায়োপেত বলিয়া অকীকৃত হইতে পারে না।

प्रवीवत य य घत लहेशा यल वह्न क्टबन, पारे पारे घटन

⁽২৭) কি কি দোষে কোন কোন মেল বন্ধ হয়, দোষমালাপ্রছে তাহার সবিত্তর বিবরণ আছে; বাহুল্যভয়ে এছলে সে দকল উল্লিখিত হইল না। যাঁহারা দিবিশেষ জানিতে চাহেন, তাহাদের পক্ষে দোষমালাগ্রছ দেখা ভাষাবাদ্

আদান প্রদান ব্যবস্থাপিত হয়। মেলবদ্ধনের পূর্কে, কুলীনদিগের আট ষরে পরস্পর আদান প্রদান প্রচলিত ছিল। ইহাকে সর্বাধারী বিবাহ কহিত। তৎকালে আদান প্রদানের কিছুমাত্র অস্কবিধা ছিল না। এক ব্যক্তির অকারণে একাধিক বিবাহ করিবার আবস্থাকতা ঘটিত না, এবং কোনও কুলীনকন্যাকে যাবজ্জীবন অবিবাহিত অবস্থায় কাল্যাপন করিতে হইত না। একণে, অপ্পেষরে মেল বদ্ধ হওয়াতে, কাম্পানিককুলরক্ষার্থে, এক পাত্রে অনেক-কন্যাদান অপরিহার্য্য হইয়া উঠিল। এই রূপে, দেবীবরের কুলীনদিগের মধ্যে বহু বিবাহের সূত্রপাত হইল।

অবিবাহিত অবস্থায় কন্যার ঋতুদর্শন শাস্ত্রান্তুসারে খোর তরপাতক-জনক। কাশ্যপ কহিয়াছেন,

পিতৃর্বেছে চ ষ্কা কন্যা রজঃ পশ্যত্যসংস্কৃতা।
জনহত্যা পিতৃস্কস্থাঃ সা কন্যা র্যলী স্মৃতা॥
যক্ত তাং বরয়েৎ কন্যাং ব্রাহ্মণো জ্ঞানহূর্বলঃ।
অপ্রান্ধের্মপাংক্রেয়ং তং বিদ্যাদ্ধলীপতিম্॥ (২৮)
যে কন্যা অবিবাহিত অবস্থায় পিতৃগ্ছে রজম্বলা হয়, তাহার
পিতা জনহত্যাপাপে লিপ্ত হন। সেই কন্যাকে র্যলী বলে। যে

জ্জানহীন ত্রান্ধণ সেই কম্মার পাণিগ্রহণ করে, সে অপ্রাচ্চের (২৯), অপাংক্তের (৩০) ও র্যনীপতি।

যম কহিয়াছেন।

মতা চৈব পিতা চৈব জ্যেষ্ঠো জাতা তথৈব চ। ত্রয়ন্তে নরকং যান্তি দৃষ্টা কন্যাং রজস্বলাম্॥ ২৩॥

⁽২৮) উবাহতজ্বপুত।

⁽२०) यशिष्ठ बाद्ध निमक्त क्रिया छोजन क्रोहरन बाद्ध १७ इस । .

⁽৩০) যাহার সহিত এক পংক্তিতে ব্দিয়া ভোজন করিতে নাই।

যন্তাং বিবাহয়েৎ কন্যাং ব্রাহ্মণো মদমোহিতঃ। অসম্ভাষ্যো ছপাংক্তেয়ঃ স বিপ্রো রুষলীপতিঃ॥২৪॥(৩১)

কহাকে অবিবাহিত অবস্থার রজস্বলা দেখিলে, মাতা, পিতা, জ্যেষ্ঠ জাতা, এই তিন জন নরকগামী হয়েন। যে ব্রাহ্মণ, অজ্ঞানান্ধ হইরা, সেই কহাকে বিবাহ করে, সে অসম্ভাষ্য, (৩২) অপাংক্তের ও রুষলীপতি।

পৈঠীনসি কহিয়াছেন,

যাবন্নোদ্ভিদ্যেতে স্তর্নো তাবদেব দেয়া। অথ ঋতুমতী ভবতি দাতা প্রতিগ্রহীতা চ নরকমাপ্নোতি পিতৃ-পিতামহপ্রপিতামহাশ্চ বিষ্ঠায়াং জায়ন্তে। তন্মান্ন-গ্রিকা দাতব্যা॥ (৩৩)

স্তনপ্রকাশের পূর্ব্বেই কস্থাদান করিবেক। বাঁদি কস্থা বিবাহের পূর্ব্বে ঋতুমতী হয়, দাতা ও গ্রহীতা উভয়ে নরকগামী হয়, এবং পিতা, পিতামহ, প্রপিতামহ বিষ্ঠায় জন্মগ্রহণ করেন। অতএব ঋতুদর্শনের পূর্ব্বেই কস্থাদান করিবেক।

ব্যাস কহিয়াছেন,

যদি সা দাত্বৈকল্যাদ্রজঃ পশ্যেৎ কুমারিকা। জ্রনহত্যাশ্চ তাবত্যঃ পতিতঃ স্থাভদপ্রদঃ॥ (৩৪)

যে ব্যক্তি দানাধিকারী, যদি তাহার দোষে কুমারী ঋতুদর্শন করে; তবে, সেই কুমারী অবিবাহিত অবস্থায় যত বার ঋতুমতী হয়, তিনি তত বার জ্ঞাণহত্যাপাপে লিপ্ত, এবং যথাকালে তাহার বিবাহ না দেওয়াতে, পতিত হন।

⁽৩১) যমসংহিতা।

⁽৩২) যাহার সহিত সম্ভাষণ করিলে পাতক জন্মে।

⁽৩৩) জীমুতবাহনকৃত দায়ভাগধৃত ।

⁽৩৪) ব্যাসদংহিতা। বিতীয় স্বধ্যায়।

অবিবাহিত অবস্থার কন্সার ঋতুদর্শন ও ঋতুমতী কন্যার পাণিএহণ এক্ষণকার কুলীনদিগের গৃহে সচরাচর ঘটনা। কুলীনেরা, দেবীবরের কপোলকম্পিত প্রথার আজ্ঞাবর্তী হইয়া, ঘোরতর পাতকগ্রস্ত হইতেছেন। শাস্তানুসারে বিবেচনা করিতে গেলে, তাঁহারা বহু কাল পতিত ও ধর্মচ্যুত হইরাছেন (১৫)।

কুলীনমহাশয়েরা যে কুলের অহস্কারে মন্ত হইয়া আছেন, তাহা বিধাতার সৃষ্টি নহে। বিধাতার সৃষ্টি হইলে, সে বিষয়ে স্বতন্ত্র বিবেচনা করিতে হইত। এ দেশের ব্রাক্ষণেরা বিস্তাহীন ও আচারভ্রম হইতেছিলেন। যাহাতে তাঁহাদের মধ্যে বিস্তা, সদাচার প্রভৃতি গুণের আদর থাকে, এক রাজা তাহার উপায়স্বরূপ কুলমর্য্যাদা ব্যবস্থা, এবং কুলমর্য্যাদা রক্ষার উপায়স্বরূপ কতকগুলি নিয়ম সংস্থাপন, করেন। সেই রাজপ্রতিষ্ঠিত নিয়ম অনুসারে বিবেচনা করিয়া দেখিলে, কুবিবাহাদি দোষে বহু কাল কুলীনমাত্রের কুলক্ষয় হইয়া গিয়াছে।

কামমামরণা ডিটেলগৃহে কন্যর্ভুমত্যপি।
নটেটবনাং প্রাযক্তেছু গুণহীনায় কহিছি ॥ ১ । ৮১ ॥
কন্যা ঋতুমতী হইয়া মৃত্যুকাল পর্যান্ত বরং গৃহে থাকিবেক, তথাপি
ভাহাকে কদাচ নির্গ্রণ পাত্রে প্রদান করিবেক না।

এই মানবীয় ব্যবস্থা অবলখন করিয়া চলেন বলিয়া ভাবিয়া থাকেন। মন্থ নির্প্রণ পাত্রে করাদান অবিধেয় বলিয়া নির্দেশ করিয়াছেন। কিন্তু, ইদানীজন কুলাভিমানীশ্মহাশয়েরা সর্বাপেকা নির্প্রণ; আচার, বিনয়, বিদ্যা প্রভৃতি গুণে ভাঁহারা একবারে বর্জিড় হইয়াছেন। স্থতরাং, ভাঁহাদের অভিমৃত্ত শান্ত অনুসারে বিবেচনা করিতে গেলে, একণকার কুলীন পাত্রে কন্যাদান করাই সর্বভোভাবেশ্যবিধেয় বলিয়া নিঃসংশয়ে প্রীভিগন হইবেক।

⁽৩৫) যদিও, অবিবাহিত অবস্থায় কন্যার ঋতুদর্শন ও ঋতুমতী কন্যার গাণিগ্রহণ শাক্ষানুসারে যোরতরপাতকজনক; কিন্তু, কুলাভিমানী মহাপুরুষেরা উহ'কে দোষ বলিঘা গ্রাহ্য করেন না। দোষ বোধ করিলে, অকিঞ্চিৎকরকুলাভিমানের বশবর্তী হইঘা চলিতেন না, এবং কন্যাদিগকে অবিবাহিত অবস্থায় রাখিয়া নিজে নরক্গামী হইতেন না, এবং পিতা, পিতামহ, প্রাপিতামহ এই তিন পূর্ব্বপুরুষকে পরলোকে বিঠাকুতে নিক্ষিপ্ত করিতেন না। হয়ত, তাঁহারা,

যখন, রাজপ্রতিষ্ঠিত নিয়ম অনুসারে, রাজদত্ত কুলমর্য্যাদার উদ্ভেদ হইয়াছে, তখন কুলীনপ্রভা মহাপুরুষদিগের ইদানীস্তন কুলাতিমান নিরবচ্ছিন্ন আস্তিমাত্র। অনস্তর, দেবীবর যেরপে যে অবস্থায় কুলের ব্যবস্থা করিয়াছেন, তাহাতে কুলীনগণের অহকার করিবার কোনও ভেতু দেখিতে পাওয়া যায় না। কুলীনেরা স্কবোধ হইলে, অহকার না করিয়া, বরং তাদৃশ কুলের পরিচয় দিতে লজ্জিত হইতেন। লজ্জিত হওয়া দুরে থাকুক, দেই কুলের অভিযানে, শাস্তের মস্তকে পদার্পণ করিয়া, স্বয়ং নরকগামী হইতেছেন, এবং পিতা, পিতামহ, প্রপিতামহ, তিন পুরুষকে পরলোকে বিষ্ঠাইদে বাস করাইতেছেন। ধন্তা রে অভিযান! তোর প্রভাব ও মহিমার ইয়তা নাই। তুই মনুষ্যজাতির অভি বিষম শক্র। তোর কুহকে পড়িলে, সম্পূর্ণ মতিক্ষন্ন ঘটে; হিতাহিতবোধ, ধর্মাধর্মবিবেচনা একবারে অস্তর্হিত হয়।

কেলিন্যমর্ব্যাদাব্যবস্থাপনের পর, দশ পুরুষ গত হইলে, দেবীবর, কুলীনদিগের মধ্যে নানা বিশৃপ্থলা উপস্থিত দেখিয়া, মেলবন্ধন দারা নৃতন প্রণালী সংস্থাপন করেন। একণে, মেলবন্ধনের সময় হইতে দশ পুরুষ অতীত হইয়াছে (৩৬); এবং কুলীনদিগের মধ্যে নানা বিশৃপ্থলাও ঘটিয়াছে। স্থতরাং পুনরায় কোনও নৃতন প্রণালী সংস্থাপনের সময় উপস্থিত হইয়াছে। প্রথমতঃ, ব্রাহ্মণদিগের মধ্যে বিশৃপ্থলা উপস্থিত দেখিয়া, বল্লালসেন তরিবারগা-

⁽৩৬)১ এছির্য, ২ এ গর্ভ, ৩ এ নিবাস, ৪ আরব, ৫ তিবিক্রম, ৬ কাক, ৭ সাধু,৮ জলাশয়,১ বাণেখর,১০ গুছ,১১ মাধ্ব,১২ কোলাহল। এ হর্মপ্রথম সৌড্দেশে আসমন করেন।

১ উৎসাহ, २ जांश्जि, ० উদ্ধর, ৪ শির, ৫ নৃসিংহ, ৬ গর্ভেশ্বর, ९ মুরারি, ৮ জানিরুদ্ধ, ১ লক্ষ্মীধর, ১০ মনোহর। মুখুদিবংশে উৎসাহ প্রথম কুলীন হন।

> शकानक, २ ज्ञामाठार्था, ७ ज्ञाचटाटा, छ. नीमक्षे, ६ विकू. ७ ज्ञामटनव, १ भीजाज्ञाम, ৮ महासिव, ३ श्लोजाठीम, ३० क्यांत्र। शकानक क्रिजाटमटनत्र প্রাকৃতি। ঈশ্বসুষ্ঠোপাধ্যায় শর্ভান্ত্রামবাসী।

ভিপ্রায়েকেলিঅমর্যাদা সংস্থাপন করেন। তৎপরে, কুলীনদিগের মধ্যে বিশৃঙ্খলা উপস্থিত দেখিয়া, দেবীবর তনিবারণাশয়ে মেলবন্ধন করেন। এক্ষণে, কুলীনদিগের মধ্যে যে অশেষবিধ বিশৃঞ্জলা উপস্থিত হইয়াছে, কুলাভিমান পরিত্যাগ ভিন্ন তন্নিবারণের আরু সহুপায় নাই। বদি তাঁহারা স্থবোষ, ধর্মভীক ও আত্মসঙ্গলাকাজ্ফী হন, অকিঞ্চিৎকর কুলাভিমানে বিসর্জ্জন দিয়া, কুলীননামের কলঙ্ক বিমোচন করুন। আর, ধদি তাঁহারা কুলাভিমান পরিত্যাণ নিতান্ত অসাধ্য বা একান্ত অবিধেয় বোধ করেন, ভবে তাঁছাদের পক্ষে কোনও মুভন ব্যবস্থা অবলম্বন করা আবশাক। এ অবস্থায়, বোষ হয়, পুনরায় সর্বদ্বারী বিবাছ প্রচলিত হওয়া ভিন্ন, কুলীনদিগের পরিত্রাণের পথ নাই। এই পথ অবলম্বন করিলে, কোনও কুলীনের অকারণে একাধিক বিবাহের আবশ্যকতা থাকিবেক না; কোনও কুলীনকন্তাকে, যাবজ্জীবন বা দীর্ঘ কাল অবিবাহিত অবস্থায় থাকিয়া, পিতাকে নরকগামী করিতে হইবেক না; এবং রাজনিয়ম দ্বারা বহুবিবাছপ্রথা নিবারিত হইলে, কোনও ক্ষতি বা অস্ত্রবিধা ঘটিবেক না। এ বিষয়ে ক্লীন্দিনের ও কুলীন্পক্ষপাতী মহাশ্যদিগের ষত্ন ও মনোযোগ করা কর্ত্তব্য। অনিষ্টকর, অধর্মকর কুলাভিমানের রক্ষাবিষয়ে, অন্ধ ও অবোদের ন্যায়, সহায়তা করা অপেক্ষা, যে সকল দোষ বশতঃ 'ক্লীনদিগের ধর্মলোপ ও ধার পার নাই অনিষ্টদংঘটন হইতেছে, म्बर्ध क्षारात मः स्थापन भाषा प्रकान क्रिक्त कृलीन भक्ति । महामात्रिमित तुष्ति, वित्काना ও वर्त्यात अनुवाही कर्य कता इरेत्वक। ্ইদানীস্ত্রন কুলাভিমানী মহাপুক্ষেরা কুলীন বলিয়া অভিমান করিতেছেন, এবং দেশস্থ লোকের পূজনীয় হইতেছেন। বদি তদীয় চরিত্র বিশুদ্ধ ও ধর্মার্গানুষায়ী হইত, তবে তাহাতে কেহ কোনও ক্তিবোধ বা আপত্তি উত্থাপন ক্রিড না। কিছু, তাঁহাদের আচরণ,

আচরণবিষয়ে লোকসঁমাজে শত শত উপাধ্যান প্রচলিত আছে: এম্বলে সে সকলের উল্লেখ করা নিপ্রাক্ষন। ফলকথা এই, দয়া, ধর্মভয়, লোকলজ্ঞ। প্রভৃতি একবারে তাঁহাদের হৃদয় হইতে অন্তর্হিত হইয়া গিয়াছে। কন্যাসম্ভানের স্থুখত্রংখগণনা বা হিতাহিতবিবেচনা তদীয় চিত্তে কদাচ স্থান পায় না। কন্যা যাহাতে করণীয় ঘরে অর্পিতা হয়, কেবল তদ্বিষয়ে দৃষ্টি থাকে। অম্বরে অর্পিতা হইলে কন্যা ক্লক্ষ্যকারিণী হয়; এজন্য, কন্যার কি দশা হইবেক, দে দিকে দৃষ্টিপাত না করিয়া, যেন তেন প্রকারেণ, কন্যাকে পাত্রসাৎ করিতে পারিলেই, তাঁছারা চরিতার্থ হয়েন। অবিবাহিত অবস্থায়, কন্যা বাটী ছইতে বহির্গত হইয়া গেলে, তাঁহাদের কুলক্ষয় ঘটে; বাদীতে থাকিয়া, ব্যভিচারদোষে আক্রান্ত ও জনংহত্যাপাপে বারংবার লিপ্ত হইলে. কোনও দোষ ও হানি নাই। কথঞ্চিৎ কুলরক্ষা করিয়া, অর্থাৎ বিবাহিতা হইয়া, কন্যা বারাঙ্গনায়তি অবলম্বন করিলে, তাঁহাদের কিঞিমাত্র ক্ষোভ, লজ্জা বা ক্ষতিবোধ হয় না। তাহার কারণ এই যে, এ সকল ঘটনায় কুললক্ষী বিচলিতা হয়েন না। यদি কুললক্ষী বিচলিত। না হইলেন, তাহা হইলেই তাঁহাদের সকল দিফ রক্ষা হইল। কুললক্ষীরও তাঁহাদের উপর নিরতিশয় স্নেহ ও অপরিদীম দয়া। তিনি, কোনও ক্রমে, দেই স্নেছ ও দেই দয়া পরিত্যাগ করিতে পারেন না। এ স্থলে, কুললক্ষ্মীর ক্ষেহ ও দয়ার একটি আশ্চর্য্য উদাহরণ প্রদর্শিত হইতেছে।

অমুক প্রামে অমুক নামে একটি প্রধান কুলীন ছিলেন। তিনি
তিন চারিটি বিবাহ করেন। অমুক প্রামে যে বিবাহ হয়, তাহাতে
তাঁহার দুই কন্সা জন্মে। কন্যারা জন্মাবিধি মাতুলালয়ে থাকিয়া প্রতিপালিত হইয়াছিল। মাতুলেরা ভাগিনেয়ীদের প্রতিপালন করিতেছেন ও যথাকালে বিবাহ দিবেন এই স্থির করিয়া, পিতা নিশিস্ত ধাকিতেন, কোনও কালে তাহাদের কোনও তত্ত্বাবধান করিতেন না। তুর্ভাগ্যক্রমে, মাতুলদের অবস্থা ক্ষুণ্ণ হওয়াতে, তাঁহারা ভাগিনেরীদের বিবাহকার্য্য নির্মাহ করিতে পারেন নাই। প্রথম কম্পার বয়ঃক্রম ১৮।১৯ বংসর, দ্বিভীয়াটির বয়ঃক্রম ১৫।১৬ বংসর, এই সময়ে,কোনও ব্যক্তি ভুলাইয়া ভাহাদিগকে বাটি হইতে বাহির করিয়া লইরা যায়।

প্রায় এক পক্ষ অভীত হইলে, ভাহাদের পিতা এই দুর্ঘটনার সংবাদ পাইলেন, এবং কিন্কর্ভব্যবিষ্ণু হইয়া, এক আত্মীয়ের সহিত পরামর্শ করিবার নিষিত্ত, কলিকাতায় আগমন করিলেন। আত্মীয়ের নিকট এই চুর্যটনার রভান্ত বর্ণন করিয়া, তিনি গলদঞ্চ লোচনে আফুল বচনে কহিতে লাগিলেন, ভাই এত কালের পর আমার কুললক্ষ্মী পরিত্যাগ করিলেন; আর আমার জীবনধারণ রুথা; আমি অতি হতভাগ্য, নতবা কুললক্ষী বাম হইবেন কেন। আত্মীয় কছিলেন, তুমি যে কখনও কন্তাদের কোনও সংবাদ লও নাই, এ তোমার সেই পাপের প্রতিফল। যাহা হউক, কুলীন ঠাকুর, অনেক ভাবিয়া চিস্তিয়া, অবশেষে কন্সা-প্রারীর শ্রণাগত হইবেন এবং প্রার্থনা করিলেন, আপুনি দ্যা করিয়া তিন মাসের জম্ম কম্মা ঘুটি দেন, আমি তিন মাস পরে উহাদিগকে আপনকার নিকট পঁতুছাইয়া দিব। কন্তাপহারী বাঁহাদের অনুরোধ রক্ষা করেন, এরূপ অনেক ব্যক্তি, কুলীনঠাকুরের কাতরতা দর্শনে ও আর্ত্রবাক্য প্রবর্গে অনুকম্পাপরতন্ত্র হইয়া, অনেক অনুরোধ করিয়া, তিন মাদের জন্য, সেই ছুই কন্যাকে পিতৃহত্তে সমর্পণ করাইলেন। তিনি, চরিতার্থ হইয়া, তাহাদের ছুই ভগিনীকে আপন বসভিস্থানে लहेशा भारतन, अवर अक गांकि, अधरत विवाह निवात कना, हुती করিয়া লইয়া গিরাছিল"; অনেক বত্বে, অনেক কৌশলে, ইছাদের উদ্ধার করিয়াছি, ইছা প্রচার করিয়া দিলেন। কন্যারা না পলায়ন করিতে পারে, এজন্য, এক রক্ষকু নিযুক্ত করিলেন। সে সর্বাহ্ন তাহাদের রক্ষণাবেক্ষণ করিতে লাগিল।

এইরূপ ব্যরস্থা করিয়া, কুলীনঠাকুর অর্থের সংগ্রহ ও বরের অবেষণ

করিবার নিমিত্ত নির্গত হইলেন এবং এক মাদ পরে, ভাদ্রমানের শেষে, বিবাহোপযোগী অর্থ সংগ্রহপূর্বক এক ষষ্টিবর্নীয় বর সমভিব্যাহারে বাদীতে প্রভ্যাগমন করিলেন। বর কন্তাদের চরিত্রবিষয়ে কিঞ্চিৎ জানিতে পারিয়াছিলেন; এজন্য, নিয়মিত অপেক্ষা অধিক দক্ষিণা না পাইয়া, কুলীনঠাকুরের কুলরক্ষা করিতে সম্মত হইলেন না। পর রাজিতেই সম্প্রদানজিয়া সম্পন্ন হইয়া গেল। কুলীনঠাকুরের কুলরক্ষা হইল। যাঁহারা বিবাহক্কেত্রে উপস্থিত ছিলেন, স্বচক্ষে প্রভ্রেক করিয়াছেন, কুললক্ষমী বিচলিতা হইলেন না, এই আহ্লাদে ত্রাক্ষণের নয়নমুগলে অঞ্চধারা বহিতে লাগিল।

পর দিন প্রভাত হইবামাত্র, বর স্বস্থানে প্রস্থান করিলেন।
কতিপয় দিবস অতীত হইলে, বিবাহিতা কুলবালারাও অন্তর্হিতা
হইলেন। তদবধি আর কেহ তাঁহাদের কোনও সংবাদ লয় নাই;
এবং, সংবাদ লইবার আবশ্যকতাও ছিল না। তাঁহারা পিতার কুলরকা
করিয়াছেন; অতঃপর যথেচ্ছারিণী হইলে, পিতার কুলোচ্ছেদের
আশক্ষা নাই। বিশেষতঃ, তিনি কন্যাপহারীর নিকট অঙ্গীকার
করিয়াছিলেন, তিন মাস পরে কন্যাদিগকে তাঁহার নিকট পঁত্ছাইয়া
দিবেন। বিবাহের অব্যবহিত পরেই, প্রতিশ্রুত সময় উত্তীর্ণ হইয়া
যায়। সে যাহা হউক, কুলীনচাকুর কুললক্ষীর স্বেহ ও দয়ায় বিশ্বিত
হইলেন না, ইহাই পরম সোভাগ্যের বিষয়। চঞ্চলা বলিয়া লক্ষীর
বিলক্ষণ অপবাদ আছে। কিন্তু কুলীনের কুললক্ষী সে অপবাদের
আম্পদ নহেন।

অনেকেই এই ঘটনার সবিশেষ বিবরণ অবর্গত হইয়াছিলেন, কিন্তু, তজ্জন্য, কেহ কুলীনঠাকুরের প্রতি অশ্রদ্ধা বা অনা্দর প্রদর্শন করেন নাই।

তৃতীয় আপত্তি।

কেছ কেছ আপত্তি করিতেছেন, বহুবিবাছপ্রথা রক্কিত হইলে, ভঙ্গকুলীনদিগের সর্ব্ধনাশ। এক ব্যক্তি অনেক বিবাহ করিতে না পারিলে,
তাঁহাদের কোলীন্যমর্য্যাদার সমূলে উচ্ছেদ ঘটিবেক। এই আপত্তির
বলাবল বিবেচনা করিতে হইলে, ভঙ্গকুলীনের কুল, চরিত্র প্রভৃতির
পরিচয় প্রদান আবশ্যক।

পূর্ব্বে উল্লেখিত হইয়াছে, বংশজকন্যা বিবাহ করিলে, কুলীনের কুলক্ষয় হয়, এজন্য কুলীনেরা বংশজকন্যার পাণিএইণে পরাঙ্মুখ খাকেন। এ দিকে, বংশজদিগের নিতান্ত বাসনা, কুলীনে কন্যাদান করিয়া বংশের গোরবর্দ্ধি করেন। কিন্তু সে বাসনা অনায়াসে সম্পন্ন হইবার নহে। যাঁহারা বিলক্ষণ সঙ্গতিপন্ন, তাদৃশ বংশজেরাই সেই সোভাগ্যলান্তে অধিকারী। যে কুলীনের অনেক সন্তান থাকে, এবং অর্থলোভ সাতিশায় প্রবল হয়, তিনি, অর্থলাতে চরিভার্থ হইয়া, বংশজক্ন্যার সহিত পুল্লের বিবাহ দেন। এই বিবাহ দারা কেবল ঐ পুল্লের কুলক্ষয় হয়, তাঁহার নিজের বা অন্যান্য পুল্লের কুলক্ষর্যাদার কোনও ব্যতিক্রেম ঘটে না।

এইরপে, যে সকল কুলীনসম্ভান, বংশজকন্যা বিবাহ করিয়া, কুলজফ হয়েন, তাঁহারা স্বরুতভঙ্গ কুলীন বলিয়া উল্লিখিভ ইইয়া থাকেন। সদৃশ ব্যক্তির অতঃপর বংশজকন্যা বিবাহে আর আপত্তি থাকে নাই কুলভঙ্গ করিয়া কুলীনকে কন্যাদান করা বহুব্যয়সাধ্য, এজন্য সকল বংশজের ভাগো সেঁ সোভাগ্য ঘটিয়া উঠে না। ক্লিভু স্বরুতভঙ্গ কুলীনেরা কিঞ্চিৎ পাইলেই তাঁহাদিগকে চরিতার্থ করিতে

প্রস্তুত আছেন। এই স্থুযোগ দেখিয়া, বংশজেরা, কিঞ্চিৎ কিঞ্চিৎ
দিয়া সন্তুই করিয়া, স্বক্লতভঙ্গকে কন্যাদান করিতে আরম্ভ করেন।
বিবাহিতা স্ত্রীর কোনও ভার লইতে হইবেক না, অর্থচ আপাততঃ
কিঞ্চিৎ লাভ হইতেছে, এই ভাবিয়া স্বক্লতভঙ্গেরাও বংশজদিগকে
উদ্ধার করিতে বিমুখ হয়েন না; এইরূপে, কিঞ্চিৎ লাভলোভে,
বংশজকন্যাবিবাহকরা স্বক্লতভঙ্গের প্রক্লত ব্যবসায় হইয়া উঠে।

এতন্তির, ভঙ্গকুলীনদের মধ্যে এই নিয়ম হইয়াছে, অন্ততঃ স্থানমান পর্য্যায়ের ব্যক্তিদিগকে কন্সাদান করিতে হইবেক, অর্থাৎ স্বক্তভঙ্গের কন্সা স্থকতভঙ্গপাত্রে দানকরা আবশ্যক। তদনুসারে, যে সকল স্থকতভঙ্গের অবিবাহিতা কন্যা থাকে, তাঁহারাও কিঞ্চিৎ কিঞ্চিৎ দিয়া সন্তুই করিয়া, স্বক্তভঙ্গকে কন্সাদান করেন। স্থক্তভঙ্গের পুত্র, পোত্র প্রেক্তভঙ্গ পাত্রে কন্সাদান করা শ্লাঘার বিষয়; এজন্য ভাঁহারাও, সবিশেষ যত্ন করিয়া, স্বক্তভঙ্গ পাত্রে কন্যাদান করিয়া থাকেন।

স্বক্তভঙ্গ কুলীন এইরপে ক্রমে জমে জনেক বিবাহ করেন।
স্বক্তভঙ্গের পুল্রেরা এ বিষয়ে স্বক্তভঙ্গ অপেক্ষা মিতান্ত নিক্ষট
নহেন। তৃতীয় পুৰুষ অবিধি বিবাহের সংখ্যা ন্যুন হইতে আরম্ভ হয়।
পূর্বের, বংশজ্ঞকন্যা এইণ করিলে, কুলীন এককালে কুলুভাই ও
বংশজ্জাবাপন্ন হইয়া, হেয় ও অপ্রান্ধেয় হইতেন; ইদানীং, পাঁচপুৰুষ
পর্য্যন্ত, কুলীন বলিয়া গণ্য ও মান্য হইয়া থাকেন।

বে সকল হতভাগা কন্যা স্বক্নতভঙ্গ অপ্নবা প্লপু্কষিয়া পাত্রে অপিতাহয়েন, তাঁহারা যাবজ্জীবন পিত্রালয়ে বাস করেন। বিবাহকর্ত্তা মহাপুক্ষরো, কিঞ্চিৎ দক্ষিণা পাইয়া, কন্যাকর্ত্তার কুলরক্ষা অথবা বংশের গোরবর্দ্ধি করেন, এইমাত্র। সিদ্ধান্ত করা আর্ছে, বিবাহ-কর্তাকে বিবাহিতা জ্রীর তত্ত্বাবধানের, অথবা ভরণপোষণের, ভারবহন করিতে হইবেক না। স্কৃতরাং কুলীনমহিলারা, নাম্মাত্রে বিবাহিতা

হইয়া, বিধবা কন্যার ন্যায়, যাবজ্জীবন পিত্রালয়ে কাল্যাপন করেন। স্বামিদহবাদসোভাগ্য বিধাতা তাঁহাদের অদুফে লিখেন নাই; এবং তাঁহারাও দে প্রত্যাশা করেন না। কন্যাপন্দীয়েরা দবিশেষ চেটা পাইলে, কুলীন জামাতা শ্বশুরালয়ে আদিয়া ছুই চারি দিন অবস্থিতি করেন; কিন্তু দেবা ও বিদায়ের ক্রটি হইলে, এ জন্মে আর শ্বশুরালয়ে পদার্পণ করেন না।

কোনও কারণে কুলীনমছিলার পর্ভস্ঞার হইলে, তাহার পরি-পাকাर्य, कन्गां भक्तीयमिगरक जिविध छे भाष व्यवस्त कतिए इस । প্রথম, সবিশেষ চেফা ও ষত্ন করিয়া, জামাতার আনয়ন। আসিয়া, তুই এক দিন খণ্ডরালয়ে অবস্থিতি করিয়া, প্রস্থান করেন। ঐ গর্ভ ভৎসহযোগসম্ভূত বলিয়া পরিগণিত হয়। দ্বিতীয়, জামাতার আনয়নে ক্রতকার্য্য হইতে না পারিলে, ব্যভিচারসহচরী ব্রূণহত্যাদেবীর আরাধনা। এ অবস্থায়, এতদ্যতিরিক্ত নিস্তারের আর পথ নাই। তৃতীয় উপায় অতি সৃহজ, অতি নির্দোষ ও দাতিশয় কেত্রিকজনক। তাছাতে অর্থব্যয়ও নাই, এবং জাণ্হত্যাদেবীর উপাসনাও করিতে হয় না। কন্যার জননী, অথবা বাটীর অপর গৃহিণী, একটি ছেলে কোলে করিয়া, পাড়ায় বেড়াইতে যান, এবং একে একে প্রতিবেশীদিগের বাদীতে গিয়া, দেখ মা, দেখ বোন, অথবা দেখ্ বাছা, এইরূপ সম্ভাষণ করিয়া, কথাপ্রসঙ্গে বলিতে আরম্ভ করেন, অনেক দিনের পর কাল রাত্রিতে জামাই আসিয়াছিলেন; হঠাৎ আসিলেন, রাত্রিকাল, কোথা কি পাব; ভাল করিয়া খাওয়াতে পারি নাই; ত্মনেক বলিলাম, এক বেলা থাকিয়া, খাওয়া দাওয়া করিয়া যাও; তিনি কিছুতেই রহিলেন না; বলিলেন, আজ কোনও মতে থাঁকিতে পারিব না; সন্ধ্যার পরেই অমুক আমের মজুমদারের বাদীতে একটা বিবাহ করিতে ইইবেক; পরে, অমুক দিন, অমুক আমের হালদারদের বালিতেও বিবাহের কথা আছে; সেখানেও যাইতে

হইবেক। যদি স্থবিধা হয়, আসিবার সময় এই দিক হইরা যাইব। এই বলিয়া ভোর ভোর চলিয়া গোলেন। স্থর্গকে বলিয়াছিলাম, ত্রিপুরাও কামিনীকে ডাকিয়া আন্, তারা জামায়ের সঙ্গে খানিক আমোদ আহলাদ করিবে। একলা যেতে পারিব না বলিয়া, ছুঁড়ী কোনও মতেই এল না। এই বলিয়া, সেই ছুই কন্যার দিকে চাহিয়া, বলিলেন, এবার জামাই এলে, মা তোরা যাস্ইভ্যাদি। এইরপে পাড়ার বাড়ী বাড়ী বেড়াইয়া জামাতার আগমনবার্ত্তা কীর্ত্তন করেন। পরে স্থর্গমঞ্জরীর গর্ভসঞ্চার প্রচার হুইলে, ঐ গর্ভ জামাতৃক্কত বলিয়া পরিপাক পায়।

এই সকল কুলীনমহিলার পুত্র হইলে, তাহারা দুপু্রুষিয়া কুলীন বলিয়া গণনীয় ও পূজনীয় হয়। তাহাদের প্রতিপালন ও উপনয়নান্ত সংস্কার সকল মাতুলদিগকে করিতে হয়। ক্লীন পিতা কখনও তাহাদের কোনও সংবাদ লয়েন না ও তত্ত্বাবধান করেন না; তবে, অন্নপ্রাশনাদি সংস্কারের সময় নিমন্ত্রণপত্র প্রেরিত হইলে, এবং কিছু লাভের আশ্বাস থাকিলে, আসিয়া আভ্যুদয়িক করিয়া যান। উপনয়নের পর, পিতার নিকট পুত্রের বড় আদর। তিনি সঙ্গতিপন্ন বংশজদিগের বাটীতে ভাহার বিবাহ দিতে আরম্ভ করেম; এবং পণ্ গণ প্রভৃতি দারা বিলক্ষণ লাভ করিতে থাকেন। বিবাহের সময়, মাতুলদিগের কোনও কথা চলে না, ও কোনও অধিকার থাকে না। পুত্র যত দিন অম্পবয়ক্ষ থাকে, তত দিনই পিতার এই লাভজনক ব্যবসায় চলে। তাহার চক্ষু ফুটিলে, তাঁহার ব্যবসায় বন্ধ হইয়া যায়। তখন দে আপন ইচ্ছায় বিবাহ করিতে আরম্ভ করে, এবং এই সকল বিবাহে পণ, গণ প্রভৃতি যাতা পাওয়া যায়, তাহা তাহারই লাভ, পিতা তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন না। কন্যাসম্ভান জন্মিলে, তাহার নাড়ীচ্ছেদ অবধি অস্ত্যেফিক্রিয়া পর্যান্ত যাবৃতীয় ক্রিয়া মাতুলদিগকেই সম্পন্ন করিতে হয়। কুলীনকন্যার বিবাহ ব্যরসাধ্য, এজন্য পিতা এ বিধাহের সময় সে দিক দিয়া চলেন না।

কুলীনভাগিনেরী যথাযোগ্য পাত্রে অর্পিতা না হইলে, বংশের গৌরব-হানি হয়; এজন্য, তাঁহারা, ভঙ্গকুলীনের কুলমর্য্যাদার নিয়মানুসারে, ভাগিনেরীদের বিবাহকার্য্য নির্বাহ করেন। এই সকল কন্যারা, স্ব স্ব জননীর ন্যায় নামমাত্রে বিবাহিতা হইয়া, মাতুলালয়ে কাল-যাপন করেন।

কুলীনভাগনী ও কুলীনভাগিনেয়ীদের বড় ছুর্গতি। ভাহাদিগকে, পিত্রালয়ে অথবা মাতুলালয়ে থাকিয়া, •পাচিকা ও পরিচারিকা উভয়ের কর্ম নির্বাহ করিতে হয়। পিতা যত দিন জীবিত থাকেন. কুলীনমহিলার তত দিন নিভাস্ত ছ্রবস্থা ঘটে না। তদীয় দেহাত্যয়ের পর, ভাতারা সংসারের কর্ত্তা হইলে, তাঁহারা অতিশয় অপদস্থ হন। প্রথরা ও মুখরা ভাতৃভার্য্যারা তাঁহাদের উপর, যার পর নাই, অত্যাচার করে। প্রাতঃকালে নিদ্রাভঙ্গ, রাত্তিতে নিদ্রাগমন, এ উভয়ের व्यंखर्रकी नीर्घ काल, उंदक्रे পतिश्राम महकारत मःमारतत ममञ्ज कार्या নির্বাহ করিয়াও, তাঁহারা স্থূশীলা আতৃভার্য্যাদের নিকট প্রভিষ্ঠালাভ করিতে পারেন না। তাহারা সর্বনাই তাঁহাদের উপর খড়ুগছন্ত। তাঁহাদের অঞ্পাতের বিশ্রাম নাই বলিলে, বোধ হয়, অত্যুক্তিদোৰে দুষিত হইতে হয় না। অনেক সময়, লাঞ্ছনা সঞ্চ করিতে না পারিয়া, প্রতিবেশীদিধের বাদীতে গিয়া, অঞাবিসর্জন করিতে করিতে, তাঁহারা আপন অদৃষ্টের দোষ কীর্ত্তন ও কোলীন্যপ্রথার গুণ কীর্ত্তন করিয়া থাকেন; এবং পৃথিবীর মধ্যে কোথাও স্থান থাকিলে চলিয়া যাইভাম, আর ও বাড়ীতে মাথা গলাইতাম না, এইরপ বলিয়া, বিলাপ ও পরিতাপ করিয়া, মনের আক্ষেপ মিটান। উত্তরসাধকের সংযোগ ষটিলে, অনেকানেক বয়স্থা কুলীনমহিলা ও কুলীনছহিতা, বস্ত্রণাময় পিত্রালয় ও মাতুলালয় পরিত্যাগ করিয়া, বারাঙ্গনার্ভি অবলম্বন করেন। কলতঃ, কুলীনমহিলা ও কুলীনতনয়াদিগের যন্ত্রণার পরিসীয়া নাই।

বুঝিতে পারেন, ঐ হততাগা নারীদিগকে কড ক্লেশে কাল্যাপন করিতে इय । छाँशामित यञ्जभात विषय विश्वा कतित्व, ऋत्य विनीर्व इहेग्रा याय. এবং যে হেতুতে তাঁহাদিগকে এ সমস্ত হুঃসহ ক্লেশ ও যন্ত্রণা ভোগ করিতে হইতেছে, তাহা বিবেচনা করিয়া দেখিলে, মনুষ্যজাতির উপর অত্যন্ত অশ্রন্ধা জম্মে। এক পক্ষের অমূলক অকিঞ্চিৎকর গৌরবলাভলোভ, অপর পক্ষের কিঞ্চিৎ অর্থলাভলোভ, অনর্থের মূলকারণ; এবং এই উভয় পক্ষ ভিন্ন দেশস্থ যাবতীয় লোকের এ বিষয়ে ওঁদাস্থ অবলম্বন উহার সহকারী কারণ। যাঁহাদের দোষে কুলীনকস্তাদের এই হুরবস্থা, যদি ভাঁহাদের উপর সকলে অশ্রদ্ধা-ও বিদ্বেব প্রদর্শন করিতেন, তাহা হইলে, ক্রমে এই অসহ্য অভ্যাচারের নিবারণ হইতে পারিত। অশ্রদ্ধা ও বিদ্বেষের কথা দূরে থাকুক, অত্যাচারকারীরা দেশস্থ লোকের নিকট, ষার পর নাই, মাননীয় ও পূজনীয়। এমন স্থলে, রাজভারে আবেদন ভিন্ন, কুলীনকামিনীদিগের তুরবস্থাবিমোচনের কি উপায় হইতে পারে। পৃথিবীর কোনও প্রদেশে স্ত্রীজ্ঞাতির ঈদৃশী হুরবস্থা দেখিতে शां अहा याह्न ना । यनि धर्म थारकन, ताका बल्लानरमन ও स्मवीवत्र घर्षक-বিশারদ নিঃদন্দেহ নরকগামী ছইয়াছেন। ভারতবর্ষের অক্সান্ত অংশে, এবং পৃথিবীর অপরাপর প্রদেশেও বহুবিবাহপ্রধা প্রচলিত আছে। কিন্তু, তথায় বিবাহিতা নারীদিগকে, এতদ্দেশীয় কুলীনকামিনীদের মত, ছুর্দশার কালবাপন করিতে হয় না। তাছারা স্বামীর গৃহে বাস করিতে পায়, স্থামীর অবস্থানুরূপ গ্রামান্ডাদন পায়, এবং পর্যায়ক্রমে স্বামীর সহবাসস্থলাভও করিয়া পাকে ৷ স্বামিগৃহবাস, স্বামিসহবাস, স্বামিদত গ্রাসাচ্ছাদন কুলীনকন্যাদের স্বপ্নের অগোচর। এ দেশের ভঙ্গকুলীনদের মত পাষও ও পাতকী ভূমওলৈ নাই। তাঁছারা দরা, ধর্ম, চকুলজ্জা ও'লোকলজ্জায় একবারে বর্জিত।

তাঁহাদের চরিত্র অতি বিচিত্র ৷ চরিত্রবিষয়ে তাঁহাদের উপযা দিবার

স্থল নাই। তাঁহারাই তাঁহাদের একমাত্র উপমাস্থল। —কোনও অতি-প্রধান ভক্কুলীনকে কেছ জিজ্ঞাসা করিয়াছিলেন, ঠাকুরদাদা মহাশ্বর! আপনি জনেক বিবাহ করিয়াছেন, সকল স্থানে যাওয়া হয় কি। তিনি অমানমুখে উত্তর করিলেন, যেখানে ভিজিট(১) পাই, সেই খানে বাই। —গত হুর্ভিক্ষের সময়, এক জন ভঙ্গকুলীন অনেকগুলি বিবাহ করেন। তিনি লোকের নিকট আক্ষালন করিয়াছিলেন, এই ছুৰ্ভিক্ষে কত লোক অনাভাবে মারা পড়িয়াছে, কিন্তু আমি কিছুই টের পাই নাই; বিবাহ করিয়া সচ্চন্দে দিনপাত করিয়াছি। —গ্রামে বারোয়ারিপূজার উল্ভোগ পূজার উন্তোগীরা, ঐ বিবয়ে চাঁদা দিবার জন্ম, কোনও ভঙ্গকুলীনকে পীড়াপীড়ি করাতে, তিনি, চাঁদার টাকা সংগ্রহের জন্য, একটি বিবাহ করিলেন। —বিবাহিতা দ্রী স্বামীর সমস্ত পরিবারের ভরণপোষণের উপযুক্ত অর্থ লইয়া গেলে, কোন ভঙ্গকুলীন, দয়া করিয়া, ভাহাকে আপন আবাসে অবস্থিতি করিতে অনুমতি প্রদান করেন ; কিন্তু সেই অর্থ নিঃশেষ ছইলেই, তাহাকে বাদী হইতে বহিষ্কৃত করিয়া দেন। —পুত্রবগুর ঋতুদর্শন হইয়াছে। সে বাঁহার কন্তা, তাঁহার নিতান্ত ইচ্ছা, জামাতাকৈ আনাইয়া, কস্তার পুনর্বিবাহসংক্ষার নির্ব্বাহ করেন। পত द्याता दिवाहिकरक व्यार्थन व्यार्थना क्यानीहरूनन्। दिवाहिक প্রোন্তরে অধিক টাকার দাওয়া করিলেন। কন্সার পিতা ভত চাকা দিতে অনিচ্ছু বা অসমর্থ হওয়াতে, তিনি পুত্রকে শশুরালয়ে ঘাইতে দিলেন না; স্থতরাং, পুত্রবধূর পুনর্বিবাহসংস্কার এ জন্মের মত স্থগিত রহিল। —বহুকাল স্বামীর মুখ দেখেন নাই; তথাপি কোনও ভক্লীনের ভার্ব্যা ভাগ্যক্রমে গর্ভবতী হইয়াছিলেন। ব্যভিচারিণী কস্তাকে গুহে রাখিলে, জ্ঞাতিবর্ণেব নিকট অপদস্থ ও সমাজচ্যুত

⁽১) ভাক্তরেরা চিকিৎসা করিতে গেলে, ভাঁহাদিগকে যাহা দিতে হক্ষ, এ দেশের সাধারণ লোকে ভাহাকে ভিকিট (°Visit) বলে ব

হইতে হয়, এজন্ত, তাহাকে গৃহ হইতে বহিষ্কৃত করা পরামর্শ স্থির হইলে, তাহার হিতৈবী আত্মীয়, এই সর্বানাশ নিবারণের অন্য কোনও উপায় করিতে না পারিয়া, অনেক চেষ্টা করিয়া, তদীয় স্থামীকে আনাইলেন। এই মহাপুরুষ, অর্থলাতে চরিতার্থ হইয়া, সর্বাসমক্ষে স্থীকার করিলেন, রত্নমঞ্জরীর গর্ভ আমার সহযোগে সম্ভূত হইয়াছে।

ভঙ্গকুলীনের চরিত্রবিষয়ে এ স্থলে একটি অপূর্ব্ব উপাখ্যান কীর্ত্তিত ইইতেছে। কোনও ব্যক্তি মধ্যাহ্নকালে বাদীর মধ্যে আহার করিতে গেলেন; দেখিলেন, যেখানে আহারের স্থান ইইরাছে, তথায় গুটি অপরিচিত জ্রীলোক বিসয়া আছেন। একটির বরংক্রম প্রায়৬০ বৎসর, দ্বিতীয়াটির বরংক্রম ১৮। ১৯ বৎসর। তাঁহাদের পরিক্রদ ত্রবস্থার একশেষ প্রদর্শন করিতেছে; তাঁহাদের মুখে বিষাদ ও হতাশতার সম্পূর্ণ লক্ষণ স্থম্পটি লক্ষিত ইইতেছে। এ ব্যক্তি স্বীয় জননীকে জিজ্ঞাসা করিলেন, মা ইহারা কে, কি জন্মে এখানে বসিয়া আছেন। তিনি রদ্ধার দিকে অঙ্কুলি নির্দেশ করিয়া কহিলেন, ইনি ভট্টরাজের স্ত্রী, এবং অন্প্রয়ন্ধাকে লক্ষ্য করিয়া কহিলেন, ইনি ভট্টরা ক্যা। ইহারা তোমার কাছে আপনাদের ত্বংধের পরিচয় দিবেন বলিয়া খসিয়া আছেন।

ভটরাজ দুপু্রুষিয়া ভঙ্গকুলীন; ৫। ৬ টি বিবাহ করিয়াছেন। তিনি ঐ ব্যক্তির নিকট মাসিক বৃত্তি পান; এজন্ম, তাঁহার যথেষ্ট খাতির রাখেন। তাঁহার ভগিনী, ভাগিনেয় ও ভাগিনেয়ীরা তাঁহার বাটীভে থাকে; তাঁহার কোনও জ্রীকে কেহ কখনও তাঁহার বাটীভে অবস্থিতি করিতে দেখেন নাই।

দেই তুই জ্রীলোকের আকার ও পরিচ্ছদ দেখিয়া, ঐ ব্যক্তির অস্তঃকরণে অভিশয় ছঃখ উপস্থিত হইল। তিনি, আহার বন্ধ করিয়া, তাঁহাদের উপাখ্যান শুনিতে বসিলেন। রন্ধা কহিলেন, আমি ভউ-রাজ্বের ভার্যা; এটি তাঁহার কন্যা, আমার গর্ভে জ্বিয়াছে। আমি পিত্রালয়ে থাকিতাম। কিছু দিন্ হইদ, আমার পুত্র কহিলেন, মা আমি ভোষাদের ছুজনকে অন্নবন্ত দিতে পারিব না। আমি কহিলাম, বাছা বল কি, আমি তোমার মা, ও তোমার ভগিনী, তুমি অন্ন না দিলে আমরা কোথায় যাইব। তুমি এক জনকে অন্ন দিবে, আর এক জন কোথায় যাইবে, পৃথিবীতে অন্ন দিবার লোক আর কে আছে। এই কথা শুনিয়া পুত্র কহিলেন, তুমি মা, ভোমায় অন্ন বস্ত্র যেরপে পারি দিব, উহার ভার আমি আর লইতে পারিব না। আমি রাগ করিয়া বলিলাম, তুমি কি উহাকে বেশ্যা হইতে বল। পুত্র কহিলেন, আমি তাহা জানি না, তুমি উহার বন্দোবস্ত কর। এই বিষয় লইয়া, পুত্রের সহিত আমার বিষম মনাস্তর ঘটিয়া উঠিল, এবং অবশেষে আমায় কন্সাসহিত বাটি হইতে বহির্গত হইতে হইল।

কিছু দিন পূর্ব্বে শুনিয়ছিলাম, আমার এক মান্তত ভগিনীর বাদীতে একটি পাচিকার প্রয়োজন আছে। আমরা উভরে ঐ পাচিকার কর্ম করিব, মনে মনে এই স্থির করিয়া, তথায় উপস্থিত হইলাম। কিছু, আমাদের ত্রভাগ্যক্রমে, ২। ৪ দিন পূর্বে, তাঁহায়া পাচিকা নিযুক্ত করিয়াছিলেন। তখন নিতান্ত হতাখাস হইয়া, কি করি, কোধায় যাই, এই চিন্তা করিতে লাগিলাম। অমুক আমে আমার স্থামীর এক সংসার আছে, তাহার গর্ভজাত সন্তান বিলক্ষণ সঙ্গতিপন্ন, এবং তাঁহার দয়া ধর্মও আছে। ভাবিলাম, যদিও আমি বিমাতা, এ বৈমাজেয় ভগিনী; কিছু,তাঁহায় শরণাগত হইয়া ত্রংখ জানাইলে, অবশ্য দয়া করিতে পারেন। এই ভাবিয়া, অবশেষে তাঁহার নিকটে উপস্থিত হইলাম, এবং সবিশেষ সমস্ত কহিয়া, সজলনয়নে, তাঁহার হতে ধরিয়া বিললাম গবাবা তুমি দয়া না করিলে, আমাদের আর গতি নাই।

আমার কাতরতা দর্শনে, সপত্নীপুত্র হইয়াও, তিনি বথেট মেহ ও দয়া প্রদর্শন করিলেন, এবং কহিলেন, বত দিন তোমরা বাঁচিবে, তোমাদের ভরণপোষণ করিব। এই আশাসবাকা প্রবণে আমি আহ্লাদে গদাদ হইলায়। আমার চক্ষুতে জলধারা বহিতে লাগিল। তিনি বথোচিত বত্ন করিতে লাগিলেন। কিন্তু, তাঁহার বাটীর দ্রীলোকেরা সেরপ নহেন। এ আপদ আবার কোথা হইতে উপস্থিত হইল এই বলিয়া, তাহারা, বার পর নাই, অনাদর ও অপমান করিতে লাগিল। সপত্নীপুত্র ক্রেমে ক্রেমে সবিশেষ সমস্ত অবগত হইলেন। কিন্তু তাহাদের অত্যাচার নিবারণ করিতে পারিলেন না। এক দিন, আমি তাঁহার নিকটে গিয়া সমুদ্য বলিলাম। তিনি কহিলেন, মা আমি সমস্ত জানিতে পারিয়াছি; কিন্তু কোনও উপার দেখিতেছি না। আপনারা কোনও স্থানে গিয়া থাকুন; মধ্যে মধ্যে, আমার নিকট লোক পাঠাইবেন; আমি আপনাদিগকে কিছু কিছু দিব।

এই রূপে নিরাশাস হইয়া, কন্যা লইয়া, তথা হইতে বহির্গত হইলাম। পৃথিবী অন্ধকারময় বোধ হইতে লাগিল। অবশেষে ভাবিলাম, স্বামী বর্ত্তমান আছেন, তাঁহার নিকটে যাই, এবং তুরবন্থা জানাই, যদি তাঁহার দয়া হয়। এই স্থির করিয়া, পাঁচ সাত দিন হইল, এখানে আদিয়াছিলাম। আজ তিনি স্পষ্ট জবাব দিলেন, আমি তোমাদিগকে এখানে রাখিতে, বা অন্ন বস্তু দিজে, পারিব না। অনেকে বলিল, ভোমায় জানাইলে কোনও উপায় হইতে পারে. এ জন্য এখানে আসিয়া বসিয়া ছিলাম। ঐ ব্যক্তি শুনিয়া ক্রোধে ও ত্বঃখে অতিশয় অভিতৃত হইলেন, এবং অঞ্চপাত করিতে লাগিলেন। কিয়ৎ ক্রণ পরে, তিনি, ভউরাজের বাটীতে গিয়া, যথোচিত ভর্মনা করিয়া বলিলেন, আপনকার আচরণ দেখিয়া আমি চমংক্ত ছইয়াছি। আপনি কোন বিবেচনায় তাহাদিথকে বাদী হইতে বহিষ্কৃত করিয়া দিতেছেন। একণে, আপনি তাহাদিগকে বাটীতে রাখিবেন কি না, স্পাই বলুন। ঐ ব্যক্তির ভাবভঙ্গী দেখিয়া, বৃতিভোগী ভটরাজ ভয় পাইলেন, এবং কছিলেন, তুর্মি বার্টিতে যাও, আমি খরে বুঝিয়া পরে ভোমার নিকটে যাইতেছি।

. অপরাহ্নকালে, ভটরাজ ঐ ব্যক্তির নিকটে আসিয়া বলিলেন, তাহাদিগকে বাটীতে রাখা পরামর্শ স্থির , কিন্তু, তোমার, মাস মাস তাহাদের হিসাবে আর কিছু দিতে হইবেক। ঐ ব্যক্তি তৎক্ষণাৎ স্বীকার করিলেন, এবং ভিন মাদের দেয় তাঁহার হত্তে দিয়া কহিলেন, এই রূপে তিন তিন মাসের টাকা আগামী দিব; এতজ্জিম, ভাঁহাদের পরিধেয় বস্ত্রের ভার আমার উপর রছিল। আর কানও ওজর করিতে না পারিয়া, নিৰুপায় হইয়া, ভটরাজ, স্ত্রী ও কন্যা লইয়া গৃহ প্রতিগমন করিলেন। তিনি নিজে বুংশীল লোক নছেন। কিন্তু, তাঁহার ভগিনী হুর্দান্ত দস্ত্য, তাহার ভয়ে ও তাহার পরামর্শে, তিনি ন্ত্রী ও কন্যাকে পূর্কোক্ত নির্ঘাত জবাব দিয়াছিলেন। র্ত্তিদাতা কুদ্ধ হইয়াছেন, এবং মাসিক আর কিছু দিবার অদ্বীকার করিয়াছেন, এই কথা শুনিয়া, ভগিনীও অগত্যা সন্মত হইল। ভটরাজ. কখনও কখনও, কোনও স্ত্রীকে আনিয়া নিকটে রাখিবার অভিপ্রায় প্রকাশ করিলে, ভগিনী খড়াছন্ত হইয়া উঠিত। দেই কারণে, তিনি, কখনও, আপন অভিপ্রায় সম্পন্ন করিতে পারেন নাই। ভঙ্গকুলীনদিগের ভগিনী, ভাগিনেয় ও ভাগিনেয়ীরা পরিবারস্থানে পরিগণিত; স্ত্রী, পুত্র, কন্যা প্রভৃতির সহিত তাঁহাদের কোনও সংস্থাব থাকে না।

যাহা হউক, ঐ ব্যক্তি, পূর্কোক্ত ব্যবস্থা করিয়া দিয়া, স্থানান্তরে গোলেন, এবং বথাকালে অঙ্গীরুত মাসিক দেয় পাঠাইতে লাগিলেন। কিছু দিন পরে, বাদীতে গিয়া, তিনি সেই ছুই হতভাগা নারীর বিষয়ে অনুসন্ধান করিয়া জানিলেন, ভউরাজ ও তাঁহার ভগিনী স্থির করিয়াছিলেন, রজিদাতার অঙ্গীরুত নুতন মাসিক দেয় পুরাতন মাসিক র্তির অন্তর্গত হইয়াছে, আর তাহা কোনও কারণে রহিত হইবার নহে; তদনুসারে, ভউরাজ, ভগিনীর উপদেশের বশবর্তী হইয়া, প্রী ও কন্যাকে বাদী হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছেন। তাঁহারাও,

গত্যস্তুরবিহীন হইয়া, কোনও স্থানে গিয়া অবস্থিতি করিতেছেন। কন্সাটি স্থান্তী ও বয়স্থা, বেশ্মার্ত্তি অবলম্বন করিয়াছে, এবং জননীর সহিত সচ্ছন্দে দিনপাত করিতেছে।

এই উপাধ্যানে ভঙ্গকুলীনের যাদৃশ আচরণের পরিচয় পাওয়া যাইতেছে, অতি ইতর জাতিতেও তাদৃশ আচরণ লক্ষিত হয় না। প্রথমতঃ, এক মহাপুরুষ বৃদ্ধ মাতা ও বয়য়া ভগিনীকে বাটা হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। পরে, তাঁহারা স্বামী ও পিতার শরণাগত হইলে, সে মহাপুরুষও তাঁহাদিগকে বাটা হইতে বহিষ্কৃত করিলেন। এক ব্যক্তি, দয়া করিয়া, সেই হুই হুর্ভগার প্রাসাচ্ছাদনের ভারবহনে অঙ্গীরুত হইলেন, তাহাতেও প্রী ও কন্থাকে বাটাতে রাখা পরামর্শসিদ্ধ হইল না। স্বামী ও উপযুক্ত পুত্রসত্ত্বে, কোনও ভদ্রগৃহে, বৃদ্ধা স্ত্রীর কদাচ এরপ হুর্গতি ঘটে না। পিতা ও উপযুক্ত আতা বিস্তমান থাকিতে, কোনও ভদ্রগৃহের কন্থাকে, নিতান্ত অনাধার স্থায়, অন্বস্তের নিমিত্ত, বেশ্যারতি অবলম্বন করিতে হয় না। এ কন্থার স্বামীও বিস্তমান আছেন। কিন্তু, তাঁহাকে এ বিষয়ে অপরাধী করিতে পারা যায় না। তিনি স্বক্নতভঙ্গ কুলীন। যাহা হউক, আশ্বর্মের বিষয় এই, ঈদৃশ দোবে দ্বিত হইয়াও, ভট্যরাজ ও তাঁহার উপযুক্ত পুত্র লোকসমাজে হেয় বা অঞ্জিল্লয় হইলেন না।

ভঙ্গকুলীনের কুল, চরিত্র প্রভৃতির পরিচয় প্রদন্ত হইল। একণে,
সকলে বিবেচনা করিয়া দেখুন, এক ব্যক্তি অনেক বিবাহ করিতে না
পারিলে, ঈদৃশ কুলীনের অপকার বামানহানি ঘটিবেক, এই অনুরোধে,
বহুবিবাহপ্রথা প্রচলিত থাকা উচিত ও আবগ্যক কি না। প্রথমতঃ,
মেলবন্ধনের পূর্বে, তাঁহাদের পুরাতন কুল এককালে নির্মূল হইয়া
গিয়াছে; তৎপরে, বংশজকত্যাপরিণয় দ্বারা, পুনরায়, তদীয় কপোলফিল্পিত ভূতন কুলের লোপাপত্তি, ইইয়াছে। এইয়পে, ছই বার
যাঁহাদের কুলোডেছদ ঘটিয়াছে, তাঁহাদিগকে কুলীন বলিয়া গণ্য করিবার

এবং তদীয় শশবিষাণসদৃশ কুলমর্য্যাদার আদর করিবার কোনও কারণ বা প্রায়েজন লক্ষিত হইতেছে না। তাঁহাদের অবৈধ, নৃশংস, লজ্জাকর আচরণ দ্বারা সংসারে যেরপ গরীয়সী অনিউপরম্পরা ঘটিতেছে, তাহাতে তাঁহাদিগকে মনুষ্য বলিয়া গণনা করা উচিত নয়। বোধ হয়, এক উদ্ভয়ে তাঁহাদের সমূলে উচ্ছেদ করিলে, অধর্মগ্রস্ত হইতে হয় না। সে বিবেচনায়, তদীয় অকিঞ্চিৎকর কপোলকম্পিত কুলমর্য্যাদার হানি অতি সামান্ত কথা। যাহা হউক, তাঁহাদের কুলক্ষয় হইয়াছে, স্মৃতরাং তাঁহারা কুলীন নহেন; তাঁহারা কুলীন নহেন, স্মৃতরাং তাঁহাদের কেলিন্তিয়মর্য্যাদা নাই; তাঁহাদের কেলিন্যমর্য্যাদা নাই, স্মৃতরাং বহুবিবাহপ্রথা নিবারণ দ্বারা কেলিন্যমর্য্যাদার উচ্ছেদ-সম্ভাবনাও নাই।

এস্থলে ইহা উল্লেখ করা আবশ্যক, এরপ কতকগুলি ভঙ্গকুলীন আছেন, যে বিবাহব্যবসায়ে তাঁহানের যৎপরোনান্তি বিদ্বেষ। তাঁহারা বিবাহব্যবসায়ীদিগকে অভিশয় হেয়জ্ঞান করেন, নিজে প্রাণান্তেও একাধিক বিবাহ করিতে সন্মত নহেন, এবং যাহাতে এই কুৎসিত প্রথা রহিত হইনা যায়, তদ্বিষয়েও চেফা করিয়া থাকেন। উভরবিধ ভঙ্গকুলীনের আচরণ পরস্পর এত বিভিন্ন, যে তাঁহাদিগকে এক জাতি বা এক সম্প্রদায়ের লোক বলিয়া, কোনও ক্রেলে প্রভীতি জন্মেনা। হুর্ভাগ্যক্রমে, উক্তরূপ ভঙ্গকুলীনের সংখ্যা অধিক নয়। যাহা হুউক, তাঁহাদের ব্যবহার দ্বারা বিলক্ষণ প্রতিপন্ন হইতেছে, বিবাহব্যবসায় পরিত্যাগ করা ভঙ্গকুলীনের পক্ষেনিতান্ত ছ্রেক বা অসাধ্য ব্যাপার নহে।

চতুর্থ আপত্তি।

কেছ কেছ আপত্তি করিতেছেন, বহু কাল পূর্ব্বে এ দেশে কুলীন ব্রাক্ষণদিগের অত্যাচার ছিল। তখন অনেকে জনেক বিবাহ করিতেন। একণে, এ দেশে সে অত্যাচারের প্রায় নিবৃত্তি ছইয়াছে; যাহা কিছু অবশিষ্ট আছে, অণ্প দিনের মধ্যেই তাহার সম্পূর্ণ নিবৃত্তি ছইবেক। এমন স্থলে, বহুবিবাহ নিবারণ বিষয়ে রাজশাসন নিতান্ত নিপ্রাজন।

এক্ষণে কুলীনদিগের পূর্ব্ববং অত্যাচার নাই, এই নির্দ্ধেশ সম্পূর্ণ প্রতারণাবাক্য; অথবা, ধাঁহারা সেরপ নির্দ্ধেশ করেন, কুলীনদিগের আচার ও ব্যবহার বিষয়ে তাঁহাদের কিছুমাত্র অভিজ্ঞতা নাই। পূর্বের, বিবাহ বিষয়ে কুলীনদিগের ষেরপ অত্যাচার ছিল, এক্ষণেও তাঁহাদের ভদ্বিয়ক অত্যাচার সর্বতোভাবে তদবস্থ আছে, কোনও অংশে তাহার নির্ত্তি হইয়াছে, এরপ বোধ হুয় না। এ বিষয়ে রখা বিভগুণ না করিয়া, বর্ত্তমান কভকগুলি কুলীনের নাম, বয়স, বাসস্থান, ও বিবাহসংখ্যার পরিচয় প্রদৃত্ত হইতেছে।

ल्भनी जिन।।

নাম	বিবাহ	বয়স	বাসস্থান
ভোলানাথ বন্দ্যোপাধ্যায়	bó	. 4.5	বসো
ভগবান্ চডৌপাগ্যায়	• १२ '	% 8	দেশমুখে

. শ্ৰাম	বিবাহ	বয়স•	বাসস্থান
পূর্ণচক্র মুখোপাধ্যায়	७२	e a	চিত্রশালি
गश्रुमन मूट्याशाश	৫৩	80	ब
তিতুরাম গান্স্লি	Ø Ø	90	٩
রামময় মুখোপাধ্যায়	৫২	¢°	ভাজপুর
বৈজ্ঞনাৰ্থ মুখোপাধ্যায়	¢ °	% 0	.ভুঁইপাড়া
শ্যামাচরণ চটোপাখ্যায়	¢°	• %0	পাখুড়া
নবকুমার বন্দ্যোপাধ্যায়	¢ °	82	কীরপাই
ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়	88	6 2	আঁকড়িশ্রীরামপুর
যহু নাথ বন্দ্যোপাথ্যায়	8.2	89	চিত্ৰশালি
শিবচন্দ্র মুখোপাধ্যায়	6ء	84	তীর্ণা
রামকুমার বন্দ্যোপাধ্যার	80	Ç o	কোননগর
শ্রামাচরণ বন্দ্যোপাধ্যায়	8 0	¢°	হুঁহু ড়া
ঠাকুরদাস মুখোপাধ্যার	80	¢¢	मिखिश्रेत
নবকুমার বন্দ্যোপাধ্যায়	৩৬	88	গৌরহাটী
রঘুনাথ বন্দ্যোপাধ্যায়	90	80	খামারগাছী
শশিশেখর মুখোপাধ্যায়	90	٠.	۵
ত্বারাচরণ মুখোপাখ্যায়	90	90	বরিজহাতী
ঈশানচক্র বন্দ্যোপাধ্যায়	24	80	শুভূপ
্রীচরণ মুখোপাধ্যা য়	२१	80	শাঙ্গাই
কৃষ্ণন বন্দ্যোপাধ্যায় .	20	8.	খামারগাছী_
ভবনারায়ণ চটেশপাধ্যায়	২৩	80	জাইপাড়া
মহেশচক্র বন্দ্যোপাধ্যায়	२२	90	খামারগাছী
গিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	રર	98	কুচ্ ণ্ডিয়া
প্রসন্নকুমার চডৌপাধ্যায়	₹ \$	७६	কাপদীট •
পাৰ্বভীচরণ মুখ্যোপাধ্যায়	२०	8 .	ভৈটে

বহুবিবাছ।

नाम	বিবাহ	বয়স	বাসস্থান
যত্নাথ মুখোপাধ্যায়	20	৩৭	মাহেশ
ক্ষপ্ৰসাদ মুখোপাখ্যায়	२०	8&	ব সন্তপু র
হরচক্র বন্দ্যোপাখ্যায়	२०	80	রঞ্জিতবাদী
রমানাথ চটোপাধ্যায়	२०	¢°	গরলগাছা
অন্ধদাচন্দ্র চড়োপাধ্যায়	२०	84	रेखरहे
দীননাথ চডৌপাধ্যায়	, 72	२४	বসস্তপুর
রামরত্ব মুখোপাধ্যায়	39	8A	জ য়রামপুর
কেদারনাথ মুখোপাধ্যায়	39	७२	মাহেশ
হুৰ্গাচরণ বন্দ্যোপাধ্যায়	20	२०	চিত্ৰশালি
গোপালচন্দ্ৰ মুখোপাধ্যায়	3%	90	ম হেশ্ রপুর
অভয়চরণ বন্দ্যোপাধ্যায়	20	90	মালিপাড়া
অনুদাচরণ মুখোপাধ্যার	2 @	oe	গোয়াড়া
শ্রামানরণ মুখোপাধ্যায়	24	७७	সোঁতিয়া
क्रभाव सूर्याभाषात्र	30	80	খামারগাছী
অযোরনাথ মুখোপাধ্যায়	2¢	98	' ভুঁইপাড়া
হরিশ্চন্দ মুখোপাধ্যায়	24	७२	মোগলপুর
ননীগোপাল বন্দ্যোপাধ্যায়	24	₹8	পাতা
যত্নাথ বন্দ্যোপাগ্যায়	24	२२	&
দীননাথ বন্দ্যোপাধ্যার	30	२७	<u>বেলেসিকরে</u>
ভুবনষোহন মুখোপাধ্যায়	34	20	रेक्टर्व
কালীপ্রসাদ গাস্থূলি	24	84	পশপুর
স্ব্যকান্ত মুখোপাধ্যায়	2¢	96	ভৈত্তে
রামকুমার মুখোপাধ্যার	3 /8	७२	ক্রীরপাই
दिनामञ्ख मूर्याभागात	\$8	84	মধুখণ্ড
কালীকুমার মুখোপাধ্যায়	28	52	সিয়াখালা

		•	
. নাম	বিবাহ	বয়স	বাসস্থান
মাধবচন্দ্ৰ মুখোপাধ্যায়	>0	¢°	বৈঁটী
হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়	20	80	গরলগাছা
কার্ত্তিকেয় মুখোপাধ্যায়	25	90	দেওড়া
यञ्चार्थ वटन्मा भाषाय	25	৩০	তাঁতিসাল
মোহিনীমোহন বন্দ্যোপাধ্যায়	58	9.	- মালিপাড়া
সাতকজ়ি বন্দ্যোপাধ্যায়	25 .	8 0	4
ব্রজরাম চটোপাধ্যায়	25	₹&	চন্দ্ৰকোনা
কৈলাসচক্র বন্দ্যোপাধ্যায়	52	৩২	কৃষ্ণন গর
রামভারক বন্দ্যোপাধ্যায়	>5	२४	জয়রামপুর
কালিদাস মুখোপাধ্যায়	\$2	80	ভুঁইপাড়া
বিশ্বস্তর মুখোপাধ্যায়	25	90	বলাগড়
তিতুরাম মুখোপাধ্যায়	25	80	নতিব পু র
প্রদরকুমার গাস্থূলি	5 2	৩৬	গজা
মনসারাম চটোপাখ্যায়	22	& &	ভঞ্জপুর
আশুতোৰ বন্দ্যোপাধ্যায়	72	36	ভাতিসাল
প্যারীমোহন মুখোপাধ্যায়	22	৩৽	গরলগাছা
ল্মনীনারায়ণ চডৌপাধ্যায়	50	20	বিজ্ঞাবতীপুর
শিবচক্ত মুখোপাধ্যায়	.50	84	4
কালীপ্রসাদ মুখোপাধ্যায়	20	७०	रेडरड
রামকমল মুখোপাধ্যায় .	2.	• 8 •	নিত্যান ন্দপু র
কালীপ্রসাদ বন্দ্যোপাংগায়	20	२४	বেঁচী
দারকানাথ মুখোপাধ্যায়	. 20	2 @	<u> </u>
মতিলাল মুখোপাধ্যায়	30	P 84	ه ۲
ঈখ্রচত্র বন্দ্যোপাধ্যায় •	. 20	8¢	धम ।
ত্নারাম বন্দ্যোপাধ্যায়	20 .	• ৫0	• भगभवानि

বহুবিবাছ।

নাম '	বিবাছ	বয়স	বাসস্থান
যজ্ঞেশ্বর ব ন্দ্যোপা ধ্যায়	20	8 &	আৰুড়
প্রদন্ধকুমার চডৌপাধ্যায়	> 0	90	বেঙ্গাই
চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়	20	90	বৈতল
প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়	20	80	ব সন্তপু র
কৈলাসচন্দ্ৰ চড্টোপাধ্যায়	20	8。	সিয়াখালা
রামচাঁদ মুখোপাধ্যায়	ه '	৩৽৬	বছপুর
किलामच्छ वल्माभाश	۵	৩৽	নপাড়া
স্থ্যকান্ত বন্দ্যোপাধ্যায়	ы	8.	বেঁটী
গোপালচন্দ্র মুখোপাধ্যায়	ь	84	٩
চুনিলাল বন্দ্যোপাধ্যায়	b	৩২	A
কালীকুমার বন্দ্যোপাধ্যায়	ъ	8。	<u> শেলাই</u>
গণেশচন্দ্ৰ মুখোপাধ্যায়	b	२०	দেওড়া
দিগন্বর বন্দ্যোপাধ্যায়	ь	04	গুড়প
কালিদাস মুখোপাধ্যায়	b	80	মালিপাড়া
यानवरुक्त भाष्ट्रिल	b	94	' বছরকুলী
মাধ্বচক্ত বন্দ্যোপাধ্যায়	ъ	२७	সিকরে
কেদারনাথ মুখোপাধ্যায়	b '	৩২	বরিজহাদী
ঈশ্রচন্দ্র মুখোপাধ্যায়	b .	84	পাতুল
শ্রামাচরণ মুখোপাধ্যার	b	84	জয়রামপুর
হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়	b -	% 0	শ্যামবাদী
রামটাদ চড়েশাধ্যায়	b '	8 4	ভঞ্জপু র
ঈশ্বরচন্দ্র চটোপাধ্যায়	9:	৩২	<u> </u>
দিগমর মুখোপাধ্যায়	9	৩৬	রত্নপুর
কুড়ারাম মুখোপাধ্যায়	9	৩২	নতিবপুর
क्र्नाञ्चमाने वत्नग्राभागाय	' · •	32	मध् ता

নাম	বিবাহ	বয়স	<i>বাসস্থ</i> ান
বৈকুণ্ঠনাথ বন্দ্যোপাধ্যায়	9	3 8	বসন্তপুর
্রি ার বন্দ্যোপার্য্যায়	9	૭૯	ভুরস্থবা
রামস্থন্দর মুখোপাখ্যায়	٩	a o	আঁচপুর
বেণীমাধঁব গান্ধূলি	9	¢ °	• চিত্ৰশালি
শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায়	•	৩৽	. মোগলপুর
নবকুমার মুখোপাধ্যায়	& •	२२	চব্ৰুকোনা
যতুনাথ মুখোপাধ্যায়	৬	90	বাখরচক
চন্দ্ৰনাথ বন্দ্যোপাধ্যায়	৬	90	ব সন্তপু র
উমাচরণ চটেপাখ্যায়	30	8 .	রঞ্জিতবাদী
উমেশচন্দ্ৰ মুখোপাধ্যায়	•	২ %	नन्मन श्रुत
भनानीबायन यूर्थाभागाय	Ċ	90	গৌরহাটী
नेश्वत्र वत्नाभाशात्र	Œ	७३.	পশপুর
কালাচাঁদ মুখোপাগ্যায়	æ	¢ o	স্থলতানপুর
মনসারাম চটোপাধ্যায়	Ø	8¢	তারকেশ্বর
গঙ্গানারায়ণ ব্যব্দ্যাপাধ্যায়	Ċ	ર ૨	আমড়াপাট
বিশ্বস্তর মুখোপাধ্যায়	¢	8.	বালিগোড়
দশরচন্দ্র চেটোপাধ্যায়	Ċ	७७	তারকেশ্বর
गांववं क्य मूर्था शांवाय	· ¢	8•	তালাই
ভোলানাথ চটোপাগ্যায়	Œ	২৬	টেকরা
হরশস্তু বন্দ্যোপাষ্যায়	a	.80	माजू
নীলাম্বর বন্দ্যোপাধ্যায় •	Œ	७२	, সন্ধিপুর
কালিদাস মুখোপাধ্যায়	¢	90	বালিডাকা
ভোলানাথ কল্যোপাধ্যায়	¢	৩৬	গোরাঙ্গপুর
वांत्रकांनाथ वटन्गांशाशः •	• •	9 0 .	ক্ষন গর
দীতারাম মুশোপাধ্যায়	° ¢ .	• ၁৫	• চক্রকোন।

নাম	বিবাহ	বয়স	বাসস্থান
রামধন মুখোপাধ্যায়	à	60	চব্দ্ৰকোনা
নবকুমার মুখোপাধ্যায়	à	89	বরদা
ধর্মদাস মুখোপাধ্যায়	à	90	নারীট
স্ব্যক্ষার মুখোপাধ্যায়	à	२७	বরদা
শরচ্চত্র বন্দ্যোপাধ্যায়	à	79	নপাড়া
মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়	à	2P	मि जिलू त

অনুসন্ধান দার্বীয়ত দূর ও যেরূপ জানিতে পারিয়াছি, তদনুসারে कुलीनिम्रिशंत विवाहमः था। প্রভৃতি প্রদর্শিত इहेन। অনুসন্ধান করিলে, আরও অনেক বহুবিবাছকারীর নাম পাওয়া ষাইতে পারে। ৪।৩।২ বিবাহ করিয়াছেন এরূপ ব্যক্তি অনেক, শ্রন্থলে তাঁহাদের নাম নির্দেশ করা গেল না। হুগলী জিলাতে বহুবিবাহকারী কুলীনের যভ সংখ্যা, বর্দ্ধমান, নবদ্বীপ, যশর, বরিসাল, ঢাকা প্রভৃতি জিলাতে তদপেকা হ্যুন নছে; বরং কোনও কোনও জিলায় তাদুশ কুলীনের সংখ্যা অধিক। কুলীনদিগের বিবাহের যে সংখ্যা প্রদর্শিত হইল, তাহা ন্যুনাধিক হইবার সম্ভাবনা। যাঁহারা অধিকসংখ্যক বিবাহ করিয়াছেন, তাঁহারা নিজেই স্বকৃত বিবাহের প্রকৃত সংখ্যা অবধারিত বলিতে পারেন না। স্থতরাং, অন্তের তাহা অবধারিত জানিতে পারা गरक नरह । विवादक रा जनन जर्था निर्मिष्ठ क्रेशाह, यनि कान अ স্থলে প্রকৃত সংখ্যা তদপেক্ষা অধিক হয়, তাহাতে কোনও কথা নাই; যদি ন্যুন হয়, তাহা হইলে কুলীনপক্ষপাতী আপতিকারী মহাশয়েরা অনায়াসে বলিবেন, আমি ইচ্ছাপুর্বক সংখ্যারৃদ্ধি করিয়া নির্দেশ করিয়াছি। কিন্তু, আমি সেরপ করি নাই; অনুসন্ধান বারা বাহা জানিতে পারিয়াছি, তাহাই নির্দেশ করিয়াছি; জ্ঞানপূর্বক কোনও दिलक्ना कृति नाहै।

· প্রসিদ্ধ জনাই প্রাম কলিকাভার ৫। ৬ ক্রোশ মাত্র অস্তরে অবস্থিত। এই প্রামের যে সকল ব্যক্তি একাধিক বিবাহ করিয়াছেন, ভাঁহাদের পরিচয় স্বভক্ত প্রদত্ত হইতেছে।

, নাম	বিবাহ	. বয় স
মহানন্দ মুখোপাধাায়	2 °	৩৫
যত্নাথ বন্দ্যোপাধ্যায়	3 °	• ২৯
আনন্দচন্দ্র গাঙ্গুলি	9	96
দারকানাথ গাঙ্গুলি	Ġ	৩২
ভোলানাথ মুখোপাধ্যায়	Ċ	8 0
চন্দ্ৰকান্ত মুখোপাধ্যায়	ß	% 8
শ্রামাচরণ বন্দ্যোপাধ্যায়	8	20.
দীননাথ চটোপাধ্যায়	8	२७
ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়	8	84
ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়	8	29
নীলকণ্ঠ বন্দ্যোপাধ্যায়	8	¢ °
সীতানাথ বন্দ্যোপাধ্যায়	9	25
ত্তিপুরাচরণ মুখোপাধ্যায়	૭	94
কালিদাস-গাস্থলি	৩	२७
দীননাথ গাঙ্গুলি	• •	29
কালীপদ বন্দ্যোপাষ্যায়	٥	8 0
ক্ষেত্ৰযোহন চটোপাধ্যায়•	ু	80
কালীপদ মুখোপাঁখ্যায় 🦜	৩	¢ o
गायवन्य गूर्थाभागात्र	•	७৫
নবকুমার মুখেীপাধ্যায়		89
नीलगर्ग भाकृति	9	81-
কালীকুমার মুখোপায়্যায়	່	aa

ন†ম	বিবাহ	বয়স
চক্রনাথ গাস্থূলি	٥	d e
শ্ৰীনাথ চটোপাধ্যায়	৩	89
হারানন্দ মুখোপাধ্যায়	৩	50
প্যারীমোহন চটোপাধ্যায়	2	80
হুর্যকুমার মুখোপাধ্যায়	3	80
ভোলানাথ বন্দ্যোপাধ্যায়	.	t t
সীভানাথ বন্দ্যোপাখ্যায়	2	t t
চন্দ্রকুষার মুখোপাধ্যায়	ર	>> 0
চন্দ্রকুষার চটোপাধ্যায়	*	२७
রমানাথ বন্দ্যোপাধ্যায়	2	2¢
হরিনাথ মুখোপাধ্যায়	2	95
রাজমোহন বন্দ্যোপাধ্যায়	ર	৫
ভোলানাথ মুখোপাধ্যায়	*	40
দীননাথ মুখোপাগ্যায়	ર	@ 0
বিশ্বস্তর মুখোপাধ্যায়	2	¢ o
রামকুমার বন্দ্যোপাধ্যায়	ર	Q o
প্যারীষোহন মুখোপাধ্যায়	ર	96
চত্রকুমার বন্দ্যোপাধ্যায়	٠ ٦	७२
কালীকুমার গান্ধূলি	٤.	₹4
আশুতোৰ গাঙ্গুলি 🤭	ર	२०
যতুনাথ বন্দ্যোপাধ্যায়	2	92
নবীনচক্র বন্দ্যোপাধ্যায়	ર	99
কেদারনাথ মুখোপাধ্যার	2	2b
ংগরীচরণ মুখোপাধ্যায়	` ` ` `	२४
ভগবান্চক্র মুখোপাধ্যায়	ે ૨	७२

নাম	বিবাহ	বয়স
দ্বারকানাথ গাঙ্গুলি	`	٥٠
কালীমোহন বন্দ্যোপাধ্যায়	ર	७२
হরিহর ,গাঙ্গুলি	2	. 90
. কামাখ্যানাথ মুখোপাধ্যায়	2	२४
প্যারীমোহন গাঙ্গুলি	ર	• ৩৩
কালিদাস মুখোপাধ্যায়	ર	૭૯
চন্দ্রকুমার চটোপাধ্যায়	2	₹₩
नवीनव्यः भूरश्राशाश	ર	२ 8
নন্দলাল বন্দ্যোপাধায়	2	2 /5/
দীননাথ মুখোপাধ্যায়	5.	90
यङ्गाथ गाम्न्लि	2	२ १
বিশেশ্বর মুখোপাধ্যায়	>	२ १
গোপালচন্দ্ৰ বন্দ্যোপাধ্যায়	2	२ व
চক্রকুমার গান্ধূলি	2	35
মহেন্দ্ৰনাথ মুখোপাধ্যায়	ર	2.5
প্রিয়নাথ বন্দ্যোপাধ্যায়	ર	२२
ফোগেব্ৰুনাথ বন্দ্যোপাধ্যায়	2	२०

একণে, সকলে বিবেচনা করিয়া দেখুন, বিবাহবিষয়ে কুলীনদিগের অত্যাচারের নির্ত্তি হইয়াছে কি না। এখন যেরূপ অত্যাচার হইতেছে, পূর্বেই হা অপেক্ষা অধিক ছিল, এরূপ বোধ হয় না। বরং, পূর্বে অপেক্ষা একণে অধিক অত্যাচার হইতেছে, ইহাই সম্পূর্ণ সম্ভব। পূর্বে অধিক টাকা না পাইলে, কুলীনেরা কুলভকে সম্মত ও প্রায়ত্ত হইতেন না। অধিক টাকা দিয়া, কুলভক করিয়া, কন্সার বিবাহ দেন, এরূপ ব্যক্তিও অধিক ছিলেন না। এ কারণে, স্বরুভ-ভক্রের সংখ্যা তুখন অপেক্ষাকৃত আনক অণ্প ছিল। কিয়ু,

অধুনাতন কুলীনেরা, অম্প লাভে সন্তুষ্ট হইয়া, কুলভঙ্গ করিষা থাকেন। আর, কুলভঙ্গ করিয়া, কন্সার বিবাহ দিবার লোকের সংখ্যাও এক্ষণে অনেক অধিক হইয়াছে। পূর্বের, কোনও গ্রামে কেবল এক ব্যক্তি কুলভঙ্গ করিয়া কন্সার বিবাহ দিতেন। পরে তাঁহার পাঁচ পুত্র ছইল। তাঁহারা সকলে কন্যার বিবাহবিষয়ে পিতৃদৃষ্টান্তের অনুবর্ত্তী হইয়া চলিয়াছেন। এক্ষণে, সেই পাঁচ পুত্রের পুত্রদিগকে, কুলভঙ্গ করিয়া, কন্যার বিবাহ দিতে হইতেছে। স্থৃতরাং, যে স্থানে কেবল এক ব্যক্তি কুলভঙ্গ করিয়া কন্যার বিবাহ দিতেন, সেই স্থানে এক্ষণে সেই প্রথা অবলম্বন করিয়া চলিবার লোকের সংখ্যা অনেক অধিক হইয়াছে। মূল্যও অপ্প, গ্রাহকের সংখ্যাও অধিক, এজন্ম, কুলভঙ্গ ব্যবসায়ের উত্তরোত্তর শ্রীরদ্ধিই হইতেছে। স্মুতরাং, স্বক্লতভঙ্কের সংখ্যা এখন অনেক অধিক এবং উত্তরোক্তর অধিক বই ন্যূন হওয়া সম্ভব নহে। স্বকৃতভঙ্গেরা অধিক বিবাহ করিতেছেন, এবং স্থানে স্থানে তাঁহাদের যে কন্সার পাল জিমিতেছে, তাহাদিগকে স্বরুতভঙ্গ পাত্রে অর্পণ করিতে হইতেছে। এমন স্থলে, বিবাহবিষয়ক অত্যাচারের বৃদ্ধি ব্যতীত হ্রাস কিরূপে সম্ভব হইতে পারে, বুঝিতে পারা যায় না। যাহা হউক, কুলীনদিগের বিবাহ-বিষয়ক অত্যাচারের প্রায় নির্ত্তি হইয়াছে, যাহা কিছু অবশিষ্ট আছে, অম্প দিনেই ভাহার সম্পূর্ণ নিরুত্তি হইবেক, এ কথা সম্পূর্ণ অলীক।

কলিকাতাবাদী নব্যসম্প্রদায়ের অধিকাংশ লোক পল্লীপ্রামের কোনও সংবাদ রাখেন না; স্কৃতরাং, তত্ত্বত্য যাবতীয় বিষয়ে তাঁহারা সম্পূর্ণ অনভিজ্ঞ; কিন্তু, তৎসংক্রাস্ত কোনও বিষয়ে অভিপ্রায় প্রকাশের প্রয়োজন হইলে, সম্পূর্ণ অভিজ্ঞের ক্যায়, অসমুচিত চিত্তে তাহা করিয়া থাকেন। তাঁহারা, কলিকাতার ভাবভঙ্গী দেখিয়া, তদমুসারে পল্লীপ্রামের অবস্থা অনুসান করিয়া লয়েন। ঐ সকল মহোদয়েরা বলেন, এ দেশে বিস্তার সবিশেষ চচ্চ। হওয়াতে, বহু-বিবাহাদি কুপ্রথার প্রায় নিবৃত্তি হইয়াছে।

এ কথা যথার্থ বাটি, বহুকাল ইঙ্গরেজী বিস্তার সবিশেষ অনুশীলন ও ইঙ্গরেজজাতির সহিত ভূয়িষ্ঠ সংসর্গ দ্বারা, কলিকাতায় ও কলিকাতার অব্যবহিত সন্নিহিত স্থানে কুপ্রথা ও কুসংস্কারের অনেক অংশে নির্ত্তি হইয়াছে; কিন্তু, তদ্যতিরিক্ত সমস্ত স্থানে ইঙ্গরেজী বিস্তার তাদৃশ অনুশীলন হইতেছে না; ও ইঙ্গরেজজাতির সহিত তদ্রপ ভূরিষ্ঠ সংসর্গ ঘটিতেছে না; স্কৃতরাং তত্তৎ স্থানে কুপ্রথা ও কুসংস্কারের প্রাত্মর্ভাব তদবস্থই রহিয়াছে। ফলতঃ, পল্লীগ্রামের অবস্থা কোনও অংশে কলিকাতার মত হইয়াছে, এরপ নির্দেশ নিতান্ত অসকত। কার্য্যকারণভাবব্যবস্থার প্রতি দৃষ্টি করিলে, এরূপ সংক্ষার কদাচ উদ্ভুত হইতে পারে না। কলিকাতায় যে কারণে যত কালে যে কার্য্যের উৎপত্তি হইয়াছে, যে সকল স্থানে যাবৎ সেই কারণের তত কাল সংযোগ না ঘটিতেছে, তাবৎ তথায় সেই কার্য্যের উৎপত্তি প্রত্যাশা করা যাইতে পারে না। কলিকাতায় যত কাল ইঙ্গরেজী বিস্তার যেরপ স্অনুশীলন ও ইঙ্গরেজজাতির সহিত যেরপ ভূরিষ্ঠ मःमर्ग इहेग्राट्ड ; श्रमीधारम यावर मर्स्तराञाद केंद्रभ ना चिरिट्र, তাবৎ তথায় কলিকাতার অনুরূপ ফললাভ কোনও ক্রমে সম্ভবিতে পারে না। যাহা হউক, কলিকাতার ভাবভঙ্গী দেখিয়া, তদনুসারে পল্লীগ্রামের অবস্থা অনুমানকরা নিভান্ত অব্যবস্থা।

ফলকথা এই, কোন্ও বিষয়ে মত প্রকাশের প্রয়োজন হইলে, তিদ্বিয়ের বিশেষজ্ঞ না হইয়া, তাহা করা পরামর্শদিদ্ধ নহে। সবিশেষ অনুসন্ধান ব্যতিরেকে কেছ কোনও বিষয়ের বিশেষজ্ঞ হইতে পারেন না । বহুবিবাছপ্রথাবিষয়ে সবিশেষ অনুসন্ধান করিলে, ঐ জয়ন্ত ও নুশংস প্রথার অনেক নিইতি হইয়াছে, উহা আর পূর্কের মত প্রবল নাই, পরপ্রতারণা 'খাঁছার উদ্দেশ্য নহে; তাদৃশ ব্যক্তি

কর্লাচ এরূপ নির্দেশ করিতে পারেন না। স্বর্ধ্যার পরতন্ত্র, বা বিদ্বেষবৃদ্ধির অধীন, অথবা কুসংক্ষারবিশেষের বশবর্তী হইয়া, প্রস্তাবিত
বিষয়ের প্রতিপক্ষতা ক্র্রামাত্র যাঁহার মুখ্য উদ্দেশ্য, তিনি তদ্বিষয়ের
বিশেষজ্ঞই হউন, আর অনভিজ্ঞই হউন, যাহা স্বপক্ষস্মর্থনের,
বা পরপক্ষখণ্ডনের, উপযোগী জ্ঞান করিবেন, তাহাই সচ্চন্দে নির্দেশ
করিবেন, যাহা নির্দেশ করিতেছেন, তাহা সম্পূর্ণ অবাস্তব হইলেও,
তাহাকেই তদ্বিষয়ের প্রকৃত অবস্থা বলিয়া কীর্ত্তন করিতে কিঞ্চিলাত্র
সক্ষুচিত হইবেন না। কোনও ব্যক্তি, সদভিপ্রায়প্রবর্ত্তিত হইয়া,
কার্য্যবিশেষের অনুষ্ঠান করিলে, উক্তবিধ ব্যক্তিরা ঐ অনুষ্ঠানকে,
অসদভিপ্রায়প্রপ্রেদিত বলিয়া, অস্লান মুখে নির্দেশ করেন; কিন্তু
আপনারা যে ক্রিটীবার বশ হইয়া, অতথ্যনির্দেশ দ্বারা পরের চক্ষে
ধুলি প্রক্ষেপ করিতেছেন, তাহা একবারও ভাবিয়া দেখেন না।

পঞ্চম আপত্তি।

কেছ কেছ আপত্তি করিতেছেন, বহুবিবাছপ্রথা নিবারিত হইলে, কায়স্থজাতির আজ্ঞরসের ব্যাঘাত ঘটিবেক। এই আপত্তি অতি তুর্বল ও অকিঞ্চিৎকর। আজ্ঞরস না হইলে, কায়স্থদিগের জ্লাতিপাত ও ধর্মলোপ হয় না, এবং বিবাছবিষয়েও কোনও অস্থবিধা ঘটি না।

কায়স্থজাতি ছই শ্রেণীতে বিভক্ত, প্রথম কুলীন, দ্বিতীয় মোলিক। বেষাৰ, বস্থ, মিত্র এই তিন ঘর কুলীন কায়স্থ। মোলিক দ্বিবিধ, সিদ্ধা ও সাধ্য। দে, দত্ত, কর, সিংহ, সেন, দাস, গুহ, পালিত এই আট ঘর সিদ্ধা মালিক। আর সোম, কদ্র, পাল, নাগ, ভঞ্জ, বিষ্ণু, ভদ্র, রাহা, কুণ্ড, স্থর, চন্দ্র, নন্দী, শীল, নাধ, রক্ষিত, আইচ, প্রভৃতি যে বাযত্তর ঘর কায়স্থ আছেন, তাঁহারা সাধ্য মোলিক। সাধ্য মোলিকেরা মর্য্যাদাবিষয়ে সিদ্ধা মোলিক অপেকা নিক্ষট। সিদ্ধা মোলিকেরা সম্মোলিক, সাধ্য মোলিকেরা বায়ত্তরিয়া, বলিয়া সচরাচর উল্লিখিত হইয়া থাকেন।

কায়স্থজাতির বিবাহের স্থল ব্যবস্থা এই;— কুলীনের জ্যেষ্ঠ পুত্রকে কুলীনকন্সা বিবাহ করিতে হয়; মোলিকক্সা বিবাহ করিলে, তাঁহার কুলজংশ ঘটে। কিন্তু, প্রথম কুলীনকন্সা বিবাহ করিয়া, মোলিকক্সা বিবাহ করিলে, কুলের কোনও ব্যাঘাত ঘটে না। কুলীনের অপর পুত্রেরা মেনিককন্যা বিবাহ করিতে পারেন, এবং সচরাচর তাহাই করিয়া থাকেন। মোলিকন্মাত্রের কুলীনপাত্রে কন্সাদান ও কুলীনক্সা বিবাহ করা আবশ্যক। মোলিকে মোলিকে আদানপ্রান্ধন

হইলে, জাতিপাত ও ধর্মলোপ হয় না; কিন্তু, তাদৃশ আদানপ্রদান-কারীদিগকে কায়স্থসমাজে কিছু হেয় হইতে হয়। ৬০। ৭০ বৎসর পূর্ব্বে, মৌলিকে মৌলিকে বিবাহ নিতান্ত বিরল ছিল না, এবং নিতান্ত নোযাবহ বলিয়াও পরিগৃহীত হইত না।

মেলিকেরা কুলীনের দ্বিতীয় পুত্র প্রস্তৃতিকে কন্যাদান করিয়া থাকেন। কিন্তু, কতিপয় মেলিকপরিবারের সঙ্কম্প এই, কুলীনের জ্যেষ্ঠ পুত্রকে কন্যাদান করিতে হইবেক। কুলীনের জ্যেষ্ঠ পুত্র প্রথমে মেলিককন্যা বিবাহ করিতে পারেন না। কুলীনকন্যা বিবাহ দ্বারা খাঁহার কুলরক্ষা হইয়াছে, মেলিক কায়ন্থ, অনেক যত্ন ও অর্থব্যয় করিয়া তাঁহাকে কন্যা দান করেন। কুলীনের জ্যেষ্ঠ পুত্র এইরূপে মেলিকগৃহে যে দ্বিতীয় সংসার করেন, তাহার নাম আদ্যরস; আর, যে সকল মেলিকের গৃহে এইরূপ বিবাহ হয়, ভাঁহাদিগকে আদ্যরসের ঘর বলে।

মেলিকেরা, আদারদ করিয়া, অনেক যত্নে জামাতাকে গৃহে রাখেন। তাহার কারণ এই বোধ হয়, কুলীনের জ্যেষ্ঠ সন্তান পিতৃমর্য্যাদা প্রাপ্ত হন। আদারদপ্রিয় মোলিকদিগের উদ্দেশ্য এই, তাঁহাদের দোহিত্র দেই মর্য্যাদার ভাজন হইবেন। কিন্তু, যে ব্যক্তির ছই সংসার, তাহার কোন্ দ্রী প্রথম পুত্রবতী হইবেক, তাহার স্থিরতা নাই। পূর্বিপরিশীতা কুলীনকন্যার অণ্ডো পুত্র জিমিলে, আদারদের উদ্দেশ্য বিফল হইয়া যায়। জামাভাকে পূর্ব্বপরিশীতা কুলীনকন্যার নিকটে যাইতে না দেওয়া, সেই উদ্দেশ্যমাধনের প্রধান উপায়। এজন্য, জামাভাকে সন্তুই করিয়া গৃহে রাখা নিভান্ত আবশ্যক হয়া উঠে। তাদৃশ স্থলে, পূর্ব্বপরিশীতা কুলীনকন্যা স্থামীর মুখ দেখিতে পান না। বস্তুতঃ, তাদৃশী কুলীনকন্যাকে, নামমাত্রে বিবাহিতা হইয়া, বিধবা ফন্যার ন্যায়, পিত্রালয়ে কাল্যাপন করিতে হয়। কুলীন জামাতাকে বশে রাখা বিলক্ষণ ব্যয়সাহ্য, এজন্য, যে সকল আদ্যরসকারী মেলিকের অবস্থা

ক্ষুণ্ণ, হইয়াছে, তাঁহারা ভদ্বিবরে ক্লতকার্য্য হইন্ডে পারেন না; স্কুতরাং আজ্ঞরদের মুখ্যকললাভ তাঁহাদের ভাগ্যে ঘটিয়া উঠে না। স্কুদৃশ স্থলে, কুলীনের জ্যেষ্ঠ পুত্র কুলীনকন্তা ও মেলিককন্যা উভয়কে লইয়া সংসার্যাক্রা নির্বাহ করেন।

পূর্বে উল্লিখিত হইয়াছে, আন্তরদ না করিলে, মৌলিকের জাতি-পাত ও ধর্মলোপ হয় না, এবং বিবাহবিষয়েও কিছুমাত্র অস্থ্রবিধা ঘটে না। কুলীনের মধ্যম প্রভৃতি পুল্রকে কন্যাদান করিলেই মৌলিকের সকল দিক রক্ষা হয়। এজন্য, প্রায় সকল মৌলিকেই তাদৃশা পাত্রে কন্যাদান করিয়া থাকেন। আমি কুলীনের জ্যেষ্ঠ পুল্রকে কন্যাদান করিয়াছি, নিরবছিন্ন এই অভিমানস্থখলোভের বশবর্তী হইয়া, কেবল কতিপর মৌলিকপরিবার আন্তরস করেন। কিন্তু, তুচ্ছ অভিমানস্থখর জন্য, পূর্ব্বপরিণীতা নিরপরাধা কুলীনকন্যার নর্ব্বনাশা করিতেছেন, কণকালের জন্মেও সে বিবেচনা করেন না। যে দেশে আপন কন্যার হিতাহিত বিবেচনার পদ্ধতি নাই, সে দেশে পরের কন্যার হিতাহিত বিবেচনা স্থ্দুরপরাহত।

দে সকল আন্তরসপ্রির পরিবার নিঃস্ব ছইয়াছেন, এবং অর্থ ব্যর করিয়া, প্রকৃতপ্রস্তাবে, আন্তরস করিতে সমর্থ নহেন; আন্তরস অনেষপ্রকারে, তাঁহাদের পক্ষে, বিলক্ষণ বিপদের স্বরূপ হইয়া উঠিয়াছে। তাঁহাদের আন্তরিক, ইক্ছা এই, আন্তরসপ্রথা এই দণ্ডে রহিত হইয়া যায়। রাজশাসন দ্বারা এই কুৎসিত প্রথার উচ্ছেদ্ব হলৈ, তাঁহারা পরিত্রাণ বোধ করেন; কিন্তু, স্বয়ং সাহস করিয়া পথপ্রদর্শনে প্রবৃত্ত হইতে পারেন না। যদি তাঁহারা, আদ্যরসে বিসর্জ্জন দিয়া, কুলীনের দ্বিতীয় প্রস্তৃতি পুত্রে কদ্যাদান করিতে আরম্ভ করেন, তাঁহাদের জাতিপাত বা ধর্মলোপ হইবেক না। তবে, আদ্যরস করিল না, অধবা করিতে পারিল না, এই বলিয়া, প্রতিবেনীরা, তাঁহাদিগকে লক্ষ্য করিয়া, নিন্দা ও উপহাস করিবেন।

কেবল এই নিন্দা ও এই উপহাসের ভয়ে, তাঁহারা আদ্যরস ছইতে বিরত হইতে পারিভেছেন না। স্পৃষ্ট কথা বলিতে হইলে, আমাদের দেশের লোক বড় নির্কোণ, বড় কাপুরুষ।

রাজশাসন দ্বারা বহুবিবাহপ্রথা নিবারিত হইলে, আদ্যুরসের ব্যাঘাত ঘটিবেক, সন্দেহ নাই। কিন্তু, তদ্ধারা কতিপয় মেলিক-পরিবারের তুচ্ছ অভিমানস্থখের ব্যাঘাত ভিন্ন, কায়স্থজাতির কোনও অংশে কোনও অস্কুবিধা বা অপকার ঘটিবেক, তাহার কোনও সম্ভাবনা লক্ষিত বা অনুমেয় হইতেছে না। আল্ররস, কায়স্থজাতির পক্ষে, অপরিহার্য্য ব্যবহার নহে। এই ব্যবহার অনেক অংশে অনিষ্টকর ও অবর্থাকর, তাহার সন্দেহ নাই। যখন, এই ব্যবহার রহিত হইলে, কায়স্থজাতির অহিত, অধর্মা, বা অন্যবিধ অস্থবিধা ও অপকার ঘটিতেছে না, তখন উহা বহুবিবাহনিবারণের আপত্তিস্বরূপে উত্থাপিত বা পরিগৃহীত হওয়া কোনও মতে উচিত বা ন্যায়ানুগত নহে। আর, যদি রাজনিয়ম দ্বারা, বা অন্যবিধ কারণে, অকারণে একাধিক বিবাহ করিবার প্রথা রহিত হইয়া যায়, তাহা হইলেও আদ্যরসের এককালে উচ্ছেদ হইতেছে না। কুলীনের যে সকল জ্যেষ্ঠ সম্ভানের জ্রীবিয়োগ ঘটিবেক, তাঁহারা আজ্ঞরদের ঘরে দারপরিগ্রহ করিতে পারিবেন। যাহা হউক, এই আদ্যরসের ব্যাঘাত ঘটিবেক, অতএব বহুবিবাহপ্রথা নিবারিত হওয়া উচিত নহে, ঈদৃশ আপত্তি উত্থাপন করা কেবল আপনাকে উপহাসাম্পদ করা মাতে।

ষষ্ঠ আপত্তি।

কেছ কেছ আপত্তি করিতেছেন, এ দেশে বহুবিবাছপ্রথা প্রচলিত থাকাতে, অশেষবিধ অনিউ ঘটিতেছে, সন্দেহ নাই; যাহাতে তাহার নিবারণ হয়, তত্ত্বিয়ে সাধ্যানুসারে সকলের যথোচিত চেন্টা করা ও বত্ববান্ হওয়া নিতান্ত উচিত ও আবশ্যক। কিন্তু, বহুবিবাহ সামাজিক দোষ; সামাজিক দোবের সংশোধন সমাজের লোকের কার্য্য; সে বিষয়ে গবর্গমেণ্টকে হস্তক্ষেপ করিতে দেওয়া কোনও ক্রমে বিধেয় নহে।

এই আপত্তি শুনিয়া, আমি কিরৎক্রণ হাস্য সংবরণ করিতে পারি নাই। সামাজিক দোষের সংশোধন সমাজের লোকের কার্য্য, এ কথা শুনিতে আপতিতঃ অত্যন্ত কর্ণস্থকর। যদি এ দেশের লোক সামাজিক দোষসংশোধনে প্রায়ন্ত ও যত্নবান্ হয়, এবং , অবশেষে কতকার্য্য হইতে পারে, তাহা অপেকা স্থাখের, আহ্লাদের, ও সোভাগ্যের বিষয় আর কিছুই হইতে পারে না। কিন্তু দেশস্থ লোকের প্রবৃত্তি, বুদ্ধিরতি, বিবেচনাশক্তি প্রস্তৃতির অশেষ প্রকারে যে পরিচয় পাওয়া গিয়াছে, এবং অদ্যাপি পাওয়া থাইতেছে, তাহাতে তাহারা সমাজের দোষসংশোধনে যত্ন ও চেন্টা করিবেন, এবং সেই যত্নে ও সেই চেন্টায় ইন্টাসিদ্ধি হইবেক, সহজে সে প্রত্যাশা করিতে পারা যায় না। ফলতঃ, কেবল আমাদের যত্ন ও চেন্টায় সমাজের সংশোধনকার্য্য সম্পন্ন হইবেক, এখনও এ দেশের সে দিন, সে সোভাগ্যদশা উপস্থিত, হয় নাই; এবং কত্ন কালে উপস্থিত ইইবেক, দেশের বর্ত্তমান অবস্থা

দেখিয়া, তাহা স্থির বলিতে পারা যায় না। বোধ হয়, কখনও কে দিন ও সে সোভাগ্যদশা উপস্থিত হইবেক না।

যাঁহারা এই আপত্তি করেন, তাঁহারা নব্য সম্প্রদায়ের লোক। নব্য সম্প্রদায়ের মধ্যে যাঁহারা অপেকাক্ত বয়োরদ্ধ ও বহুদর্শী ছইয়া-ছেন, তাঁহারা অর্কাচীনের স্থায়, সহসা এরপ অসার কথা মুখ হইতে বিনির্গত করেন না। ইহা ধথার্থ বটে, তাঁহারাও এক কালে অনেক বিষয়ে অনেক আশ্ফালন কঁরিতেন; সমাজের দোষসংশোধন ও সমাজের জীর্দ্ধিসাধন তাঁহাদের জীবনের একমাত্র উদ্দেশ্য, এ কথা সর্বাহ্ণণ তাঁছাদের মুখে নৃত্য করিত। কিন্তু, এ সকল পঠদদশার ভাব। তাঁহারা পঠদশা সমাপন করিয়া বৈষয়িক ব্যাপারে প্রাকৃত্ত হইলেন। ক্রমে ক্রমে, পঠদ্দশার ভাবের তিরোভাব হইতে লাগিল। অবশেষে, সামাজিক দোবের সংশোধন দূরে থাকুক, স্বয়ং সেই সমস্ত দোবে সম্পূর্ণ লিপ্ত ছইয়া, সক্তন্দ চিত্তে কাল্যাপন করিতেছেন। এখন তাঁহার। বহুদর্শী হইয়াছেন; সমাজের দোষদংশোধন, সমাজের জীরদ্বিদাধন, এ সকল কথা, ভ্রান্তিক্রমেও, আর তাঁহাদের মুখ ছইতে বহিগত হয় না; বরং, এ সকল কথা শুনিলে; বা কাছাকেও এ সকল বিষয়ে সূচেষ্ট হইতে দেখিলে, তাঁহারা হাস্ত ও উপহাস করিয়া থাকেন।

এই সম্প্রদায়ের অম্পবয়্রকদিনের একণে পঠদদশার ভাব চলিতেছে। অম্পবয়্রকদলের মধ্যে যাঁছারা অম্প বয়সে বিদ্যালয় পরিত্যাগ করেন, তাঁছাদেরই আম্ফালন বড়। তাঁহাদের ভাবভঙ্গী দেখিয়া, অনায়াসে লোকের এই বিশ্বাস ঐলিতে পারে, তাঁহারা সমাজের দোষসংশোধনে ও শ্রীরিদ্ধিসম্পাদনে প্রাণসম্পণ করিয়াছেন। কিন্তু তাঁহারা যে মুখমাত্রসার, অন্তরে সম্পূর্ণ অসার, অনায়াসে সকলে তাহা বুঝিতে পারেন না। তাদৃশ ব্যক্তিরাই উন্নত ও উদ্ধাত বাক্যে কছিয়া থাকেন, সমাজের দোষসংশোধন সমাজের লোকের কার্য্য, সে বিষয়ে গবর্ণমেন্টকে হস্তক্ষেপ করিতে দেওয়া বিধেয় নহে।
কিন্তু, সমাজের দোষসংশোধন কিরপ কার্য্য, এবং কিরপ সমাজের
লোক, অন্যদীয় সাহায্য নিরপেক্ষ হইয়া, সমাজের দোষসংশোধনে
সমর্থ, যাঁহাদের সে বোধ ও সে বিবেচনা আছে, তাঁহারা, এ দেশের
অবস্থা দেখিয়া, কখনই সাহস করিয়া বলিতে পারেন না, আমরা
কোনও কালে, কেবল আত্ময়ত্বে ও আ্রাচেন্টায়, সামাজিক দোবসংশোধনে ক্রতকার্য্য হইতে পারিব। আমরা অত্যন্ত কাপুরুষ, অত্যন্ত
অপদার্থ; আমাদের হতভাগা সমাজ অতিকুৎসিত দোষপরম্পরায়
অত্যন্ত পরিপূর্ণ। এ দিকের চন্দ্র ও দিকে গেলেও, এরপ লোকের
ক্ষমতায় এরপ সমাজের দোষসংশোধন সম্পন্ন হইবার নহে। উল্লিখিত
নব্যপ্রামাণিকেরা কথায় বিলক্ষণ প্রবীণ; তাঁহাদের যেরপ বৃদ্ধি,
যেরপ বিদ্যা, যেরপ ক্ষমতা, তদপেক্ষা অনেক অধিক উচ্চ কথা কহিয়া
থাকেন। কথা বলা যত সহজ, কার্য্য করা তত সহজ নহে।

আমাদের সামাজিক দোষসংশোধনে প্রবৃত্তি ও ক্ষমতা বিষয়ে ছুটি উদাহরণ প্রদর্শিত হইতেছে; প্রথম, ত্রাহ্মণজ্ঞাতির কন্যাবিক্রয়; দ্বিতীয়, কায়শ্বজ্ঞাতির পুত্রবিক্রয়। ত্রাহ্মণজ্ঞাতির অধিকাংশ শ্রোত্রিয় ও অনেক বংশজ কন্যাবিক্রয় করেন; আর, সমুদায় শ্রোত্রেয় ও অধিকাংশ বংশজ কন্যাক্রয় করিয়া বিবাহ করেন। এই ক্রয়বিক্রেয় শাস্ত্রানুসারে অতি গর্হিত কর্ম্ব; এবং প্রকারান্তরে বিবেচনা করিয়া দেখিলে, অতি জ্বন্য ব্যবহার। অত্তি কহিয়াছেন.

ক্রয়ক্রীতা চ যা কন্যা পত্নী দা ন বিধীয়তে।
তম্পাং জাতাঃ স্থতান্তেষাং পিতৃপিগুং ন বিদ্যতে॥(১)
ক্রয় ক্রিয়া যে ক্লাকে বিবাহ করে, দে পত্নী নহে; তাহার
গর্ভে যে দকল প্র জ্ঞো, তাহার। পিতার পিগুদানে অধিকারী
নয়।

⁽১) অবিদংহিত।।

ক্রয়ক্রীতা তু যা নারী ন সা পত্যুতিধীয়তে। ন সা দৈবে ন সা পৈত্রো দাসীং তাং কবয়ো বিছঃ॥ (২)

ক্রয় করিয়া যে নারীকে বিবাহ করে, তাছাকে পত্নী বলে না; সে দেবকার্য্যে ও পিতৃকার্য্যে বিবাহকর্তার সহধর্মচারিণী হইতে পারে না; পণ্ডিতেরা তাহাকে দাসী বলিয়া গণনা করেন। বৈকুণ্ঠবাসী হরিশর্মার প্রতি বন্ধা কহিয়াছেন,

যঃ কন্যাবিক্রয়ং মুঢ়ো লোভাচ্চ কুরুতে দিজ। म গচ্ছেররকং ঘোরং পুরীষ্হ্রদদংজ্ঞকম্॥ বিক্রীতায়াশ্চ কন্যায়া যঃ পুল্রো জায়তে দ্বিজ। স চাণ্ডাল ইতি জেরঃ সর্বধর্মবহিষ্কৃতঃ॥ (৩)

হে দিজ, যে মূঢ় লোভবশতঃ কস্তাবিক্রয় করে, সে পুরীষ্মদ নামক খোর নরকে যায়। হে দ্বিজ, বিজ্ঞীতা কন্তার যে পুত্র জন্মে, সে চণ্ডাল, তাহার কোনও ধর্মে অধিকার নাই।

দেধ! কন্যাক্রয় করিয়া বিবাহকরা শাজারুসারে কত দৃষ্য। শাস্ত্রকারেরা তাদৃশ স্ত্রীকে পত্নী বলিয়া, ও তাদৃশ স্ত্রীর গর্ভজাত সম্ভানকে পুত্র বলিয়া, অঙ্গীকার করেন না ; তাঁছাদের মতে তাদৃশ স্ত্রী দাসী; তাদৃশ পুত্র সর্ব্বধর্মবহিষ্কৃত চণ্ডাল। সন্ত্রীক হইয়া ধর্মকার্যের অনুষ্ঠান করিতে হয়; কিন্তু, শাস্ত্রানুসারে তাদৃশ জ্রী ধর্মকার্য্যে স্বামীর সহচারিণা হইতে পারে না। পিওপ্রত্যাশায় লোকে পুত্র-প্রার্থনা করে; কিন্তু, শান্তানুসারে তাদৃশ পুত্র পিতার পিওদানে অধিকারী নহে। আর, যে ব্যক্তি অর্থলোভে ক্রিপ্তাবিক্রের করে, সে চিরকালের জন্য নরকগামী হয়।

^{॰(}२) प्रज्ञक्योमाः नाधुष्ठ। (७) क्रियाटगाननात्र। ॐअविश्म च्यंधारायः।

্ অর্থলোভে কন্থাবিক্রয় ও কন্যাক্রয় করিয়া বিবাহকরা অতি জ্বদ্যা ব্যবহার, ইহা সকলেই স্বীকার করিয়া থাকেন; যাঁহারা কন্যা বিক্রয় করেন, এবং যাঁহারা, কন্যা ক্রয় করিয়া, বিবাহ করেন, তাঁহারাও, সময়ে সময়ে, এই ক্রয়বিক্রয় ব্যবসায়কে অতি গর্হিত বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। এই ব্যবহার, যার পর নাই, অধর্মকর ও অনিষ্টকর, তাহাও সকলের বিলক্ষণ হ্রদয়ন্দম হইয়া আছে। যদি আমাদের সামাজিক দোবসংশোধনে প্রয়ৃত্তি ও ক্ষমতা থাকিত, তাহা হইলে, এই কুংসিত কাও এত দিন এ প্রাদেশে প্রচলিত থাকিত না।

ব্রাহ্মণজাতির কন্যাবিক্রয় ব্যবসায় অপেক্ষা, কায়স্থজাতির পুক্র-বিক্রম ব্যবসায় আরও ভয়ানক ব্যাপার। মধ্যবিধ ও হীনাবস্ত কায়স্থজাতির কন্যা হইলেই সর্বনাশ। কন্যার যত বয়োরদ্ধি হয়, পিতার সর্বশরীরের শোণিত শুক্ষ হইতে থাকে। যার কন্যা, তার সর্বনাশ ; যার পুত্র, তার পোবিমান। বিবাহের সম্বন্ধ উপস্থিত হইলে, পুত্রবান্ ব্যক্তি অলঙ্কার, দানসামগ্রী প্রভৃতি উপলক্ষে পুত্রের এড मूला প্রার্থনা করেন, যে মধ্যবিধ ও ছীনাবস্থ কায়স্থের পক্ষে কন্যাদায় নুশংস ব্যবহার করেন, যে তাঁহাদের উপর অত্যন্ত অপ্রাদ্ধা জমে। কৌতুকের বিষয় এই, কন্যার বিবাহদিবার সময় যাঁছারা শশবাস্ত ও বিপদ্গ্রন্ত হন ; পুত্রের বিবাহদিবার সময়, তাঁহাদেরই আর একপ্রকার ভাবভন্নী হয়। এইরূপে, কায়স্থেরা কন্যার বিবাহের সময় মহাবিপদ, ও পুত্রের বিবাহের সময় মহোৎসব, জ্ঞান করেন। পুত্রবিক্রয় ব্যবসায় যে অতি কুৎসিত কর্ম, জাহা কায়স্থমাত্রে স্বীকার করিয়া থাকেন; কিন্তু আপনার পুত্রের বিবাহের সময়, দে বোষও থাকে না, দে বিবেচনাও থাকে না। 'আশ্চর্ব্যের বিষয় এই, বাঁছারা নিজে স্থশিক্ষিত ও পুত্রকে স্থাশিকিত করিতেছেন, এ ব্যবসায়ে তাঁছারাও নিভান্ত অম্প নির্দর नरहन। य दालक विश्वविद्यालरात श्रीका शतीका मण्डीर्ग हरेगारह; তাহার মূল্য অনেক; 'ষে তদপেক্ষা উচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে, তাহার মূল্য তদপেক্ষা অনেক অধিক; যাহারা তদপেক্ষাও অধিকবিপ্ত হইয়াছে, তাহাদের সহিত কন্যার বিবাহ প্রস্তাব করা অনেকের পক্ষে অসংসাহসিক ব্যাপার। আর, যদি তত্পরি ইউকনির্মিত বাসস্থান ও প্রাসাচ্ছাদনের সমাবেশ থাকে, তাহা হইলে, সর্কনাশের ব্যাপার। বিলক্ষণ সঙ্গতিপন্ন না হইলে, তাদৃশ স্থলে বিবাহের কথা উত্থাপনে অধিকারী হয় না। অধিক আশ্চর্যের বিষয় এই, পল্লীপ্রাম অপেক্ষা কলিকাতায় এই ব্যবসায়ের বিষম প্রাত্ত র্ভাব। সর্কাপেক্ষা আশ্চর্যের বিষয় এই, বাক্ষণজাতির কন্যার মূল্য ক্রমে অপ্প হইয়া আসিতেছে, কায়স্থজাতির পুত্রের মূল্য উত্তরোত্তর অধিক হইয়া উঠিতেছে। যদি বাজার এইরূপ থাকে, অথবা আরও গরম হইয়া উঠে; তাহা হইলে, মধ্যবিধ ও হীনাবস্থ কায়স্থপরিবারের অনেক কন্যাকে, আক্ষণজাতীয় কুলীনকন্যার ন্যায়, অবিবাহিত অবস্থায় কাল্যাপন করিতে হইবেক।

ষেদ্ধপ দেখিতে ও শুনিতে পাওয়া যায়, কায়স্থমাত্রে এ বিষয়ে বিলক্ষণ জ্বালাতন হইয়াছেন। ইহা যে অতি লজ্জাকর ও গণাকর ব্যবহার, সে বিষয়ে মতভেদ দেখিতে পাওয়া যায় নাম কায়স্থজাতি, একবাক্য হইয়া, যে বিষয়ে গ্লাও বিদ্বেষ প্রদর্শন করিতেছেন, তাহা অক্তাপি প্রচলিত আছে কেন। যদি এ দেশের লোকের সামাজ্বিক দোষসংশোধনে প্রায়ন্তি ও ক্ষমতা থাক্নিত, তাহা হইলে, কায়স্থজাতির পুত্রবিক্রয় ব্যবহার বহু দিন পূর্বের রহিত হইয়া যাইত।

এ দেশের হিন্দুসমাজ ঈদৃশ দোষপরম্পারায় পরিপূর্ণ। পূর্ব্বোক্ত নব্যপ্রামাণিকদিগকে জিজ্ঞাসা করি, এপর্য্যস্ত, তাঁহারা তন্মধ্যে কোন কোন দোষের সংশোধনে কত দিন কিরপ যত্ন ও চেফা করিয়াছেন; এবং তাঁহাদের যত্নে ও চেফায় কোন কোন দোষের সংশোধন হইয়াছে; এক্টেই বা তাঁহারা কোন কোন দোষের সংশোধনে চেফা ও যত্ন করিতেছেন।

্বহুবিবাহপ্রথা প্রচলিত থাকাতে, অশেষপ্রকারে হিন্দ্রসমাজের অনিষ্ট ঘটিতেছে। সহজ্ঞ সহজ্ঞ বিবাহিতা নারী, যার পর নাই, ষন্ত্রণাভোগ করিতেছেন। ব্যভিচারদোষের ও জ্রনহত্যাপাপের স্ত্রোত প্রবলবেগে প্রবাহিত হইতেছে। দেশের লোকের যত্নে ও চেফীয় ইহার প্রতিকার হওয়া কোনও মতে সম্ভাবিত নহে। সম্ভাবনা থাকিলে, তদর্থে রাজদ্বারে আবেদন করিবার কিছুমাত্র প্রয়োজন থাকিত না। একণে, বহুবিবাহপ্রাথা রহিত হওয়া আবশ্যক, এই বিবেচনায়, রাজদ্বারে আবেদন করা উচিত; অথবা এরূপ বিষয়ে রাজদ্বারে আবেদন করা ভাল নয়, অতএব তাহা প্রচলিত থাকুক, এই বিবেচনায়, কান্ত থাকা উচিত। এই জঘন্য ও নুশংদ প্রথা প্রচলিত থাকাতে, সমাজে যে পরীয়দী অনিষ্টপরম্পরা ঘটিতেছে, যাঁহারা তাহা অহরহঃ প্রত্যক করিতেছেন, এবং তাহা প্রত্যক্ষ করিয়া, যাঁহাদের অন্তঃকরণ ফুঃখানলে দগ্ধ হইতেছে, তাঁহাদের বিবেচনায়, যে উপায়ে হউক, এই প্রথা রহিত হইলেই, সমাজের মঙ্গল। বস্তুতঃ, রাজশাসন দ্বারা এই নুশংস প্রথার উচ্চেদ হইলে, সমাজের মঙ্গল ভিন্ন অমঙ্গল ঘটিবেক, তাহার কোনও হেতু বা সম্ভাবনাদেখিতে পাওয়াযায় না। আর, যাঁহারা তদর্থেরাজদ্বারে আবেদন করিয়াছেন, তাঁহাদের যে কোনও প্রকারে অন্যায় বা অবিবেচনার কর্ম করা হইয়াছে, ভর্ক দ্বারা তাহা প্রতিপন্ন করাও নিতান্ত সহজ বোষ হয় না। আমাদের ক্ষমতা গবর্ণমেণ্টের হত্তে দেওয়া উচিত নয়, এ কথা বলা বালকতা প্রদর্শন মাত্র। আমাদের ক্ষমতা কোথায়। ক্ষমতা থাকিলে, ঈদুশ বিষয়ে গবর্ণমেণ্টের নিকটে যাওরাকদাচ উচিত ও আবশ্যক হইত না; আমরা নিজেই সমাজের সংশোধনকার্য্য সম্পন্ন করিতে পারিতাম। ইচ্ছা নাই, চেষ্টা নাই, ক্ষমতা নাই, স্থতরাং সমাজের দোষসংশোধন করিতে পারিবেন না; কিন্তু তদর্থে রাজদ্বারে আবেদন করিলে অপমানবোধ বা সর্বনাশজ্ঞান করিবৈন, এরপ লোকের সংখ্যা, বোধ করি, অধিক নছে ; এবং অধিক শা হইলেই, দেশের ও সমাজের মঙ্গল ।

সপ্তম আপত্তি।

কেহ কেহ আপত্তি করিতেছেন, ভারতবর্ষের সর্ব্বপ্রদেশেই, হিন্দু মুদলমান উভয়বিধ সম্প্রদায়ের লোকের মধ্যে, বহুবিবাহ প্রথা প্রচলিত আছে। তন্মধ্যে, কেবল বাঙ্গালাদেশের হিন্দুসম্প্রদায়ের লোক, ঐ প্রথা রহিত করিবার নিমিত্ত, আবেদন করিয়াছেন। বাঙ্গালাদেশ ভারতবর্ষের এক অংশ মাত্র। এক অংশের এক সম্প্রদায়ের লোকের অনুরোধে, ভারতবর্ষীয় থাবতীয় প্রজাকে অসম্ভুক্ত করা গবর্ণমেণ্টের উচিত নহে।

এই আপতি কোনও ক্রমে যুক্তিযুক্ত বোধ হইতেছে না। বহুবিবাহ-প্রথা প্রচলিত থাকাতে, বাঙ্গালাদেশে হিন্দুসম্প্রাণায়ের মধ্যে যত দোষ ও যত অনিই ঘটিতেছে; বোধ হর, ভারতবর্ষের অন্য অন্য অংশে তত নহে, এবং বাঙ্গালাদেশের মুসলমানসম্প্রাণায়ের মধ্যেও, সেরপা দোষ বা সেরপা অনিই শুনিতে পাওয়া যায় না। সে যাহা হউক, যাঁহারা আবেদন করিয়াছেন, বাঙ্গালাদেশে হিন্দুসম্প্রাণায়ের মধ্যে বহুবিবাহনিবন্ধন যে অনিই সংঘটন হইতেছে, তাহার নিবারণ হয়, এই তাঁহাদের উদ্দেশ্য, এই তাঁহাদের প্রার্থনা। এ দেশের মুসলমানসম্প্রাণায়ের লোকে বহু বিবাহ করিয়া থাকেন; তাঁহারা চিরকাল সেরপা করুন; তাহাতে আবেদনকায়্মীদিগের কোনও আপত্তি নাই, এবং তাঁহাদের এরপা ইচ্ছাও নহে, এবং প্রার্থনাও নহে, যে গ্রেণিটে এই উপলক্ষে তাঁহাদেরও বহুবিবাহের পথ কল্পাকরিয়া দেন; অথকা, গ্রেণিটেও এক উদ্যমে তাঁরতবর্ষের সর্বসাধারণ লোকের পক্ষেণ্টি বিবাহবিষয়ে ব্যবস্থা করুন, ইহাও তাঁহাদের অভিপ্রেত নহে। বহু-

বিবাহস্ত্রে স্বদেশের যে মহতী তুরবস্থা ঘটিয়াছে, তদ্দর্শনে উাহারা ত্বঃখিত হইয়াছেন, এবং দেই তুরবস্থা বিমোচনের উপায়ান্তর না দেখিয়া, রাজদ্বারে আবেদন করিয়াছেন। র্স্বদেশের ও স্বসম্প্রদায়ের তুরবস্থা বিমোচন মাত্র তাঁহাদের উদ্দেশ্য। যদি গবর্ণমেণ্ট সদয় হইয়া তাঁহাদের আবেদন প্রাহ্য করিয়া, এ দেশের হিন্দুসম্প্রদায়ের বিবাহবিষয়ে কোনও . ব্যবস্থা বিধিবদ্ধ করেন, তাহাতে এ প্রদেশের মুসলমানসম্প্রদায়, অথবা ভারতবর্ষের অক্সান্ত প্রদেশের হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়, অসম্ভুক্ট হইবেন কেন। এ দেশের হিল্পুসম্প্রদায় গবর্ণমেণ্টের প্রজা। ভাঁহাদের সমাজে কোনও বিষয় নিরতিশয় ক্লেশকর হইয়া উঠিয়াছে। তাঁহাদের যত্নে ও ক্ষমতায় সে ক্লেশের নিবারণ হইতে পারে না। অথচ সে ক্লেশের নিবারণ হওয়া নিতান্ত আবশ্যক। প্রজারা, নিকপায় হইয়া, রাজার আশ্রয়গ্রহণপূর্বক, সহায়তা প্রার্থনা করিয়াছে। এমন স্থলে, প্রজার প্রার্থনা পরিপূরণকরা রাজার অবশ্যকর্ত্তব্য। এক প্রদেশের প্রজাবর্গের প্রার্থনা অনুসারে, তাহাদের হিতার্থে কেবল সেই প্রদেশের জন্য, কোনও ব্যবস্থা বিধিবদ্ধ করিলে, হয়ত প্রদেশাস্ত্ররীয় প্রজারা অসন্তুষ্ট হইবেক, এই আশক্ষা করিয়া তদ্বিষয়ে বৈমুখ্য অবলম্বন করা রাজধর্ম নহে।

এরপ প্রবাদ আছে, ভারতবর্ষের ভূতপূর্ব্ব গবর্ণর জেনেরেল মহাত্ম। লার্ড বেণ্টিক, অতি নৃশংদ দহগমনপ্রথা রহিত করিবার নিমিত্ত, ক্তদক্ষণপ হইয়া, প্রধান প্রধান রাজপুরুষদিগকে পরামর্শ জিজ্ঞাদা করিরাছিলেন। তাঁহারা দকলেই স্পান্ট বাক্যে কহিয়াছিলেন, এ বিষয়ে হস্তক্ষেপ করিলে, ভারতবর্ষের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত, যাবতীয় লোক যংপরোনান্তি অদন্তুন্ট হইবেক, এবং অবিলয়ে রাজবিদ্যোহে অভ্যুখান করিবেক। মহামতি মহাদত্ত গবর্ণর জেনেরেল, এই দকল কথা শুনিয়া, তীত বা হতোৎদাহ না হইয়া কহিলেন, যদি এই প্রধা রহিও করিয়া এক দিন আমাদের রাজ্য খাকে, ভাহা হইলেও ইঙ্গরেজজাতির নামের যথাগ গোরব ও রাজ্যাধিকারের

সম্পূর্ণ সার্থকতা হইবেক। তিনি, প্রজার ত্রংখদর্শনে দয়ার্দ্রচিত্ত ও স্বতঃপ্রার্থ্য হইয়া, এই মহাকার্য্য সম্পন্ন করিয়াছিলেন। এক্ষণেও আমরা সেই ইঙ্গরেজজাতির অধিকারে বাস করিতেছি; কিন্তু অবস্থার কত পরিবর্ত্ত হইয়াছে। যে ইঙ্গরেজজাতি স্বতঃপ্রার্থ্য হইয়া, রাজ্য-ভ্রংশভয় অগ্রান্থ করিয়া, প্রজার ত্রংখ বিমোচন করিয়াছেন; এক্ষণে স্বতঃপ্রান্থত হওয়া দূরে থাকুক, প্রজারা বারংবার প্রার্থনা করিয়াও ক্রতকার্য্য হইতে পারে না। হায়!

"তে কে২পি দিবসা গতাঃ"। সে এক দিন গিয়াছে।

ষাহা হউক, আবেদনকারীদের অভিমত ব্যবস্থা বিধিবদ্ধ করিলে, গবর্ণমেণ্ট এতদেশীয় মুসলমান বা অন্তান্ত প্রদেশীয় হিন্দু মুসলমান উভয়বিধ প্রজাবর্গের নিকট অপরাধী হইবেন, অথবা তাহারা অসন্তুই হইবেক, এই ভয়ে অভিতৃত হইয়া প্রার্থিত বিষয়ে বৈমুখ্য অবলম্বন করিবেন, এ কথা কোনও মতে প্রদ্ধের হইতে পারে না। ইঙ্গরেজজাতি তত নির্বোধ, তত অপদার্থ ও তত কাপুরুষ নহেন। যেরূপ শুনিতে পাই, তাঁহারা রাজ্যভোগের লোভে আরুষ্ট হইয়া, এ দেশে অধিকার বিস্তার করেন নাই; সর্বাংশে এ দেশের শ্রীরাজিন্সাধনই তাঁহাদের রাজ্যাধিকারের একমাত্র উদ্দেশ্য।

এ স্থলে, একটি কুলীনমছিলার স্নাক্ষেপোক্তির উল্লেখ না করিয়া, ক্ষান্ত থাকিতে পারিলাম না। এ কুলীনমছিলা ও তাঁছার কনিষ্ঠা ভাগিনীর সহিত সাক্ষাৎ হইলে, জ্যেষ্ঠা জিজ্ঞাসা করিলেন, আবার না কি বহুবিবাহনিবারণের চেন্টা হইতেছে। 'আমি কহিলাম, কেবল চেন্টা নয়, যদি ভোমাদের কপালের জোর থাকে, আমরা এ বারে ক্রভকার্য্য হইতে পারিব। তিনি কহিলেন, যদি আর কোমও জোর না থাকে, ভবে ভোমরা ক্রতকার্য্য হইতে পারিবে না; কুলীনের মেয়ের নিহান্ত পোড়া কপালে; সেই পোড়া কপালের জোরে গত হবে, ভা

আমরা বিলক্ষণ জানি। এই বলিয়া, মেনিবলম্বনপূর্বক, কিরৎক্ষণ ক্রোড়িস্থিত শিশু কন্তাটির মুখ নিরীক্ষণ করিলেন; অনস্তুর, সজলনয়নে আমার দিকে চাহিয়া কহিলেন, বছবিবাহ নিবারণ হইলে, আমাদের আর কোনও লাভ নাই; আমরা এখনও যে স্থুখভোগ করিতেছি, তখনও সেই স্থুখভোগ করিব। তবে যে হতভাগীরা আমাদের গর্ভে জন্মগ্রহণ করে, যদি তাহারা আমাদের মত চিরত্বঃখিনী না হয়, তাহা হইলেও আমাদের অনেক হুংখ নিবারণ হয়। কিঞ্চিৎকাল, এইরূপ আক্ষেপ করিয়া, সেই কুলীনমহিলা কহিলেন, সকলে বলে, এক জ্রীলোক আমাদের দেশের রাজা; কিন্তু আমরা সে কথায় বিশ্বাস করি না; জ্রীলোকের রাজ্যে জ্রীজাতির এত হুরবন্থা হইবে কেন। এই কথা বলিবার সময়, তাহার স্লান বদনে বিবাদ ও নৈরাশ্য এরূপ স্থুম্পট ব্যক্ত হইতে লাগিল যে আমি দেখিয়া, শোকাভিভূত হইয়া, অঞ্চনিস্থুজন করিতে লাগিলাম।

হা বিধাতঃ ! তুমি কি কুলীনকস্তাদের কপালে, নিরবচ্ছিন্ন ক্লেশ-ভোগ ভিন্ন, আর কিছুই লিখিতে শিখ নাই। উল্লিখিত আক্ষেপবাক্য আমাদের অধীশ্বরী করুণাময়ী ইংলপ্রেশ্বরীর কর্ণগোচর হইলে, তিনি সাতিশার লজ্জিত ও নিরতিশায় ছঃখিত হন, সন্দেহ নাই।

় এই তুই কুলীনমহিলার সংক্ষিপ্ত পরিচয় এই ;—ইঁছারা তুপু্ক্ষিয়া ভঙ্গকুলীনের কন্যা এবং স্বক্লুতভঙ্গ কুলীনের বনিতা। জ্যেষ্ঠার বয়জ্জম ১১। ২২ বৎসর, কনিষ্ঠার বয়জ্জম ১৬। ১৭ বৎসর। জ্যেষ্ঠার স্থামীর বয়জ্জম ৩০ বৎসর, তিনি এপর্য্যস্ক ১২ টি বিবাহ করিয়াছেন। কনিষ্ঠার স্থামীর বয়জ্জম ২৫। ২৬ বৎসর, তিনি এপর্য্যস্ক ৩২ টির অধিক বিবাহ করেন নাই।

উপসংহার।

উপস্থিত বহুবিবাহনিবারণচেষ্টা বিষয়ে, আমি যে সকল আপত্তি শুনিতে পাইয়াছি, তাহাদের নিরাকরণে যথাশক্তি যত্ন করিলাম। আমার যত্ন কত দূর সকল হইয়াছে, বলিতে পারি না। যাঁহারা দয়াকরিয়া এই পুস্তক পাঠ করিবেন, তাহারা তাহার বিবেচনা করিতে পারিবেন। এ বিষয়ে এতদ্বাতিরিক্ত আরও কতিপয় আপত্তি উপস্থিত হুইতে পারে; সে সকলেরও উল্লেখ করা আবশ্যক।

প্রথম ; কতকগুলি লোক বিবাহবিষয়ে যথেচ্ছাচারী; ইচ্ছা হইলেই বিবাহ করিয়া থাকেন। এরূপ ব্যক্তিসকল নিজে সংসারের কর্ত্তা; স্কৃতরাং, বিবাহ প্রভৃতি সাংসারিক বিষয়ে অস্তদীয় ইচ্ছার বশবর্ত্তী নহেন। ইঁহারা স্বেচ্ছানুসারে ২।৩।৪।৫ বিবাহ করিয়া থাকেন। ইঁহারা আপত্তি করিতে পারেন, সাংসারিক বিষয়ে মনুষ্যমাত্রের সম্পূর্ণ কর্তৃত্ব ও স্বেচ্ছানুসারে চলিবার সম্পূর্ণ ক্ষমতা আছে; প্রতিবেশিবর্গের সে বিষয়ে, কথা কহিবার বা প্রতিবন্ধক হইবার অধিকার নাই। যাঁহাদের একাধিক বিবাহ করিতে ইচ্ছা বা প্রায়ত্তি নাই, তাঁহারা এক বিবাহে সন্তুট হইয়া সংসার্যাত্রা নির্বাহ করুন; আমরা তাঁহাদিগকে অধিক বিবাহ করিতে অনুরোধ করিব না। আমাদের অধিক বিবাহ করিবার ইচ্ছা আছে, আমরা তাহা করিব; সে বিষয়ে তাঁহারা দোষদর্শন বা আপত্তি উত্থাপন করিবেক কেন।

দ্বিতীয় ;— পিতা মাতা পুত্রের বিবাধ দিয়াছেন। বিবাহের পর, ক্তাপক্ষীয়দিগদে, বছবিধ দ্ববাসাগতী দিয়া, মধ্যে মধ্যে জামাতার ত হু করিতে হয়। তত্ত্বের সামগ্রী ইক্ছানুরূপ না হইলে, জামাতৃপক্ষীয় জ্রীলোকেরা অসন্তুষ্ট হইয়া থাকেন। কোনও কোনও স্থলে এই অসন্তোষ এত প্রবল ও গুর্নিবার হইয়া উঠে যে তত্ত্পলক্ষে পুনরায় পুত্রের বিবাহ দেওয়া আবশ্যক হয়।

তৃতীয়; —কখনও কখনও অতি সামান্য কারণে বৈবাহিকদিণের পরম্পের বিলক্ষণ অস্বরস ঘটিয়া উঠে। তথাবিধ স্থলেও পিতা মাতা, বৈবাহিককুলের উপর আক্রোশ করিয়া, পুনরায় পুত্রের বিবাহ দিয়া থাকেন।

চতুর্থ; — কোনও কারণে, কোনও কোনও স্থলে, পুল্রবগূর উপর শাশুড়ীর বিষম বিদ্বেষ জন্মে। সেই বিদ্বেষ্ট্রার বশবর্ত্তিনী হইয়া, তিনি স্বামীকে সম্মত করিয়া পুনরায় পুল্লের বিবাহ দেন।

পঞ্চম ,—অধিক অলঙ্কার দানসামগ্রী প্রভৃতি পাওয়া যাইতেছে, এই লোভে আক্রান্ত হইয়া, কোনও কোনও পিতা মাতা কদাকারা কন্যার সহিত পুত্রের বিবাহ দেন। সেই স্ত্রীর উপর পুত্রের অনুরাগ জন্মে না। পরিশেষে পুত্রের সন্তোঘার্থে পুনরায় তাহার বিবাহ দিতে হয়।

ষষ্ঠ;—অন্য কোনও লোভ নাই, কেবল কুটুম্বিভার বড় স্থুখ হইবেক, এ অনুরোধেও পিভা ফাতা, পুজের হিভাহিত বিবেচনা না করিয়া, তাহার বিবাহ দিয়া থাকেন। সে স্থলেও অবশেষে পুনরায় পুজের বিবাহ দিবার আবশ্যকতা ঘটে।

যদি রাজশাসন দ্বারা বহুবিবাহপ্রাথা রহিত হইয়া যায়, তাহা হইলে, পুজের বিবাহনিবয়ে পিতামাতার থে স্বেচ্ছাচার আছে, তাহার উচ্ছেদ হইবেক। স্তরাং তাঁহাদেরও তরিবারণবিষয়ে আপত্তি করিবার আবশ্যকতা 'আছে। কিন্তু এপর্যান্ত, কোনও পক্ষ হইতে তাদৃশ আপত্তি স্পাট বাক্যে উচ্চারিত হয় নাই। স্বতরাং, ঐ সকল আপত্তির নিরাকরণে প্রবৃত্ত হইবার প্রয়োজন নাই। বহুবিবাহপ্রথা নিবারণার্থ আবেদনপত্র প্রদানবিষয়ে যাঁছারা প্রধান উদেয়াসী, কোনও কোনও পক্ষ হইতে তাঁহাদের উপর এই অপবাদ প্রবর্ত্তিত হইতেছে যে, তাঁহারা কেবল নাম কিনিবার জন্য দেশের অনিউদাধনে উপ্তত হইয়াছেন। এ বিষয়ে বক্তব্য এই যে, বিংশতি সহস্রের অধিক লোক আবেদন পত্রে স্বাক্ষর করিয়াছেন। ইহারা সকলে এত নির্বোধ ও অপদার্থ নহেন, যে এককালে সদস্তিবেচনাশৃত্ত হইয়া, কতিপর ব্যক্তির নামক্রয়বাসনা পূর্ণ করিবাব জ্বত্ত, স্থ স্থ নাম স্বাক্ষর করিবেন। নিক্ষে কতিপয় স্বাক্ষরকারীর নাম নির্দিষ্ট হইতেছে;—

বর্দ্ধনানাধিপতি শ্রীয়ুত মহারাজাধিরাজ মহাতাপচন্দ্র বাহাত্ত্ব নবদ্বীপাধিপতি শ্রীয়ুত মহারাজ সতীশচন্দ্র রায় বাহাত্ত্র শ্রীয়ুত রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাত্ত্র (পাইকপাড়া) শ্রীয়ুত রাজা সত্যশরণ ঘোষাল বাহাত্ত্র (ভূকৈলাস) শ্রীয়ুত বারু জয়ক্ষ মুখোপাধ্যায় (উত্তরপাড়া) শ্রীয়ুত বারু রাজকুমার রায় চৌধুরী (বারিপুর) শ্রীয়ুত বারু রাজকুমার রায় চৌধুরী (বারিপুর) শ্রীয়ুত বারু সারদাপ্রদাদ রায় (চকদিঘী) শ্রীয়ুত বারু যজ্জেশ্বর সিংহ (ভান্তাড়া) শ্রীয়ুত বারু শিবনারায়ণ রায় (জাড়া) শ্রীয়ুত বারু শিবনারায়ণ রায় (জাড়া)

শ্রীমুত বারু দেবেন্দ্রনাথ চাকুর শ্রীমুত বারু রামগোপাল ঘোষ শ্রীমুত বারু হীরালাল শীল শ্রীমুত বারু শ্রামাচরণ মল্লিক শ্রীমুত বারু রাজেন্দ্র মালিক শ্রীযুত বারু রাজেন্দ্র দত্ত
শ্রীযুত বারু নৃসিংহ দত্ত
শ্রীযুত বারু গোধিন্দচন্দ্র সেন
শ্রীযুত বারু হরিমোহন সেন
শ্রীযুত বারু মাধ্যচন্দ্র সেন

শ্রীযুত বারু রামচন্দ্র খোষাল শ্রীযুত বারু ঈশ্বরচন্দ্র খোষাল শ্রীযুত বারু দারকানাথ মল্লিক শ্রীযুত বারু কৃষ্ণকিশোর খোষ শ্রীযুত বারু দারকানাথ মিত্র শ্রীযুত বারু দ্যালচাঁদ মিত্র শ্রীযুত বারু রাজে দ্রালাল মিত্র শ্রীযুত বারু প্যারীচাঁদ মিত্র শ্রীযুত বারু হুর্গাচরণ লাছা শ্রীযুত বারু শিবচন্দ্র দেব শ্রীযুত বারু শ্রামান্তরণ সরকার শ্রীযুত বারু ক্ষঞ্চাস পাল

এক্ষণে অনেকে বিবেচনা করিতে পারিবেন, এই সকল ব্যক্তিকে তত নির্বোধ ও অপদার্থ জ্ঞানকরা সঙ্গত কি না। বছবিবাছপ্রথা নিবারণ হওয়া উচিত ও আবশ্যক, এরূপ সংস্কার না জ্বালে, এবং ভদর্থে রাজদ্বারে আবেদনকরা পরামর্শসিদ্ধ বোধ না হইলে, ইঁহারা অন্তোর অনুরোধে, বা অন্যবিধ কারণ বশতঃ, আবেদনপত্তে নাম স্থাক্ষর করিবার ব্যক্তি নহেন। আর, বহুবিবাহপ্রথা নিবারিত হইলে দেশের অনিষ্টসাধন ছইবেক, এ কথার অর্থগ্রহ করিতে পারা যায় না। বহুবিকাহপ্রথা যে, যার পর নাই, অনিষ্টের কারণ হইয়া উঠিয়াছে, ভাহা, বোধ হয়, চক্ষু কর্ণ হৃদয় বিশিষ্ট কোনও ব্যক্তি অস্বীকার করিতে পারেন না। দেই নিরতিশয় অনিষ্টকর বিষয়ের নিবারণ ছইলে, দেশের অনিষ্টিশাখন হইবেক, আপত্তিকারী মহাপুরুষদের মত স্থামদর্শী না হইলে, তাহা বিবেচনা করিয়া স্থির করা হুরুহ। যাহা হউক, ইহা নির্ভয়ে ও নিঃসংশয়ে নির্দেশ করা যাইতে পারে, যাঁহারা বহুবিবাহ-প্রথা নিবারণের জন্ম রাজদ্বারে আবেদন করিয়াছেন, স্ত্রীজাতির তুরবস্থাবিমোচন ও সমাজের দোষসংশোধন ভিন্ন, তাঁহাদের অন্য কোনও উদ্দেশ্য বা অজিসন্ধি নাই।

পরিশিষ্ট

5

পুস্তকের দ্বিতীয় প্রকরণে কতকগুলি সংস্কৃত শ্লোক প্রমাণরূপে পরিগৃহীত হইয়াছে; কিন্তু, ঐ সকল শ্লোক কোন প্রস্থ হইতে উদ্ধৃত হইল, তত্তৎস্থলে তাহার নির্দ্দেশ শ্লোকসকল, বহুকাল পূর্বের, বিক্রমপুরবাসী প্রসিদ্ধ কুলাচার্য্য ঈশ্বরচন্দ্র তর্কভূষণ মহাশয়ের নিকট হইতে সংগৃহীত হইয়াছিল; কিন্তু, তর্কভূষণ মহাশয় যে পুস্তক ছইতে উদ্ধৃত করিয়া দেন, অনবধান বশতঃ, ঐ পুস্তকের নাম লিখিয়া রাখা হয় নাই। তর্কভূষণ মহাশয়ের লোকান্তর প্রাপ্তি হইয়াছে; সুতরাং এ বিষয়ে তদীয় সাহায্যলাভের আর প্রত্যাশা নাই। উল্লিখিত শ্লোক সমূহের অধিকাংশ অত্রত্য কুলাচার্য্য মহাশয়দিণের কণ্ঠস্থ আছে; কিন্তু ঐ গ্রন্থ আঁহাদের নিকটে নাই; এবং এখানে কোনও স্থানে আছে কি না, তাহারও অন্তুসন্ধান পাওয়া গেল না। এই নিমিত্ত, নিতান্ত নিরুপায় হইয়া, প্রস্তের নাম নির্দেশ করিতে পারি নাই

2

পুস্তকের চতুর্থ প্রক্রণে, রিবাহব্যবসায়ী ভক্ষর্লীন দিগের বাস, বয়স, বিবাহসংখ্যার যে পরিচয় প্রদত্ত হইয়াছে,

তদ্বিষয়ে কিছু বলা আবশ্যক। তাদৃশ ভঙ্গকুলীনদিগের পৈতৃক বাসস্থান নাই; কতৃকগুলি পিতার মাতুলালয়ে, কতকগুলি নিজের মাতুলালয়ে, কতকগুলি পুজ্রের মাতুলালয়ে অবস্থিতি করিয়া থাকেন; আর কতকগুলি কখন কোন আলয়ে অবস্থিতি করেন, তাহার স্থিরতা নাই। স্থুতরাং তাঁহাদের যে বাসস্থান নির্দ্দিষ্ট হইয়াছে, কোনওকোনও স্থলে, তাছার বৈলক্ষণ্য লক্ষিত ইইতে পারে। ভাঁছাদের বয়ংক্রম বিষয়ে বক্তব্য এই যে, এই বিষয় পাঁচ বৎসর পূর্ব্বে সংগৃহীত ছইয়াছিল; স্থতরাং, এক্ষণে তাঁহাদের পাঁচ বৎসর অধিক বয়স হইয়াছে, এবং হয়ত কেহ কেহ পঞ্চত্ত প্রাপ্ত হইয়াছেন। আর বিবাহসংখ্যা দৃষ্টি করিয়া, কেহ কেহ বলিতে পারেন, অধিকবয়ক্ষদিগের বিবাহের সংখ্যা যেরূপ অধিক, অম্প-বয়ক্ষদিণের সেরূপ অধিক দৃষ্ট হইতেছে না; ইহাতে বোধ হইতেছে, এক্ষণে বিবাহব্যবসায়ের অনেক হ্রাস হইয়াছে। এ বিষয়ে বক্তব্য এই যে, ঘাঁহাদের বিবাহের সংখ্যা অধিক, এক দিনে বা এক বৎসরে, তাঁহারা তত বিবাহ করেন নাই, তাঁছাদের বিবাহের সংখ্যা ক্রমে রদ্ধি প্রাপ্ত হইয়াছে, এবং অদ্যাপি রৃদ্ধি প্রাপ্ত হইতেছে। ভঙ্গকুলীনেরা জীবনের অন্তিম ক্ষণ পর্যান্ত বিবাহ করিয়া থাকেন। এই পাঁচ বৎসরে, অম্পবয়ক্ষ দলের মধ্যে অনেকের বিবাহসংখ্যা রুদ্ধিপ্রাপ্ত হইয়াছে; এবং, ক্রমে রদ্ধিপ্রাপ্ত হইয়া, অধিক বয়সে একণকার বয়োর্দ্ধ ব্যক্তিদের সমান হইবেক, সে বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। অতৃএব, উভয় পক্ষের বিবাহ-্ৰংখ্যাগত বর্ত্ত্মান বৈলক্ণ্ডেশনে, ভক্ষক্লীনদিগের বিবাহ-

ব্যবসায় আর পূর্ব্বের মত প্রবল নাই, এরপ সিদ্ধান্তকরা কোনও মতে ন্যায়ালুমোদিত হইতে পারে মা।

O

A BILL TO REGULATE THE PLURALITY OF MARRIAGES BETWEEN HINDUS IN BRITISH INDIA.

Whereas the institution of marriage among Hindus has become subject to great abuses, which are alike repugnant to the principles of Hindu Law and the feelings of the people generally; and whereas the practice of unlimited Polygamy has led to the perpetration of revolting crimes; and whereas it is expedient to make Legislative provision for the prevention of those abuses and crimes, alike at variance with sound policy, justice, and morality: It is enacted as follows:—

- I. No marriage, contracted by any male person of the Hindu religion, who has a wife alive, shall be valid, unless such person, on his remarriage, shall comply with the provisions of this act relative to remarriages.
- II. Every male person of the Hindu religion, who desires to contract a fresh marriage, while he has a wife alive, shall prepare a written application, setting forth the grounds on which he claims to be allowed to remarry, and shall present the same to the Bocal Committee or Punchayet appointed to receive such applications. Every such Local

Committee or Punchayet shall consist of persons conversant with the laws or usages of Hindus.

- III. On receipt of an application under the last preceding section, the Local Committee or Punchayet shall proceed to inquire whether there are sufficient grounds for allowing the claim therein set forth. Every such claim shall be summarily disallowed, unless one of the following grounds be alleged in the application.
- 1. That the living wife of the applicant has committed adultery.
- 2. That the living wife of the applicant is a confirmed Lunatic.
- 3. That the living wife of the applicant is afflicted with incurable Leprosy or some other such incurable and loathsome disease.
- 4. That the living wife of the applicant has been incapable of bearing male children, for a period of not less than eight years after the consummation of marriage.
- 5. That the living wife of the applicant is guilty of practices by which a Hindu becomes an outcaste.
- 6. That the living wife of the applicant is a person with whom, according to the law and usages of the Hindus, he could not lawfully contract a marriage; and that his marriage with her had been contracted in ignorance of the true state of the case, or in consequence of fraud practised upon him.
- IV. If the grounds alleged in an application relate exclusively to matters of private concernment, the Local Committee or Punchayet may require the applicant to testify to the facts on solemn affirmation and may record such testimony as sufficient prima facie evidence of the facts so

testified. Provided, that nothing in this act shall exempt any applicant, in respect to any fact so testified, from liability to prosecution in a charge of giving false evidence.

- V. If any of the grounds, stated above, be alleged in the application for permission to remarry, the Local Committee or Punchayet shall proceed to investigate the claim and shall pass an award allowing or disallowing the same.
- VI. Every such award of a Local Committee or Punchayet shall be treated as an award of arbitrators and shall be forwarded without delay to the District Court, for registration.
- VII. The District Judge, on receipt of any such award, shall issue a notice to every person concerned, allowing a stated period in which to shew cause why the award should not be registered. Provided, that such notice shall not state the grounds upon which the award is based; the party wishing to know them, may apply to the Local Committee or Punchayet for a copy of their award.
- VIII. If, within the period allowed, any of the parties concerned appear to shew cause, the District Judge shall appoint a day for hearing the objection, and after such hearing shall pass judgment rejecting or admitting such objection. Provided, that if the objection relate to some point of Hindu Law or usage or to some matter of private concernment, it shall be competent to the District Judge, without passing judgment, to refer the objection to the Local Committee or Punchayet, by whom the award was made, for further investigation and report, and proceed, on receipt of their reply, to pass judgment as aforesaid.

- IX. If the objection be admitted, the award shall be of no effect and shall not be registered.
- X. If the objection be rejected, or if no objection be made within the period stated, the award shall be duly registered.
- XI. When any such award shall be registered in the District Court, any party concerned may, at any time, obtain a copy of the same, and may put it in as sufficient prima facie evidence that the remarriage, to which it refers, is not invalid.
- XII. Any person infringing the provisions of this act shall, on conviction before a competent Court, be punished with imprisonment, with or without hard labor, for a period not exceeding five years, or a fine not exceeding five thousand Rupees, or both.
- XIII. Any person or persons, who shall knowingly aid or abet any person in infringing the provisions of this act, shall, on conviction before a competent Court, be punished with imprisonment, with or without hard labor, for a period not exceeding two years, or a fine not exceeding two thousand Rupees, or both.
- XIV. On the registration, under this act, of an award of a Local Committee or Punchayet, a fee shall be chargeable at such rate as the Local Government shall from time to time prescribe.

ক্রোড়পত্র

অতি অপপ দিন হইল, শীয়ুত ক্ষেত্রপাল স্মৃতিরত্ব, শীয়ুত নারায়ণ বেদরত্ব প্রভৃতি ত্রয়োদশ ব্যক্তির স্বাক্ষরিত বহুবিবাহবিষয়ক শাস্ত্রসমত বিচার নামে এক পত্র প্রচারিত হইয়াছে। বহুবিবাহ রহিত হওয়া উচিত কি না এতদ্বিষয়কবিচারনামক পুস্তক প্রচারিত হইবার পরে, ঐ বিচারপত্র আমার হস্তগত হয়। বহুবিবাহ শাস্ত্রসম্মত ব্যবহার, তাহা রহিত হওয়া কদাচ উচিত নহে; সর্কাসাধারণের নিকট ইহা প্রতিপন্ন করাই এই বিচারপত্রপ্রচারের উদ্দেশ্য। স্বাক্ষরকারী মহাশয়েরা স্বপক্ষসমর্থনার্থ স্মৃতি ও পুরাণের কতিপয় বচন প্রমাণরূপে উদ্ধৃত করিয়াছেন। তমধ্যে প্রথম ও দ্বিতীয় প্রমাণ এই;—

১। একামূঢ়া তু কামার্থমন্যাং বোচুং য ইচ্ছতি। সমর্থস্তোষয়িত্বার্থিঃ পূর্ম্বোঢ়ামপরাং বছেৎ॥

মদনপারিজাভধৃতস্মৃতিঃ।

যে ব্যক্তি এক স্ত্রী বিবাহ করিয়া রতিকামনায় অন্থ স্ত্রী বিবাহ করিতে ইচ্ছা করেন তিনি সমর্থ হইলে পূর্ব্বপরিণীতাকে অর্থ দারা তুষ্টা করিয়া অপর স্ত্রী বিবাহ করিবেন।

২। একৈব ভাষ্যা স্থীকাষ্যা ধর্মকর্ম্মোপযোগিনা। প্রার্থনে চাতিরাগে চ গ্রাহ্থানেকা অপি দিজ॥

স্বতন্ত্রগাহস্থাধর্মপ্রস্তাবে ত্রন্ধাণ্ডপুরাণম্। ধর্মকর্মোপযোগী ব্যক্তিদিশের এক ভার্মা স্বীকার করা কর্তব্য, ' কিন্তু উপয়াচিত হইয়া কেহ কন্যা প্রদানেচ্ছু হইলে অথবা রতিবিষয়ক সাতিশন্ধ অনুরাগ থাকিলে তঁ। হারা অনেক ভার্যাও গ্রহণ করিবেন (১)।

এই তুই প্রমাণদর্শনে, অনেকের অন্তঃকরণে, বহুবিবাহ শাস্ত্রানুগত ব্যাপার বলিয়া প্রতীতি জমিতে পরে, এজন্য এতদ্বিষয়ে কিছু বলা আবশ্যক হইতেছে। বহুবিবাহ রহিত হওয়া উচিত কি না এতদ্বিষয়ক বিচার পুস্তকে, দর্শিত হইয়াছে, (২) শাস্ত্রকারেরা বিবাহবিষয়ে চারি বিধি দিয়াছেন, সেই চারি বিধি অনুসারে, বিবাহ ত্রিবিধ নিতা, নৈমিত্তিক, কাম্য। প্রথম বিধির অনুযায়ী বিবাহ নিত্য বিবাহ; এই বিবাহ না করিলে, মনুষ্য গৃহস্থাশ্রমে অধিকারী হইতে পারে না। দ্বিতীয় বিধির অনুষায়ী বিবাহও নিত্য বিবাহ; তাহা না করিলে, আশ্রমজংশনিবন্ধন পাতকগ্রস্ত হইতে হয়। তৃতীয় বিধির অনুযায়ী বিবাহ নৈমিত্তিক বিবাহ; কারণ, তাহা স্ত্রীর বন্ধ্যাত্ম চিররোগিত্ম প্রভৃতি নিমিত্ত বশতঃ করিতে হয়। চতুর্থ বিধির অনুযায়ী বিবাহ কাম্য বিবাহ। এই বিবাহ, নিতা ও নৈমিত্তিক বিবাহের ভারে, व्यवभाकर्त्तवा नरह, उंहा शूकरमत मल्यूर्ग हेक्हाधीन, वर्षाए हेक्हा हरेल তাদৃশ বিবাহ করিতে পারে, এইমাত্র। পুত্রলাভ ও ধর্মকার্য্যসাধন গৃহস্থাপ্রামের উদ্দেশ্য। দারপরিএই ব্যতিরেকে এ উভয় সম্পন্ন হয় না; এই নিমিত্ত, প্রথম বিধিতে দারপরিগ্রহ গৃহস্থাপ্রমপ্রবেশের हातस्त्रक्ष ७ गृहस्थान्यममाधात्मत व्यथितहार्या उथातस्त्रक्षे निर्मिष হইরাছে। গৃহস্থাপ্রমসম্পাদনকালে জ্রীবিয়োগ ঘটিলে, যদি পুনরায়

⁽১) শ্বৃতিরত্ন, বেদরত্ব প্রভৃতি মহাশয়ের। যেরপ পাঠ ধরিয়াছেন ও মেরপ ব্যাখ্যা করিয়াছেন তাহাই পরিগৃহীত স্ইল। আমার বিবেচনায় শ্বিতীয় প্রমাণের প্রথমার্ছে পাঠের ব্যতিক্রম হইয়াছে, স্বৃত্রাং ব্যাখ্যারও বৈলক্ষণ্য ঘটিয়াছে। বোধ হয়, প্রকৃত পাঠ এই;—

अटिकर ভार्या। श्वीकार्या। धर्मकर्त्माशाशिनी । धर्मकर्त्मत उशासिनी अक जीवा विवाह कहा कर्डना ।

⁽२) ६ मुर्च इंदेरज अभू ने गी हा अर्थ ।

বিবাছ না করে, তবে সেই দারবিরহিত ব্যক্তি আশ্রমন্তংশনিবন্ধন পাতকএন্ত হয়; এজন্য, ঐ অবস্থায় গৃহস্থ ব্যক্তির পক্ষে পুনরায় দারপরিপ্রহের অবশ্যকর্তব্যতাবোধনার্থে, শাস্ত্রকারেরা দ্বিতীয় বিধি প্রদান করিয়াছেন। স্ত্রীর বন্ধ্যাত্ব চিররোগিত্ব প্রভৃতি দোষ ঘটিলে, পুত্রলাভ ও ধর্মকার্য্যাধনের ব্যাঘাত ঘটে; এজন্ত, শাস্ত্রকারেরা তাদৃশ স্থলে স্ত্রীসত্ত্বে পুনরায় বিবাহ করিবার তৃতীয় বিধি দিয়াছেন। গৃহস্থাশ্রমসমাধানার্থ শাস্ত্রোক্তবিধানান্ত্রসারে সবর্ণাপরিণয়ান্তে, যদি কোনও উৎকৃষ্ট বর্ণ যদৃচ্ছাক্রমে বিবাহে প্রয়ন্ত হয়, তাহার পক্ষে অসবর্ণাবিবাহে অধিকারবোধনার্থ শাস্ত্রকারেরা চতুর্থ বিধি প্রদর্শন করিয়াছেন; এবং এই বিধি দ্বারা, তাদৃশ ব্যক্তির তথারিধ স্থলে সবর্ণাবিবাহ একবারে নিষিদ্ধ হইয়াছে।

শ্বৃতিরত্ব, বেদরত্ব প্রভৃতি মহাশয়দিগের অবলম্বিত প্রথম ও দিতীয় প্রমাণে যে বিবাহের বিধি পাওয়া যাইতেছে, তাহা কাম্যবিবাহ; কারণ, প্রথম প্রমাণে, "যে ব্যক্তি এক স্ত্রী বিবাহ করিয়া রতিকামনায় অন্থ্য স্ত্রী বিবাহ করিতে ইক্সা করেন", এবং দিতীয় প্রমাণে, "রতিবিষয়ক সাতিশয় অনুরাগ থাকিলে তাঁহারা অনেক ভার্য্যাও গ্রহণ করিবেন", এইরূপে কাম্য বিবাহের স্পষ্ট প্রিচয়, প্রদত্ত হইয়াছে। রতিকামনা ও রতিবিষয়ক সাতিশয় অনুরাগবশতঃ যে বিবাহ করা হইবেক, তাহা কাম্য বিবাহ ব্যতিরিক্ত নামান্তর দ্বারা উল্লিখিত হইতে পারে না। মনু কাম্যবিবাহস্থলে অসবর্ণাবিবাহের বিধি: দিয়াছেন, এবং সেই বিধি দ্বারা তথাবিধ স্থলে সবর্ণাবিবাহ একবারে নিষিদ্ধ হইয়াছে। স্ক্তরাং স্মৃতিরত্ব, বেদরত্ব প্রভৃতি মহাশয়দিগের অবলম্বিত প্রথম ও দ্বিতীয় প্রমাণ দ্বারা ইহাই প্রতিপন্ধ হইতেছে, যে ব্যক্তি, সবর্ণাবিবাহ করিয়া, রতিকামনায় পুনরায় বিবাহ করিতে উন্তত্ত হয়, সে অসবর্ণা বিবাই করিতে পারে, নতুবা, বদ্দছাক্রমে বিবাহপ্রত ব্যক্তি, রতিকামনা পূর্ণ করিবার

নিমিন্ত, পূর্ব্বপরিণীতা দজাতীয়া স্ত্রীর জীবদ্দশায়, পুনরায় দজাতীয়া বিবাহ করিবেক, ইহা কোনও ক্রমে প্রতিপন্ন হইতে পারে না। মদনপারিজাতধৃত স্মৃতিবাক্যে ও ব্রহ্মাণ্ডপুরাণবচনে দামান্যাকারে কাম্যবিবাহের বিধি আছে, তাদৃশবিবাহাকাজ্জী ব্যক্তি দ্বর্ণা বা অসবর্ণা বিবাহ করিবেক, তাহার কোনও নির্দেশ নাই। মনু কাম্যবিবাহের বিধি দিয়াছেন, এবং তাদৃশবিবাহাকাজ্জী ব্যক্তি অসবর্ণা বিবাহ করিবেক, স্পাইটাকরে নির্দেশ করিয়াছেন। এমন স্থলে, মনুবাক্যের সহিত একবাক্যতা সম্পাদন করিয়া, উল্লিখিত স্মৃতিবাক্য ও পুরাণবাক্যকে অসবর্ণাবিবাহবিষয়ক বলিয়া ব্যবস্থা করাই প্রক্রত শাস্ত্রার্থ, সে বিষয়ে কোনও অংশে কিছুমাত্র সংশয় বা আপত্তি হইতে পারে না। অভএব, ঐ ত্রই প্রমাণ অবলম্বন করিয়া, যদৃচ্ছাপ্রবৃত্ত বহুবিবাহকাণ্ড শাস্ত্রসম্মত ব্যবহার, ইহা প্রতিপন্ন করিতে চেন্টা করা নিতান্ত নিম্বল প্রয়াসমাত্র।

শৃতিরত্ব, বেদরত্ব প্রভৃতি মহাশায়দিগের অবলম্বিত তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অন্তম, নবম ও দশম প্রমাণ অসবর্ণাবিবাহবিষয়ক বচন। অসবর্ণা বিবাহব্যবহার কলিয়ুগে রহিত হইয়াছে; স্কুর্তরাং, এ স্থলে, তদ্বিষয়ে কিছু বলিবার প্রয়োজন নাই। তাঁহাদের অবলম্বিত অবশিষ্ট প্রমাণে এক ব্যক্তির অনেক স্ত্রী বিদ্যমান থাকার উল্লেখ আছে; কিছু তদ্বারা যদৃচ্চাপ্রয়ন্ত বহুবিবাহকাও শাস্ত্রসম্মত বলিয়া প্রতিপন্ন হইতে পারে না। ঐ সকল প্রমাণ সর্বাংশে পরম্পার এত অনুরূপ যে একটি প্রদর্শিত হইলেই, সকলগুলি প্রদর্শিত করা হইবেক; এজন্য, এস্থলে তম্বাধ্যে একটি প্রমাণ উদ্ধত হইতেছে;—

৭। সর্বাসামেকপত্নীনামেকা চেৎ পুল্রিনী ভবেৎ।
 সর্বাস্তাত্ত্বন পুল্রেণ প্রাহ্ন পুল্রবর্তীর্মান্তঃ॥ মন্ত্রঃ
 শ্রুজাতীয়া বছ জ্রীর মধ্যে যদি একটি জ্রী পুল্রবর্তী হয়; তবে সেই
পুল্র দ্বারা সকল জ্রীকেই মনু প্রক্রবর্তী কহিয়াছেন।

এই মনুবচনে অথবা এতদনুরূপ অন্তান্ত মুনিবচনে এরূপ কিছুই নির্দ্দিষ্ট নাই যে তদ্ধারা শাস্ত্রোক্ত নিমিত্ত ব্যতিরেকে লোকের ইচ্ছাধীন বহুভার্য্যাবিবাছ প্রতিপন্ন ছইতে পারে। উল্লিখিত বচনসমূহে যে বহুভার্য্যাবিবাছের পরিচয় পাওয়া ষাইতেছে, ভাহা অধিবেদনের নির্দ্দিউ নিমিত্তনিবন্ধন, তাছার সন্দেহ নাই (৩)। ফলকথা এই, যখন শাস্ত্রকারেরা কাম্যবিবাহস্থলে কেবল অসবর্ণাবিবাহের বিধি দিয়াছেন, যখন ও বিধি দ্বারা, পূর্বপরিণীতা জ্রীর জীবদ্দশায়, যদুচ্ছাক্রমে সবর্ণাবিবাছ সর্বতোভাবে নিষিদ্ধ হইয়াছে, যখন উল্লিখিত বছবিবাছসকল অধিবেদনের নির্দিট নিমিত্ত বশতঃ ঘটা সম্পূর্ণ সম্ভব হইতেছে, ওখন যদুক্তাক্রমে যত ইচ্ছা বিবাহ করা শাস্ত্রকার-দিগের অনুমোদিত কার্য্য, ইছা কোনও মতে প্রতিপন্ন ছইতে পারে বস্তুতঃ, যদুচ্ছাপ্রয়ন্ত বহুবিবাহকাও শাস্ত্রানুগত ব্যবহার নহে। আর, তাদৃশ বহুবিবাহকাও ফ্রায়ানুগত ব্যবহার কি না, সে বিষয়ে কিছু বলা নিভাস্ত নিস্পায়োজন। বহুবিবাহ যে অডি-জঘন্তা, অতিনুশংস ব্যবহার, কোনও মতে স্তায়ানুগত নহে, তাহা, যাঁহাদের সামান্তরূপ বুদ্ধি ও বিবেচনা আছে, তাঁহারাও অনায়াসে বুঝিতে পারেন। ফলতঃ, যে মহাপুরুষেরা স্বয়ং বহুবিবাহপাপে লিপ্ত. তন্ত্যতিরিক্ত অন্ত কোনও ব্যক্তি বহুবিবাহব্যবহারের রক্ষাবিষয়ে চেন্টা করিতে পারেন, অথবা অন্ত কেছ বহুবিবাছপ্রথা নিবারণের উল্লোগ করিলে, ছঃখিত হইতে পারেন, কিংবা তাহানিবারিত হইলে, লোকের ধর্মলোপ বা দেশের সর্বনাশ হইল মনে ভাৰিতে পারেন, এত দিন আমার সেরূপ বোধ ছিল না। বলিতে কি, স্মুরিরত্ন, বেদরত্ন প্রভৃতি ম্হাশয়দিশের অধ্যবসায় দর্শনে, আমি বিস্মাপন্ন হইয়াছি।

⁽৩) বছবিবাহ রহিত হওয়া উচিত কি না এত দিমমক বিচার পুত্তকের ১০পুঠ অবধি ১৪পুঠ পর্যান্ত দেখ।

বিবাহ নিবারণের চেন্টা হইতেছে দেখিয়া, তাঁহারা সাতিশন্ন ছঃখিত ও বিলক্ষণ কুপিত হইয়াছেন, এবং ধর্মারক্ষিণীসভার অধ্যক্ষেরা এ বিষয়ে চেন্টা করিতেছেন বলিয়া, তাঁহাদের প্রতি স্বেচ্ছাচারী, শাস্ত্রানভিজ্ঞ, কুটিলমতি, অপরিণামদর্শী প্রভৃতি কটুক্তি প্রয়োগ করিয়াছেন। আমার বোধে, এই ভাবে এই বিচারপত্র প্রচার করা স্মৃতিরত্ব, বেদরত্ব প্রভৃতি মহাশয়দিগের পক্ষে স্থবোধের কার্য্য হয় নাই।

অনেকের মুখে শুনিতে পাই, তাঁছারা কলিকাতান্থ রাজকীয় সংস্কৃতবিস্তালয়ের ব্যাকরণশান্ত্রের অধ্যাপক শ্রীযুত তারানাথ তর্ক-বাচম্পতি ভটাচার্য্য মহাশয়ের পরামর্শে, সহায়তায় ও উত্তেজনায় বহুবিবাছবিষয়ক শাস্ত্রসমত বিচারপত্র প্রচার করিয়াছেন। কিন্তু সহসা এ বিষয়ে বিশ্বাস করিতে প্রবৃত্তি হইতেছে না। তর্কবাচম্পতি মহাশয় এত অনভিজ্ঞ নহেন যে, এরূপ অসমীচীন আচরণে দৃষিত হইবেন। পাঁচ বৎসর পূর্ব্বে, যখন বহুবিবাছনিবারণপ্রার্থনায়, রাজদ্বারে আবেদনকরা হয়; সে সময়ে তিনি এ বিষয়ে বিলক্ষণ অনুরাগী ছিলেন, এবং স্বতঃপ্রবৃত্ত হইয়া, নিরতিশয় আগ্রহ ও উৎসাহ সহকারে, আবেদনপত্রে নাম স্বাক্ষর করিয়াছেন। এক্ষণে তিনিই আবার, বহুবিবাছ-রক্ষাপক্ষ অবলম্বন করিয়া, এই লজ্জাকর, মৃণাকর, অনর্থকর, অধর্মকর ব্যবহারকে শাস্ত্রসমত বলিয়া প্রতিপন্ন করিতে প্রয়াস পাইবেন, ইহা সম্ভব বোধ হয় না।

এইশ্রচন্দ্র শর্মা।

কাশীপুর। ২৪এ খারণ। সংবৎ ১৯২৮।